

কারা জান্লাতী কুমারীদের ভালোবাসে

ড. আবুল্লাহ আয়যাম রহ,

অনুবাদ: মাওলানা আবুল হাসান

সম্পাদনা: মুহাম্মাদ হেদায়াতুল্লাহ আশরাকী

প্রকাশক:

হাবীবুর রহমান হাবীব আর-রিহাব পাবলিকেশল বিজ্ঞ ধকাননার নতুন জাদিনা) ইসলামী টাওয়ার, ২য় জলা, দোকান নং-৪১, ১১/১ বাংলাবাজার, ঢাকা-১১০০

প্ৰথম প্ৰকাশ:

অক্টোবর- ২০১৭ইং

অনুলাইন পরিবেশক:

amaderboi.com

01954-014720

সর্বসম্ভঃ

অকাশক কর্তৃক সংরক্ষিত

ৰণবিন্যাদ:

সূর্যের হাত্রি কম্পিউটার্স

স্ল্য : ৩২০ (তিনশত বিশ) টাকা মাত্র

KARA JANNATI KUMARIDER VALOBASHE PUB: AR-RIHAB PUBLIKESHONS. Price: 320.00 TK.

সৃ।চি।প।অ

ভূমিকা	22
জানাতী হুর কী?	34
চ্র কাকে বলে?	১৬
ष्वतन्त्र ञ्जन्	59
চ্রগদের বয়স	20
হুরের শাব্দিক অর্থ	22
হর সম্পর্কে কুরআন কী বলে	২৩
হ্রদের সৌন্র্যের বর্ণনা	30
অবনত দৃষ্টি সম্পন্না	২৯
তাদের সৌন্দর্য প্রতিনিয়ত বৃদ্ধি পেতে থাকবে	30
হ্রদের অকল্পনীয় রূপের বাহার	CO
তারা সর্বদাই তাবু আবদ্ধ থাকবে	48
স্থ্যদের পবিত্রতার অর্থ	
কুমারিতৃও পবিত্রতারই অংশ	88
সমবয়স্কা কুমারী নারীগণ	00
স্বামীদের জন্য প্রাণ উৎসর্গকারিণী হর	44
জান্লাতী সতীসাধ্বী রমণী	43
স্বামীদের জন্য হ্রদের ভালবাসা	æ ৬
জান্নাতী হুর কিসের তৈরী	46
মুসলমানদের প্রতি হুরদের চাহিদা	
জান্লাতীদের জন্য হরদের দো'আ	92
হরদের পক্ষ হতে বিয়ের প্রস্তাব	92
হুরগণের ইস্তিকবাল (রিসিপশন)	90
শাক্ষাতের জন্য হ্রগণের স্পৃহা	90
হরদের সাথে সাক্ষাতের প্রত্যাশা	98
হরদের সাথে সাক্ষাতের প্রত্যাশা হরের তাসবীহ	98
হরে লোবা	98

কারা জান্লাতী কুমারীদের ভালোবাসে 🗅 ৮

ভ্র প্রাপ্তির সন্ধানে	90
হ্যরত সুফিয়ান সাওরী রহ	
হ্র পাওয়া যাবে যেসব স্থামলে	
বিশেষ কিছু অধিফার পুরষ্কার	
ছ্র পেতে হলে	
জান্নাতীদের জন্য হ্রদের সংখ্যা	
বাহান্তরজন স্ত্রী	
জাহান্নামীদের স্ত্রীরাও জান্লাতীদের ভাগে	
এক আদনা জান্নাতীর দ্রীর সংখ্যা	
সাড়ে বারো হাজার স্ত্রী	
দুনিয়ার নারী জাল্লাতে	
জান্নাতীর স্ত্রীগণ	
জান্নাতী রমণীদের সৌন্দর্য	bb
হ্রের মোহরানা	
হ্রদের সাথে সহবাস	
গৰ্ভ গৰ্ভপাভ	
হ্রদের সাথে রাস্বুল্লাহ সাএর সাক্ষাত	
ছ্রগণের সঙ্গীত	
ভান্নাতী রমণীরা দুনিয়ার শামীদেরকে দেখে ফেলবে	66
দুনিয়ার স্বামী-স্ত্রী জাল্লাতেও স্বামী-স্ত্রী থাকবে	207
ভান্নতে দ্রীর সংখ্যা	207
হ্বদের সুরেলা কণ্ঠের গান	Nob.
বে সকল শহীদ ও আরেফের সামে জান্লাতী	
ভ্রগণ প্রেম্ নিবেদন করেছিল	550
মার্থিয়া! ভূমি কোথায়?	130
আয়না তৃষি কোখায়?	156
হরের আঙ্গুলের পাঁচটি চিহ্ন তার বাহুতে চমকাচ্ছিল	175
জান্লাতী হরের হাতে শরবত পান	211
অতিল পথের যাত্রী হে শহীদান আবু হামজা ও আবু উছ্মান	140
न न न न न न न न न न न न न न न न न न न	340

কারা জান্নাতী কুমারীদের ভালোবাসে 🕮 🌢

দুই শহীদানকে অভিনন্দন	১২৮
বিদায় বন্ধু ইয়াহইয়া	
শহীদ ইয়াহইয়ার সর্বশেষ পত্র	
মর্যাদার মহাসড়ক	७३
শহীদ আব্দুল ওয়াহহাব	
শহীদ আব্দুল ওয়াহহাবের ওছিয়ত	পত
শরীয়ত-নির্দেশিত ওছিয়ত	80
মায়ের কাছে লেখা পত্র	80
শহীদ আবুস সামাদ	১৪২
বাবার কাছে লেখা পত্র	
আফগানিস্তানে মিসরীয় বীরযোদ্ধা (শহীদ হামদী আল-বান্না)	88
পরিবারের কাছে লেখা ভার পত্র	86
শহীদ হামদীর ওছিয়ত	86
আফগানিস্তানের মাটিতে তিউনিসিয়ার প্রথম শহীদ	480
আৰু আকাৰা	68 ¢
শহীদ আবু আকাবার ওছিয়ত	000
স্ত্রীকে লেখা তার মর্মস্পর্শী পত্র	636
আবু আকাবার বাবার সাক্ষাৎকার	১৫৩
শহীদ আৰু আছেম মুহামাদ উছমান	১৫৬
তার শোকে কাতর সবাই	১৬০
শহীদ আৰু আব্ৰুপ হক	८७८
শহীদ আনাস ভুৰ্কী:	
শহীদ আব্দুর রহমান	
শহীদ আহমাদ তিউনিসী	
শহীদ আব্দুল জাকার	
শহীদ আহমাদ আয-যাহরানীর পিতার পক্ষ হতে	
ডক্টর আব্দুল্লাহ আয্যামের প্রতি	390
শহীদ আহ্মাদের স্মরণে আমীরের স্মৃতিচারণমূলক পত্র	
শহীদের পরিবারের প্রতি প্রেরিড চিঠি	
A see that the state of a second seco	

কারা জান্লাতী কুমারীদের ভালোবাসে 🕮 ১০

পরিবারের উদ্দেশ্যে আহ্মাদের একটি চিঠি১৮৯
উত্তর পত্র১৯৩
শহীদ পরিবারের উদ্দেশ্যে আমীরের পত্র১৯৪
শহীদ মান্ছুর১৯৯
শহীদ আবু জাফর শামী২০০
রণাঙ্গনে আবু জাফর ও তার ভাই২০১
জীবনের শেষ যুদ্ধ২০১
শাহাদাত২০২
রক্তভেক্সা অছিয়ত২০৩
আসাদৃল্লাহর পক্ষ হতে শহীদ ভাইয়ের আত্মার উদ্দেশ্যে২০৪
শহীদ আৰু জাফরের ন্ত্রীর পত্র২০৬
বর্তমান যুব সমাজ২০৮
শহীদ মুহাম্মাদ ফাব্লক২০৯
বিশ্ময়কর এক কাকেলা২১১
শহীদ মার্যুকের স্তি২১২
শহীদ আবুল হারিছ ইয়েমেনী২১৪
শহীদ আৰু জিহাদ২১৫
মসজিদে শহীদের এক শহীদ ১১৫
সাদা' এর মসজিদটি বাস্তবেই শহীদানের মসজিদ২১৬
ভূখারের পথে
শহীদের অছিয়তনামা২১৭
শহীদ আৰু মুহামাদ ইয়ামানী২১৮

ভূমিকা

সমস্ত প্রশংসা মহান আল্লাহর এবং সর্বোত্তম সালাত ও সালাম সায়িাদুশ কায়েনাত মুহাম্মাদুর রাস্লুল্লাহ এর উপর। যিনি বলেছেন-

مَا تَرَكْتُ بَعْدِي فِي النَّاسِ فِتُنَةً أَضَرَّ عَلَى الرِّ جَالِ مِنَ النِّسَاءِ.

অর্থঃ আমার পর পুরুষ জাতির জন্য নারী জাতির ফিতনা হতে অধিক ক্ষতিকর কিছু অবশিষ্ট থাকছে না। সুনানে তির্মিয়ী, হাদীস নং- ২৭৮০। আল্লাহ সুবহানান্ত ওয়া তায়ালা বলেন-

زُيِّنَ لِلنَّاسِ حُبُّ الشَّهَوَاتِ مِنَ النِّسَاءِ وَالْبَنِينَ وَالْقَنَاطِيرِ الْمُقَنَطَرَةِ مِنَ الذَّهَ وَالْفِظَّةِ وَالْحَيْلِ الْمُسَوَّمَةِ وَالْأَنْعَامِ وَالْحَرْثِ " ذَٰلِكَ مَتَاعُ الْحَيَاةِ الدُّنْيَا "وَاللَّهُ عِندَهُ حُسُنُ الْبَلْبِ.

অর্থঃ মানুষের জন্য শোভনীয় করা হয়েছে নারী, সম্ভান, পৃঞ্জিভ্ত সোনা-রোপা, দৃষ্টি আকর্ষণকারী ঘোড়া, চতুস্পদ জন্ত, ক্ষেত খামার ইত্যাদি লোভনীয় বস্তু সমূহকে। এসব তো দুনিয়ার জীবনের বন্ধ সময়ের ভোগ সামগ্রীমাত্র আর আল্লাহর নিকটই রয়েছে উত্তম প্রতিদান। সুরা আল ইমরান-১৪]

রাসুপুল্লাহ (সাঃ) বলেন-

النَّطُرَةُ سَهُمْ مِنْ سِهَامِ إِبُلِيسَ مَسْمُومَةٌ فَمَنْ تَرَكَهَا مِنْ خَوْفِ اللَّهِ أَثَابَهُ جَلَّ وَعَزَّ إِيمَانَا يَجِدُ حَلَاوَتَهُ فِي قُلْبِهِ.

অর্থঃ অবৈধ দৃষ্টি শয়তানের তীর সমূহের মধ্য হতে একটি তীর। যে আল্লাহর ডয়ে তা পরিত্যাগ করে আল্লাহ তাকে এমন ঈমান দান করবেন যার স্বাদ তার অস্তর পর্যন্ত পৌছে যাবে। (মুসতাদারাকে হাকিম হাদীস দং- ৭৮৭৫।

পুরুষের জন্য নারী একটি অতি পুরনো সমস্যা বর্তমানে বিভিন্নভাবে নারী জাতিকে বেহায়া ও অশ্লীলতার প্রতি উৎসাহ প্রদান এবং উদ্দেশ্য সিদ্ধির সকল

কারা জান্লাতী কুমারীদের ভালোবাসে 🕮 ১২

উপায় খুলে দেওয়ার ফলে সে সমস্যা এমনই ভয়াবহ আকার ধারণ করেছে যে চরিত্রকে পুত পবিত্র রাখার কল্পনাটাও দূরহ হয়ে উঠেছে। ভোগবাদী দর্শনে বিশ্বাসীরা এ অবস্থাতে সুখে দিনপাত করলেও পরকালে বিশ্বাসী আল্লাহ জীক যুবকদের এই অশ্রীলভার সয়লাব হতে নিজেকে বাঁচিয়ে রাখার জন্য কঠিন সংগ্রামে লিপ্ত হতে হচ্ছে। আল্লাহর কাছেই অভিযোগ এবং ভারই নিকট সাহায্য প্রার্থনা করি।

আমরা মনে করি কোরজান ও সুন্নাহতে জান্নাতী মেয়েদের যেসব কাহিনী বর্ণিত হয়েছে তা পৃথ্পানুপৃথ্পভাবে বর্ণনা করার মাধ্যমে মুসলিম যুবকদের এই ভয়াবহ ফিতনা হতে রক্ষা করা সম্ব । বাতে তারা জানতে পারে দুনিয়ার এ জীবন এবং তার সব ভোগবিলাসই লয়শীল এবং জান্নাতের অন্য সমস্ত নিয়ামতের সাথে সাথে সেখানকার স্ত্রী ও তাদের সহিত মিলিত হওয়ার আনন্দটাও দুনিয়ার তুলনার বহুওনে তৃত্তিদারক ও পরিপূর্ণ । এর ফলে হয়ত তারা জান্নাতের নারীদের পাওয়ার জন্য উদয়ীব হবে এবং দুনিয়াতে সকল প্রকার হারাম উপতোগ হতে বেছে থাকবে । সামনের কয়েকটি পৃষ্ঠাতে আমি জান্নাতী মেয়েদের সৌন্দর্য ও অন্যান্য বিষয় সংশ্লিষ্ট বেচে নেওয়া কয়েকটি আয়াত ও হাদীস লিপিবজ করার ইচহা রাখি । আল্লাহই তাওফীকদাতা এবং তার কাছেই সাহায্য প্রার্থনা করি । আল্লাহ যেন এই লেখাটি হারা আমাকে এবং সমস্ক মুসলিমদের উপকৃত করেন । শয়তানের তীর বেন লক্ষ্মন্ট হয় । জান্নাতের ভ্রদের সাথে সৃষময় মিলন থেকে যেন জামরা বঞ্জিত না হই । (আমীন)

বিঃ দ্রঃ আমি পুস্তকটিতে মূলত কোরআনের ভাফসীর এবং সহাঁহ হাদীসের উপর নির্ভর করেছি, কখনও কখনও দুর্বল হাদীসে উল্লেখ করেলে সেটার দুর্বলতা উল্লেখ করেছি। উল্লেখ যে, প্রতিটি দুর্বল হাদীসের মূলভাব তার পূর্বে বা পরে উল্লেখিত আয়াতের তাফসীর ও সহাঁহ হাদীসের সাথে সামর্থপূর্ণ এবং আলেমগণ এ সকল বর্ণনা অনুযায়ী হরদের শারিরীক ও অন্যান্য বিষয়ের বর্ণনা দিয়েছেন বিশেষ করে ইবনে আল কায়্যিম তার কাসীদার ভিতর জাল্লাতী পুরুষ ও নারীদের যে বর্ণনা দিয়েছেন তার সবই এই সমন্ত হাদীস হতেই গৃহীত। প্রকৃত কথা এই যে এখানে যা কিছু বর্ণনা করা হয়েছে জাল্লাতে যে তার তের বেশি আছে যে বিষয়ে সন্দেহের অবকাশ নাই।

কারণ আল্লাহর রাস্ল (সাঃ) বলেন আল্লাহ সুবহানাহ ওয়া তায়ালা বলেছেন-

কারা জান্নাতী কুমারীদের ভালোবাসে 🛈 ১৩

্রকান্ত। তিন্তু কর্মন কর্মন বাদ্যাদের জন্য প্রস্তুত রেখেছি এমন জিনিষ যা কোন চোষ কর্মনও দেখেনি এবং কোন কান ক্ষমণও শোনেনি আর কোনও অন্তর ক্ষমণও কর্মনাও করেনি।

আসলে এই পুস্তকে যা কিছু লিপিবদ্ধ করেছি তার সবটুকুই আমাদের কল্পনার ভিতরে সূতরাং জান্লাতে সবটুকুই পাওয়া যাবে এতে কোন সন্দেহ নেই। আল্লাহ সুবহানাস্থ ওয়া তায়ালা বলেন-

فَلَا تَعْلَمُ نَفْسٌ مَّا أُخْفِي لَهُم مِن قُرَّةِ أَعْيُنٍ جَزَاءٌ بِمَا كَانُوا يَعْمَلُونَ.

অর্থঃ কোন মানুষ জানেই না আমি তাদের আমলের বিনিময়ে তাদের জন্য চোখ জ্ড়ানো কি বস্ত লুকায়িত রেখেছি। সূরা সাজনাহ- ১৭ট আপ্লাহর রাসুল (সাঃ) বলেন-

بله ما أطلعتم عليه.

জান্নাত সম্পর্কে তোমাদের যতটুকু জানানো হরেছে তা হেড়ে দাও অর্থ্যাৎ জান্নাত সম্পর্কে তোমাদের যা জানানো হয়েছে তা খুবই কম। প্রকৃতপক্ষে জান্নাতে তার তুলনায় অনেক বেশি আছে। (বুখারী)

عَنْ أَنِ هُوَيُولَةَ وَضِىَ اللهُ عَنْهُ قَالَ قَالَ وَسُولُ اللهُ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّم إِنْ ادَنَى مَقْعَدِ أَحَدِيكُمْ مِنَ الْجَنَّةِ أَنْ يَقُولُ لَهُ تَنَنَّ. فَيَتَمَثَّى وَيَتَمَثَّى فَيَغُولُ لَهُ هَلُ تَمَنَّيْتُ فَيَغُولُ نَعَمْ. فَيَغُولُ لَهُ فَإِنَّ لَكَ مَا تَمَنَّيْتُ وَمِثْلَهُ مَعَهُ.

আবু হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত আল্লাহর রাসৃল (সাঃ) বলেন, সর্বনিমু স্তরের জান্লাতি সেই ব্যক্তি যাকে আল্লাহ বলবেন তুমি চাও ফলে সে চাইতে থাকবে আল্লাহ তাকে বলবেন তোমার চাওয়া কি শেষ? সে বলবে হাঁা আল্লাহ তাকে বলবেন তোমার জন্য তুমি যা চেয়েছ তার ছিণ্ডন দেওয়া হল। মুসলিমঃ হাদীস নং- ১৮২

কারা জান্লাতী কুমারীদের ভালোবাসে 🕮 ১৪

মুসলিম শরীক্ষের অন্য বর্ণনায় এসেছে, আল্লাহ একজন জান্নাতীকে বলবেন তুমি চাও ফলে সে চাইতে থাকবে যখন তার সমস্ত চাওয়া শেষ হয়ে যাবে আল্লাহ তাকে স্মরণ করিয়ে দিয়ে বলবেন-

سَلْ كَذَا وَكَذَا. فَإِذَا الْقَطَعَتُ بِهِ الْأَمَانِيُّ. قَالَ اللهُ هُوَلَكَ وَعَشَرَةُ أَمْثَالِهِ.

এটা চাও ওটা চাও যখন শ্মরণ করিয়ে দেওয়ার মত বস্তুও ফুরিরে যাবে তখন আল্লাহ সুবহানাহ ওয়া তায়ালা বলবেন তুমি যা কিছু চেয়েছ তোমাকে তা দেওয়া হল এবং তার দশগুন দেওয়া হল । সিহীহ মুসলিম, হাদীস নং- ১৮৮) আল্লাহ তায়ালা বলেন-

لَهُم مَّا يَشَاءُونَ فِيهَا وَلَكَ يُنَا مَزِيلٌ.

অর্থ: জান্নাতে তাদের জন্য থাকবে তারা যা চায় এবং আমার নিকট রয়েছে অতিরিক্ত। [সুরা কৃক্ত- ৩৫]

অর্থ্যাৎ তারা যা চাইবে আমি তার চেয়েও অধিক দেব।

সুবহানাল্লাহ। অতএব তুমি নিশ্চিম্ভে থাক আল্লাহ যদি তোমাকে জান্নাতী করেন তবে যা কিছু বলা হয়েছে তুমি তার পুরো অংশই প্রাপ্ত হবে। বরং তার চেয়ে তের বেশি পাবে। এ কারণে জান্নাতের বর্ণনায় হাদীসের সনদ দুর্বল হলেও অধিকাংশ ক্ষেত্রেই মূলভাব গ্রহণযোগ্য হয়। আল্লাহই সমস্ত প্রশংসার অধিকারী। আল্লাহ আমাদের প্রত্যেকের ভাগ্য সুপ্রসন্ন করুন। আমিন।

জান্নাতী হর কী?

মহান রাক্স আশামীন জান্নাতকে অপরংগ সাজে সুসজ্জিত করেছেন। সেখানে বসবাস করবে মহান আল্লাহর অতি প্রিয় নেককার বান্দাগন। তারা জান্নাতে তাদের মুমিন খ্রীদেরও পাবে। তাদের ইহজীবনের সদাচার ও নেক আমলের পুরকার স্বরূপ আরো পাবে মহান আল্লাহর এক স্বতন্ত্র সৃষ্টি, কল্পনার অতীত নৈসর্থিক রূপ ও ওণের অধিকারী ডাগর নয়না চির্যৌবনা স্বর্গায় অন্ধরী। যাদেরকে মহান আল্লাহ জান্নাতেই সৃষ্টি করেছেন। কুরআন ও হাদীসে যাদেরকে 'ছর' বলে অভিহিত করা হয়েছে। মহান আল্লাহর অপরুপ সৃষ্টি এছর জান্নাতে নেককার বান্দাগণের স্ত্রী হিসেবে সবসময় তাদের সেবায় নিয়োজিত থাকবে।

্রতি একটি আরবি শব্দ, । ত্রতি এর বছবচন। অর্থ ওছ বর্ণের নারী।
ভিত্রতিও একটি আরবী শব্দ । ত্রতি শব্দের বছবচন, অর্থ বড় বড় চোপবিশিষ্ট
ভাগর নয়না নারী। এরা ইবনীয় রুপ চিন্তাকর্বক লাবণ্যে ও অপরপ সৌন্দর্থমাধুরীতে সকল সুন্দরীর অগ্রগামী। সৃষ্টির পর থেকে যুগযুগান্তর অবধি
ও এ সকল আনত নয়না অনিন্দ্য সুন্দরী হ্রগাণ ভাদের বা বা প্রিয়তম বামীর
জন্য অধীর আগ্রহে অপেকার গ্রহর ওপছে। চাতক পাধির মত আপন বামীর
সাক্ষাতের জন্য ভাদের পথ পানে চেয়ে আছে। যতদিন পৃথিবীর বুকে এ
সকল বামী জীবিত থাকবে, ভতদিন ভাদের সাধ্য জাগ্রত অবহায় সাক্ষাত
করতে পারবে না, তবে হাা বপ্রযোগে ভাদের দর্শন লাভ সম্বর

হরগণ জাল্লাতে তাদের চির প্রতিষ্ঠীত প্রাণপ্রিয় স্বামীর সাক্ষাত পাবে এবং তাদের স্বামীরা হুরদের সাক্ষাতে পরিতৃত্ত হবে। বলাই বাহুল্য হুরদের সাথে তাদের প্রাণপ্রিয় স্বামীদের মিশন হবে পরকালে। তবে এখন থেকে তাদের হুদয়ের গভীরে পৃথিবীবাসী স্বামীর জন্য অভাবনীয় ভালবাসা লাশন করছে।

সুনানে তিরমিথীতে হয়রত মুরাষ ইবনে জাবাল রা. সূত্রে বর্ণিত একটি হাদীসে রাসূলে আকরাম সাল্লাল্লাহ আলাইহি ওরা সাল্লাম ইরণাদ করেন, পৃথিবীর কোন নারী যখন তার স্বামীকে কট দেয়, তখন তার জন্য নির্ধারিত আনত লোচনা জান্লাতী হর স্ত্রী বলে, (হে হতভাগিনী) তুমি তাকে কট দিওনা। আল্লাহ ভোমার সর্বনাশ ও ধ্বংস করুন। তিনি ভোমার কাছে কয়েক দিনের মেহমান। অচিরেই তিনি ভোমাকে হেড়ে আমাদের কাছে চলে

কারা জান্নাতী কুমারীদের ভালোবাসে 🕮 ১৬

আসবেন। সারকথা, স্বরেঈন মহান আল্লাহর এক অপূর্ব সৃষ্টি, জান্নাভের অন্যতম নেয়ামত। অভিধানে জান্নাতী স্বরের সংজ্ঞা এভাবে প্রদন্ত হয়েছে যে, 'শুর শব্দের অর্থ সুদর্শনা, ডাগরনয়না অচিন্তনীয় সুন্দরী। যাদেরকে সাহিত্যের ভাষার হরিণী নয়না বলা হর।

হুর কাকে বলে?

হযরত মুজাহিদ রহ, বলেন, হর বলা হয় তাকে যার দর্শনে চোখ অবাক হয়ে যায়। কাপড়ের অন্তরালেও যার পা গুলো বাহির থেকে দেখা যায়। তাদের দেহ এতই সচ্ছ ও পরিশ্বার হবে যে, তাদেরকে যে দেখবে তার চেহারার প্রতিচ্ছবি হরদের কলিজাতে আয়নার মত দেখা যাবে। তাকসীরে মুজাহিদ্য আল্লাহ তায়ালা ইরশাদ করেন-

فِيهِنَّ قَاصِرَاتُ الطَّرْفِ لَمْ يَطْمِثُهُنَّ إِنْسُ قَيْلَهُمْ وَلَا جَانٌ . فَمِأْيِ آلَاهِ رَبِّكُمَا تُكَذِبَانِ. كَأَنَّهُنَّ الْيَاقُوتُ وَالْمَرْجَانُ.

অর্থঃ তথার থাকবে আনত নরনা রমণীগণ। যাদেরকে ইতিপূর্বে কোন জ্বীন ও মানব কথনো ব্যবহার করেনি। অতথেব, তোমরা তোমাদের পালনকর্তার কোন কোন অবদানকে অধীকার করবে? প্রবাল ও পদ্মরাগ সদৃশ রমণীগণ। আর রাহ্মানঃ ৫৬-৫৮।

হযরত হাসান বসরী রায়ি. বলেন, হুর যার চক্ষু যুগল খুব সাদা হবে এবং তার পুতুলি হবে খন কাল কৃষ্ণবর্ণ।

হযরত আয়েশা রামি, বলেন, নারীদের কৃষ্ণকায় কেশবহরের ফাঁক দিয়ে যখন চেহারার ঐজ্বল্য প্রকাশ পায় তথনই ডাদের সৌন্দর্য পরিপূর্ণ হয়। বি^{নরান} দৃহিন্দীন

আল্লামা ইবনে কাইয়িয়ম রহ, বলেন, ্রু (হর) হলো المراء 'হাওরা' এর বহুবচন المراء বলা হয় ঐ নারীকে যে যুবতী অপরূপ সৌন্দর্যের অধিকারী হয়। কর্শা চেহারায় খন কালো চোখের পুতৃলি বিশিষ্ট। আর হরেয়ীন বলা হয় ঐ নারীকে যার চক্ষ্ময় ভাগর ভাগর হয়ে থাকে। হাদিন আরভয়াহা

কারা জান্নাতী কুমারীদের ভালোবাসে 🕮 ১৭

হুরদের ছন্ম

আল্লাহ তায়ালার বাণী (১৮ ১৮ ১৮ ১৯) অর্থ: জারাতী হর এমন হবে যাদেরকে না কোন মানব স্পর্শ করেছে আর না কোন জ্বীন। এ আয়াতের তাফসীরে ইমাম শা'বী রহ্ব বলেন, এরা হবে দ্নিয়ার পুরুষদের স্ত্রী। যাদেরকে আল্লাহ তাআলা বিশেষ কোন পন্থায় সৃষ্টি করেছেন।

যেমন আল্লাহ ভায়ালা এরশাদ ফরমান-

إِنَّا أَنشَأْنَاهُنَّ إِنشَاءً . فَجَعَلْنَاهُنَّ أَبْكَارًا.

অর্থঃ আমি তাদেরকে বিশেষ একটি পদ্মায় সৃজন করেছি। অতঃশর তাদেরকে কুমারী বানিয়েছি। াস্রা ওয়াক্রিয়াহঃ ৩৫-৩৬।

ইমাম শা'বী রহ, বলন, যখন থেকে তাদেরকে বিশেষ কোন পছায় সৃজন করা হবে তখন হতে তাদেরকে না কোন মানব স্পর্শ করবে না কোন জীন। [বারহাকী]

হাদীসঃ হ্যরত আরু উমামা রায়ি, বলেন, জনাব রাস্লে পাক সা, এরশাদ ফর্মান-

خُلِقُنَ الْحُوْرَ الْعِيْنَ مِنَ الزَّعَفُرَانِ

অর্থঃ হুরেয়ীনকে যাফরান দ্বারা তৈরি করা হয়েছে। ভাব্যানী

হ্যরত যায়েদ ইবনে আসলাম রাযি, বলেন, আল্লাহ তায়ালা হ্রদেরকে মাটি হারা তৈরি করেননি। বরং তৈরি করেছেন কম্বরী, কর্পুর এবং জাকরান হারা।

হ্যরত ইবনে আকাস রায়ি, হ্যরত আনাস রায়ি, হ্যরত আবু সাদামা ইবনে আদুর রহমান রায়ি, এবং হ্যরত মুজাহিদ রহ, বন্দেন, আল্লাহ তা'আদার নৈকট্যশীল বান্দাদের জন্য এমন স্ত্রী রয়েছে, যাদের জন্ম আদম ও হাওয়া থেকে নয়; বরং তাদেরকে সৃষ্টি করা হয়েছে যাফরান দারা।

হযরত ইবলে আবিল হায়ারী রহ. বলেন, হরেয়ীনকে নিরেট আস্লাহ তা'আলার কুদরত দ্বারা তৈরি করা হয়েছে। যখনই তাদের সৃষ্টি পূর্ণাঙ্গ হয়ে যায় তখনই ফেরেশতারা ভাদের উপর তাঁবু টানিয়ে দেন। সিফাত্ব দ্বারাহা হয়বত যাবাহ কায়সী রহা বলেন, আমি হয়বত মালেক ইবনে দীনার রহা, এর নিকট ওনেছি, জাল্লাতুন নাসম হলো জাল্লাতুল ফেরদাউদ এবং জাল্লাতুর আদনের মধ্যখানে ওবিস্থিত তাতে এমন হর বয়েছে যাদেরকে জাল্লাতের গোলাপ ফুল ছারা তৈরি করা হয়েছে, তাঁকে জিজ্ঞাসা করা হলো, এ জাল্লাতে কারা প্রবেশ করবেং তিনি উত্তর করলেন, তাতে এ সকল খোদাভীক লোকেরা প্রবেশ করবে যারা কখনো গোনাহ করার ইছো করে না আল্লাহ তা'আলার প্রেশ করবে যারা কখনো গোনাহ করার ইছো করে না আল্লাহ তা'আলার শ্রেষ্ঠ ও মাহাজ্যুকে সামনে রেখে তার ভয়ে গোনাহ থেকে দ্রত্ বজায় রেখে চলে। (বিকাত্স জাল্লাহ)

হাদীসঃ একদা রাস্লে আকরাম সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লামকে জিজাসা করা হলো, হুরগণকে কোন বস্তু হারা নির্মাণ করা হয়েছে? উত্তরে তিনি বলেন,

مِنْ ثَلَاثَةِ اَشْيَاءَ اَسْفَلُهُنَّ مِنَ الْمِسْتِ وَاَوْسَتُمُهُنَّ مِنَ الْفَنْبَرِ وَ عَلَاهُنَّ مِنَ الْكَافُوْرِ وَشُعُورُ هُنَّ وَحَوَاجِبُهُنَّ سَوَادٌ خَطُّ مِنْ تُوْرِ

ভাদেরকে ভিনটি বস্তু দ্বারা ভৈরি করা হয়েছেঃ

(১) তাদের নিমাংশ মেশুক দাবা, (২) মধ্যমাংশ আদর দাবা এবং (৩) উপরিভাগ কর্পুর দারা। তাদের কেশবহর এবং দ্রুমুগল কৃষ্ণকায় হবে। এগুলোর মাঝে থাকবে নুরের রেখা। তাদকিবাতৃল কুরক্সী

হাদীসঃ হয়রত নবীয়ে কারীয় সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লায় হতে বর্ণিত, তিনি এরশাস করেম-

سَالَتُ جِنْرِيْنَ عَنَيْهِ السَّلَامَ فَقُلْتُ آخَيِرَ فِي كَيْفَ يَخُنُقُ شَهُ الْحُوْرَ الْعِبْنَ فَقَالَ فِي يَا مُحمَّدُ يَخْلُقُهُنَّ اللهُ مِنْ قَضْبَانِ لَعَنْبَرِ وَ لزَّعَفْرَانِ مَضْرُوبَاتٍ عَلَيْهِنَّ الْجِهَامُ وَلَا مَا يَخْلُقُ مِنْهُنَ لَهُ رَامِنَ مِسْلِي آذَفَرَ آبَيَعَ عَنَيْهِ يَنْتَوَامُ الْبَدَنِ

অর্থঃ আমি একদা হ্যবত জিবর্ট্সপ আ কে জিগুলা করলাম, আল্লুহ্ তা'আলা হ্রেয়ীনদেরকে কিগুলি সৃষ্টি করেছেন? তিনি উত্ত্ব বললেন, হে মূহাম্মদ। আল্লাহ তা'আলা তাদেবকৈ আমর ও যাফরানের শাক্ষা-প্রশাধা দ্বাবা সৃষ্টি ক্রেছেন এরপর তাদের উপর তাঁকু লালিয়ে দেয়া হ্যেছে সর্বাহ্য আল্লাহ তা'আলা তাদের স্তন্দয়কৈ তৈরি ক্রেন সুগদ্ধিযুক্ত সাদা রংয়ের ক্সুবী

কারা জান্নাতী কুমারীদের ভালোবাসে 🕮 ১৯

ধারা। অতঃপর তার উপরেই দেহের বাকি অঙ্গ–প্রত্যঙ্গগুলোকে সৃষ্টি করা হয়।

হ্যরত আপুরাই ইবনে আব্বাস রায়ি, বলেন, জারাহ তা'আলা হুরেয়ীনের পায়ের আপুল হতে হাটু পর্যন্ত যাফরান ঘারা সৃষ্টি করেছেন। তাদের হাটু থেকে বুক পর্যন্ত কন্ত্ররীর সৃগন্ধি ঘারা সৃষ্টি করেছেন। বুক হতে গলা পর্যন্ত চমকরার আম্বর ঘারা। আর গলা থেকে মাথা পর্যন্ত সাদা কর্পুর ঘারা তৈরি করা হয়েছে। এরপর তাদের দেহে গুলে লালার সত্তর হাজার পোয়াক পরিধান করিয়ে দেয়া হয়েছে। হুর যখন জানাতীর সামনে আসবে তখন তার চেহারা হতে এমন নূর ও আলো প্রকাশ পাবে যা সূর্যের কির্নের মত মনে হবে। তাদের বর্ণের স্বছেতার কারণে তাদের পেটের ভেতরকার সকল কিছু পোখাকের আবরণ ভেদ করেও দেখা যাবে। তাদের মাথায় সুগন্ধিযুক্ত কন্ত্ররীর কেশ বহরের চুটি থাকরে। প্রতিটি চুটি উঠানোর জন্য একজন করে খাদেম মোতায়েন থাকবে। হুর বলতে থাকবে, এগুলো হলো আল্লাহর ওলীগণের পুরদ্ধার এবং ঐ সকল আমলের প্রতিদান যা তারা বহু কট্ট করে সম্পাদন করেছেন। তাবেরিরাতুল কুরতুরী।

আল্লাহ ভা'আলার বাণী- ﴿ الْجَيْرُ الْجَيْرُ ضَاءُ وَالْجَيْرُ ضَاءُ وَالْجَيْرُ ضَاءً وَالْجَيْرُ عَلَى الْجَيْرُ الْجَيْرِ ا

কারা জান্নাতী কুমারীদের ভালোবাসে 🗀 ২০

ভ্রগণের বয়স

আল্লাহ ভা'আলা এরশাদ করেন–

وَعِنْدَهُمْ قُصِرتُ الطَّرْبِ أَتُوَابٌ

অর্থ "তাদের কাছে থাকরে আনভনয়না সমবয়ন্ধা রমণীগন।"

এখানে জাল্লাতের হ্রদেরকে উদ্দেশ্য করা হয়েছে। তারা সমান সমান হবে
সমান সমান হওয়ার অর্থ হলো, জাল্লাতী কিশোরীরা সকলেই সম বয়সের
হবে। আবার এটাও অর্থ হতে পারে, তাদের বয়স জাল্লাতীদের সাথে
সামস্তস্পূর্ণ হবে প্রথমেক্ত অর্থ গ্রহণ করলে বুঝা বাবে, তাদের মাঝে
প্রেম—ভালবাসা ও সম্প্রীতি থাকরে। বয়সের তারতম্যের করেণে তাদের মাঝে
হন্ধ-কলহ থাকবে না মেমন সতীনদের মাঝে হয়ে থাকে। আর শেষেত অর্থ
গ্রহণ করলে বুঝা যাবে, সামগ্রস্যপূর্ণ বয়স হওয়ার কারণে তাদের বাভাবভাবমূর্তি ও ক্রতি অভিক্তিতে সামগ্রস্য বিরাজ করবে। ফলে একে অপরের
মন-মানসিকতার প্রতি লক্ষ্য রেখে জীবন অতিবাহিত করতে পারবে।

এখান থেকে এ বিষয়টি বোধগম্য হয় যে, স্বামী-স্ত্রীর মাঝে ব্য়সগত সামঞ্জস্যতা অপরিহার্য একটি বিষয়। কারণ, এর মাধ্যমেই উচয়ের মাঝে প্রেম-প্রীতি ও ভালবাসা জন্মে। আর এ ভিত্তিতেই বৈবাহিক দাম্পত্য জীবন আনক্ষময় ও সুখময় হয়ে থাকে। (মাঞ্জরেক্স কোরজান)

হযরত ইবনে আব্বাস রায়ি, সহকারে অন্যান্য ভাফসীরবেত্রাগণ বলেছেন, জানাতী হরেরা সকলে একই বয়সী হবে। অর্থ্যাৎ সকলেই ৩৩ বছর বয়সী হবে। অনুরূপভাবে যেসব নারীরা দ্নিয়া হতে যাবে ভাদের বয়সও ৩৩ বছর হবে।

আহ্নাহ তায়ালা বলেন-

إِنَّ الْمُتَّقِينَ فِي مَقَامٍ أَمِينٍ - فِي جَمَّاتٍ وَعُيُونٍ - يَلْبَسُونَ مِن سُندُسٍ وَإِسْتَبُرَقٍ مُتَقَابِينَ - كَذُلِكَ وَزُوَجْنَاهُم بِحُورٍ عِينٍ - يَدُعُونَ فِيهَ بِكُلِ فَاكِهَةٍ آمِنِينَ - لَا يَدُوقُونَ فِيهَا الْبَوْتَ إِلَّا الْبَوْتَةَ الْأُولَىٰ وَوَقَاهُمْ عَنَابَ الْجَحِيمِ - فَصُلًا مِن رَبِكَ فُيكَ هُوَ الْفَوْرُ الْعَظِيمُ - فَإِنَّهَا يَشَرْ لَا أَبِيتَ إِلَا لَعَظِيمُ - فَإِنَّهَا يَشَرْ لَا أَبِيتَ إِلَا لَعَظِيمُ اللّهِ الْعَلَيْدَ لَلّهُ اللّهُ اللّهَ لَعَلّمُهُمْ يَتَدَد كُرُونَ

কারা জাত্রতী কুমারীদের ভালোবাসে 🕮 ২১

অর্থঃ যারা মুন্তাকী ভাদের জন্য থাকবে বাগান ও ব্যবনা বিশিষ্ট নিরাপদ স্থান। ভারা সুনদুস ও ইস্তাবরাকের পোলাক পরিহিত থাকবে। আমি টানাটানা চোখ বিশিষ্ট হরদের সহিত ভাদের জোড়া বেঁধে দেব। ভারা সেখানে সমস্ত প্রকারের ফল চেয়ে পাঠাবে। প্রথম মৃত্যুর পর সেখানে ভারা আর মৃত্যুবরুণ করবে না এবং মহান রব ভাদের জাহনোমের কঠিন শান্তি হতে রক্ষা করবেন। এটা ভোমার রবের অনুহাহ মাত্র নিক্তর এটা বড় সঞ্চলতা। (স্রা দুখান: ৫১-৫৮) প্রাল্লাহ ভায়ালা আরও বলেন-

অর্থঃ নিশ্বয় মুন্তাকীরা থাকবে সুখমর বাগানে। তাদের রব তাদের যা কিছু
দিয়েছে তারা তা নিয়ে সম্বন্ধ থাকবে। তাদের রব তাদের যদ্ধনাদারক শান্তি
হতে মুক্তি দিবেন। (তাদের বলা হবে) তোমরা যে আমল করতে তার
বিনিময়ে খুলি মনে খাও এবং পান কর। তারা সেখানে সারি সারি
আসনসমূহতে হেলান দিয়ে বসে থাকবে আর আমি তাদের বিবাহ করিয়ে
দেব (জোড়া বেঁখে দেব) টানটোনা চোখ বিশিষ্ট হুরদের সহিত। যারা ঈমান
এনেছে এবং তাদের বংশধরেয়া তাদের অনুসর্ম করেছে আমি তাদের কারও
আমলে কোনরূপ কমতি না ঘটিয়েই স্বাইকে জাল্লাতের একই ছানে রাখবে।
প্রত্যেক ব্যক্তি যা আমল করেছে তার প্রতিদান পাবে। আমি তাদের ফল
এবং তারা যে প্রানীর মাধ্যে খেতে পছন্দ করে তা খাওয়াব। তারা সেখানে
গানীয়পূর্ণ পাত্র আদান-প্রদান করবে। সে পানীয়তে না ভাছে মাখা ব্যাখাং

কারা জান্লাতী কুমারীদের ডালোবাসে 😐 ২২

আর না আছে জ্বাধ্যতা তাদের চরেপাশে তাদের সেবার উদ্দেশ্যে বহুসংখ্যক বালক ছড়ানো মূকার মত সদা বিচরনশীল থাকরে। তারা পরস্পরের সহিত বাক্যালাপে লিও হবে। তারা বলবে আমরা তো সুনিয়ার জীবনে সদা চিত্তিত ছিলাম আল্লাহ আমাদের উপর অনুগ্রহ করেছেন, তিনি আমাদের কঠিন শাস্তি হতে রক্ষা করেছেন। আমরা তো পূর্বে তাকে ডাকতাম। নিক্য় তিনি তো খুবই দয়ালু এবং ওয়াদা পালনকারী। সুকা ভুক ১৭-২৮)

হরের শাব্দিক অর্থ

والْحُوْرُ أَنْ يَشْتَدُّ بِياضُ العين وسودُ سَوادِها وتستدير حدقتها وترق جفوها وبيض منا حواليها وقيل وَالْحُورُ شِنَّةُ سواد الْمُقْلَةِ في شَنَّة بِياضها في شَنَة بِياض الجسد ولا لطون الأدْماءُ حَوْراءَ قال الأزهري لا تسمى حوراء حتى تكون مع حَوْرِ عبنها بيضاءَ لُوْنِ الجَسَرِ.

অর্থঃ ছব হল চোখের সাদা অংশ অত্যাধিক সাদা হওয়া আর কালো অংশ অত্যাধিক কালো হওয়া। চোখের মনি পরিপূর্ণ গোল হওয়া, পর্দা অত্যাধিক পাতলা হওয়া এবং তার চারপাশ কালো হওয়া এমনও বলা হয়ে থাকে যে, এর অর্থ চোখের মনিটি অতিমাত্রায় কালো হওয়া আর চোখের সাদা অংশটি তীব্র সাদা হওয়া এর সাথে সাথে গায়ের রংও উজ্জল হওয়া চায়। গায়ের রং যাদের শ্যাম বর্ণের তাদের হর বলা চলে না। আজ জুহরী বন্দেন, হর হওয়ার জন্য শর্ত হল তার চোখের যে বর্ণনা দেওয়া হল তার পাশাপাশি তার গায়ের রংও উজ্জল হবে (নিসানুল আরব)

মুজাহিদ বলেন-

والحور التى يحأر قيها الطرث

অর্থঃ ছর তো ঐসব মেয়েদের বলা হয় যাদের সৌন্ধর্য দৃষ্টি হয়রান হয়ে যায় সিহীহ বৃধরী, কিডাব্ড তাগসীর, সুরা দৃখন

কারা জান্নাতী কুমারীদের ভালোবাসে 🕮 ২৩

হুর সম্পর্কে কুরজান কী বলে

১, পবিত্র কুরজানে মহান আল্লাহ ইবলাদ করেন-

وَنَهُمْ فِيهَا أَزُولِيُّ مُعَهِّرَةً وَهُمْ فِيهَا خَايِلُونَ

অর্থ "এবং সেখানে (জন্মতে) তাদের (জান্নাতবানীদের) জন্য থাকবে শুদ্ধ চারিনী রমণীকুল। সেখানে তারা অনস্তকাল অবস্থান করবে।" |স্রা বাকারা আরাত- ২৫|

জান্নাতে প্তপবিত্র ও পরিছনে ব্রী দাভের মর্মার্থ হল তারা হবে যাবঙীয় পার্থিব ব'হ্যিক ও গঠনগড ক্টি-বিহ্যুতি এবং চরিত্রগড কপ্ষতা থেকে সম্পূর্ণ প্তপবিত্র ও মৃক্ত, অনুরূপ মলমৃত্র, রক্তশ্রাব, প্রসবোত্তর শ্রু'ব প্রভৃতি অবাধিতে বস্তু হতে উধের্য। তদুশে নীতিশ্রইতা, চরিত্রহীনতা, অবাধ্যতা প্রভৃতি অভ্যন্তরীণ ক্রটি ও কদর্যতার লেশমাত্র ভাদের মধ্যে নেই।

২, মহান আল্লাছ পবিত্র কুরআনে ইরশাদ করেন-

﴿ هُمْ وَأَزْوَاجُهُمْ فِي ظِلَالٍ عَلَى الْأَرْ اللَّهِ مُتَّكِئُونَ ﴾

অর্থ: "ভারা ও ভাদের স্তীরা উপবিষ্ট থাকবে ছায়াময় পরিবেশে হেলান দিয়ে :" [সুরা ইয়াসী: অরাভ ৫৬]

্র্বার্ক্ত শব্দের অর্থে জান্লাতের হর ও দুনিয়ার স্ত্রী সকলেই অন্তর্ভুক্ত।

৩. আল্লাহ রাফ্ল আলামীন কালামে পাকে বলেন-

وَعِندَهُمْ قَامِرَاتُ الطُّرُ فِ عِينٌ كَأَنَّهُنَّ بَيْعُ مَكْنُونَ

অর্থঃ "তাদের (জাল্লাতীদের) কাছে তাকবে একদল বিন্দ্র আয়ত লোচনা তরুণী, দেখতে তারা হবে সুরক্ষিত ভিম সনৃশ"। স্থিল সাঞ্চলতঃ আরাত ৪৮-৪৯

অর্থাৎ জান্নাতী হ্রদের বৈশিষ্ট্য হবে এ যে, তারা হবে আনত নয়না যে স্বামীর সাথে মহান আল্লাহ তাদের দাম্পতা সম্পর্ক স্থাপন করে দেবেন, তারা তাদের ছাড়া অপর কোন পর পুরুষের দিকে দৃষ্টিপাত করতে না। আল্লামা ইবনে জাওয়ী রহ, বর্ণনা করেন, তারা তাদের স্বামীদের বলবে, আমার পালনকর্তার

ক'ব' জ'রাতী কুম'রীদের ভালোবাসে 🕮 ২৪

ইজ্জতের কসম, জান্নাতে তোমার চেয়ে উত্তম ও সূত্রী পুরুষ আমার দৃষ্টিগোচর হয় না যে আল্লাহ আমাকে তোমার স্ত্রী ও তোমাকে আমার সামী করেছেন সমস্ত প্রশংসা তাঁরই।

অল্লামা ইবনে জাওথী রহ, এর এ প্রসঙ্গে আরো একটি বর্ণনা রয়েছে, তারা আপন স্বামীদের দৃষ্টি অবনত রাখবে অর্থাৎ তারা নিজেরা এমন অনিক্রা সুন্দরী ও স্বামীর প্রতি নিবেদিতপ্রাণ হবে যে, স্বামীদের মনে অন্য কোন নারীর প্রতি দৃষ্টিপাত করার বাসনাই জাগ্রত হবে না

এখানে জান্নাতের গুরগণকে লুক্কায়িত ডিমের সাথে তুলনা করা হয়েছে আরবদের কাছে এরূপ তুলনা প্রসিদ্ধ ও স্বিদিত ছিল যে, ডিম পাখার নিচে পুকায়িত থাকার কারণে তার ওপরে বাইরের ধূলিকনার কোন প্রভাব পড়তে পারে না ফলে এরা নিতান্ত স্বচ্ছ ও পরিক্ষার থাকে তাছাড়া এর রং সাদা- হল্দভাব হয়ে থাকে যা আরবদের কাছে রমণীর সবচেয়ে আকর্ষণীয় রং হিসেবে বিবেচিত।

৪. অপর একটি আয়াতে আল্লাহ তায়ালা ইরশাদ করেন-

অর্থঃ আমি ভাদেরকে আনত লোচনা স্ত্রীদের যুগলবন্ধি করে দেই াস্বা দ্খান আরাত্র- ৫৪|

(ওজাওওয়াজ) এর অর্থ এ বাক্যে অন্যের যুগল করে দেয়া পরে শব্দটি বিয়ে করানোর অর্থে ব্যবহৃত হয়েছে। এ অর্থের প্রেক্ষীতে এখানে উদ্দেশ্য এ যে, জান্নাতী পুরুষদের বিয়ে সুন্দর আনত লোচনা রমনীদের সাথে যথানিয়মে সম্পন্ন করা হবে। জান্নাতে পার্থিব বিধিবিধানের বাধ্য বাধকতা থাকবে না, কিন্তু সম্মানার্থে এসব বিয়ে সম্পন্ন হবে প্রথম অর্থের দিক থেকে উদ্দেশ্য হল, সেসব অপরূপ সুন্দরী আনত লোচনা রমণীদেরকে পুরদ্ধার স্বরূপ জান্নাতী পুরুষের যুগল করে দেয়া হবে। এর জন্য পৃথিবীর আনুষ্ঠানিক বিয়েব প্রয়োজন নেই।

পবিত্র কুরআনে মহান আল্লাহ আরো বলেন-

مُتَكِئِينَ عَلَىٰ سُرُرٍ مُصْفُوفَةٍ ۗ وُزَوَجْنَاهُم بِحُورٍ عِينٍ

কারা জান্নাতী কুমারীদের ভালোবাদে 🗯 ২৫

ত্ত্বঃ "ভারা সারিবদ্ধ সিংহাসনে উপবিষ্ট থাকবে আমি তাদেরকৈ আনত লোচনা হ্রদের সাথে বিয়ে বন্ধনে আবদ্ধ করে দিব " সূরা ত্রু আয়াত ২০| ৬ মহান আল্লাহ পবিত্র কুর্আনের আরেকটি আয়াতে ঘোষণা করেন-

ভর্থঃ "ভ্যায় থাকবে আনত নয়না (ভাগর চক্ষ্বিশিষ্ট) রমণীগণ, কোন দানব ও মানব ইতোপূর্বে ভাদেরকে ব্যবহার করেনি প্রবাদ ও পদ্মরাগ সদৃশ রমণীগণ ." [স্রা আর রাহমানঃ আয়াত- ৫৬]

ব্যবহার না করা মানে, যেসব রমণী মানুষের জন্য নির্ধারিত তাদেরকে ইতোপূর্বে কোন মানুষ ও যেসব রমণী জিনদের জন্য নির্ধারিত তাদেরকে কোন জিন স্পর্শ করতে সক্ষম হয়নি।

৭, মহান আল্লাহ পবিত্র কুরঅ'নের আরেকটি আয়াতে ঘোষণা করেন-

অর্থঃ "ভাবুতে অবস্থানকারী ভ্রগণ কোন জ্বিন ও ইনসান ইতোপূর্বে ভাদেরকে স্পর্ণ করেনি " [গ্রা আর রহমানঃ আয়াত- ৭২ ও ৭৪]

৮ মহান আল্লাহ পবিত্র কুরআনের আরেকটি আয়াতে ঘোষণা করেন,

অর্থঃ "তথায় থাকবে আনত নয়না (ডাগর চকু বিশিষ্ট) ত্রগণ। আবরণে সুর্বাক্ত মুক্তা সদৃশ, এটি ভাদের কৃতকর্মের পুরকার বরপ " স্বা ওয়াকিয়া, আয়াত: ২২ ২৪]

৯. মহান আল্লাহ পবিত্র কুরআনের আরেকটি আয়াতে যোষণা করেন-

অর্থ আমি জারাতী রমণীগণকে বিশেষ রূপে সৃষ্টি করেছি। অতঃপর তাদেরকে করেছি চিরকুমারী, নবযৌবনা, আবেদনময়ী।" [স্রা বয়াকিয়া, আয়াত: ৩৫-৩৮]

কাবা জান্লাতী কুমারীদের ভালোবাসে 🗆 ২৬

জারাতের চ্রগণের সাথে প্রত্যেক বার সহবাস করার পর পুনব্রয় তারা পূর্বের মত কুমারী হয়ে যাবে।

মহান আল্লাহ স্থবদের সম্পর্কে ইরশাদ করেছেন, আমি তাদেরকে চিরকুমারী করে রেখেছি, তারা মনোমুগ্ধকারিনী, মনোহারিণী ও সমবয়সী তাদের ইর্ধণীয় রূপ ও সৌন্দর্যমাধুবী বর্ণনা প্রসঙ্গে মহান আল্লাহ ইরশাদ করেন, হরগাণ যেন ল্ব্রায়িত মুজাসদৃশ নেককারগণ তাদের কৃত সংক্ষাজের পুরদ্ধার স্বরূপ তাদের লাভ করবে তাদের সৌন্দর্য ও রূপ লাবণ্য এত অধিক হবে যে সন্তর পাল্লা বজের মধ্য হতে বিজলীর ন্যায় তা বিচ্ছুরিত হবে। হ্রদের দেহ্ এরপ সচ্ছ যে তাদের চর্ম ও মাংসের ভিতর দিয়ে দেহের অভ্যন্তরন্থ হাড় পর্যন্ত দেখা যাবে

১০. মহান আল্লাহ পবিত্র কুরআনের অপর একটি আয়াতে ঘোষণা করেন-

لِنَّدِينَ اتَّقَوْا عِندَ رَبِّهِمْ جَنَّاتُ تَجْرِي مِن تَحْيِهَا الْأَنْهَارُ خَالِدِينَ فِيهَا وَأَزُو جُ مُصَهَّرَةً وَرِضْوَانٌ مِن اللّهِ وَاللّهُ بَصِيرٌ بِالْعِبَادِ

অর্থঃ "মুন্তাকীদের জন্য আপন পালনকর্তার নিকট এমন জান্নাত বা স্বর্গায়ে উদ্যানসমূহ রয়েছে ফর তলদেশ দিয়ে শত ঝর্ণাধারা প্রবাহিত, সেখানে তারা অন্তত জীবন লাভ করবে, তথায় পবিত্রাত্যা জান্নাতী স্ত্রীগণ তাদের সঙ্গী হবে।" [স্থা আদে ইমরানঃ আয়াত ১৫]

১১. মহান আল্লাহ পবিত্র কুরআনের আরেকটি আয়াতে ঘোষণা করেন-

অর্থঃ "সেখানে পবিত্রা স্ত্রী পারে এবং ভাদেরকে আমি ঘন ছায়ায় আশ্রয় দান করব।" [সুরা নিসাঃ আয়াত- ৫৭]

হরদের সৌন্দর্যের বর্ণনা

মহামহীম আল্লাহ বলেন-

وَعِمدَ هُمُ قَاصِرَاتُ الطَّرُ فِعِينٌ - كَأَنَّهُنَّ بَيْضُ مَكُنُونُ

হারা জন্নতী কুমারীদের ভালোবাসে 🗯 ২৭

অর্থঃ তাদের জন্য সেখানে থাকবে চকু অবনমিতকারী প্রশস্ত জাখী বিশিষ্ট চ্রেরা, তারা পালকের নিচে শ্বায়িত ডিমের মত। স্কালকদাত ৪৮-৪৯] আল্লাহ্ ভায়াদা আরও বলেন-

فِيهِنَّ قَاصِرًاتُ الطَّرُنِ لَمْ يَطْمِثُهُنَّ إِنسُّ قَبْلَهُمْ وَلَا جَانُّ - فَبِأَيْ آلَاءِ رَبِّكُمَا تُكَدِّبَانِ كَأَنَّهُنَّ الْيَاقُوتُ وَالْمَرْجَانُ.

অর্থঃ সেসব জাত্রাতের ভিতর থাকবে আখিযুগদ অবনতকারী হরেরা যাদের এর পূর্বে কোন মানুষ বা জিন স্পর্শ করে নাই , অতএব ওহে জিন ও মানুষ তোমরা তোমাদের রবের কোন নিয়ামতকৈ অস্বীকার করবে। সে সকল মেয়েরা মুনি মুক্তার মত। ভাষে রাহমান, ৫৬-৫৮।

আল্লাহর এই বানী সম্পর্কে তারা রাস্ল্কাহ সাক্লক্ষাত্ আলাইহি ওয়া সাল্লাম কে প্রশ্ন করা হলে তিনি বললেন-

تنظر الى وجنناً وهى فى خدرنا اصلى من المراة وان ادفى لؤلؤة عليها لتفى وما بين المشرق، المغرب وانه يكون عليها سبعون ثوباً يمفذها بصرة، حتى يرى مخ ساتها من وراد ذلك.

অর্থঃ তুমি যখন ঘোমটা দেওয়া অবস্থায় তাদের চেহারার দিকে দৃষ্টি দেবে দেখবে তাদের মুখ আয়না হতেও অধিক বচহ। তাদের শরীরে যেসব অলংকার থাকবে তার ভিতর সবচেয়ে কম মানের রত্নটিও পূর্ব পশ্চিম আলোকিত করতে সক্ষম। আর তাদের শরীরে ৭০টি কাপড় থাকবে ভার তেদ করে পুরুষটির দৃষ্টি মেয়েটি পায়ের গোছার মঞ্জা পর্যন্ত বা তার চেয়েও অধিক দ্বত্বে পৌছে যাবে হাকেয় তার মুসতাদরাকে সহীহ বলেছেন, ইবনে হিকান, ইবনে আল ক্ষিত্র হানীল আরওয়াহ নামক কিতাবে সহীহ বলেছেন।

অন্য বর্ণনার আছে-

أَوْنُ زُمْرَةٍ تَنَحُّلُ الجَنَّةَ عَلَى صُورَةِ القَمْرِ لَلِلَةَ البَنْرِ وَالثَّالِيَةُ عَلَى لَوْنِ أَحْسَنِ كُوْكُبٍ دُرِي فِي الشَّمَاءِ لِكُلِّ رَجُلٍ مِنْهُمْ زَوْجَتَانِ عَلَى كُلِّ زَوْجَةٍ سَبْعُونَ حُلَّةً يَبْدُو مُخُ سَائِهَا مِنْ وَرَائِهَا» «هَدَا حَدِيثٌ حَسَنْ صَحِيحٌ

কারা জালুতোঁ কুমারীদের ভ'লোব'সে আ ২৮

অর্থঃ প্রথম যে দল জানুতী হবে তাদের চেহারা হবে পূর্ণিমার চাদের মৃত, ছিতীয় দল হবে আকাশের সহচেয়ে উক্তল নক্ষত্রে মত প্রতিটি পুরুষের মাথে থাকরে দূজন করে গ্রী, প্রতিটি প্রীর গায়ে থাকরে ৭০টি পোশাক, সেই শোশাক ভেদ করেও তার পায়ের মক্ষা দৃশ্যমান হবে ।সুনানে ভিরমিষ্টা, ফ্রীস নং ২৫২২।

অতএব এই হাদীসটি পূর্বের হাদীসকে সত্যায়ন করে। অন্য বর্ণনায় আছে-

عَنْ عَبْدِ اللّهِ بُنِ مَسْفُودٍ عَنِ النَّبِيِّ صَلَّى اللّهُ عَلَيْهِ وَسَدَّةٍ. قَالَ " إِنَّ المَرْأَةَ مِن لِسَاءِ أَهٰلِ الجَنَّةِ لَيُرَى بَيَاضُ سَاقِهَا مِنْ وَرَاءِ سَبْعِينَ حُلَّةٌ حَتَّى يُرَى مُخُهَا. وَذَلِكَ بِأَنْ اللّهَ يَقُولُ ﴿ { كُأْ هُنَ اليَاقُوتُ وَالمَرْجَانُ } [الرحس. 58] قَأَمًا اليَاقُوتُ فَإِلّهُ حَجَرُ لَوْ أَدْخَلُتَ فِيهِ سِلْكًا ثُمَّ السَّصْفَيْتَهُ لَأَرِيتَهُ مِنْ وَرَائِهِ "

অর্থঃ আদুয়াহ ইবনে মাসউদ থেকে বর্ণিত আল্লাহর রাস্লুয়াহ সাল্লাল্লাচ্
আলাইহি ওয়া সাল্লাম বলেন জাল্লাতের মেয়েরা ৭০টি রেশমের কাপড়
পরিহিত থাকবে সেওলো ভেদ করেও ভাদের পায়ের তদ্র অংশ এবং মজ্জা
দেখা যাবে। কারণ আল্লাহ তাদের সম্পর্কে বলেন ভারা ইয়াকুত ও
মারজানের মত আর ইয়াকুত ভো এমন বছে পাথর যার ভিতর তুমি হদি
কোন সুতা প্রবেশ করাও তবে বাইরে থেকে ভা দেখা যায়। স্নানে ভিরমিনী,
হাদীন নং: ২৫৩৩)

عن امر سلمة" قلت يأرسول الله اخبرني عن قوله (كأنهن بيعن مكنون) قال " رِقْتُهُنَّ كُرِقَّةِ الْجِلْدَةِ الَّتِي رَآيتها فِي دَاخِلِ الْبَيْضَة التي تُلِي الْقِشْرِ.

অর্থঃ উথে সালামাহ (রা:) বলেন, আমি বললাম হে আল্লাহর রাসূলুলাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়া সাল্লাম, আল্লাহ যে বলেন (তারা লুকানো ডিমের মত) আমাকে এ বিষয়ে অবহিত করুন। আল্লাহর রাস্লুলাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়া সাল্লাম বললেন জান্লাতী নারীরা হবে ডিমের খোসার নিচে যে পাতলা পর্দা থাকে সেই পর্দার মত কমল ও নমনীয়। আত ভারারী, ইবনে কাসীর, দুবরে মানছুর এই হাদীসটি সন্দের দিক হতে দুর্বন।)

কারা জাত্রাতী কুয়ারীদের ভালোরাসে 🕮 ২৯

অবনত দৃষ্টি সম্পন্না

﴿وَعِندُهُمُ قَاصِرَ تُالطَرْفِ عِينٌ ﴾

অর্থঃ জারাতীদের জন্য থাকবে অবনত দৃষ্টি সম্পন্না টানাটানা চোখ বিশিষ্ট ভ্র।|স্রাসফফাত-৪৮]

ইবনে আব্বাস বলেন (قا صرات العرف) দৃষ্টি অবনতকারী এর অর্থ হল তারা তাদের স্বামী ছাড়া অন্য কোন পুরুষের প্রতি দৃষ্টি দেবে না। মুজাহিদ বলেছেন (قا صرات الطرف على أزراجهن؛ فلا يعون فير أزراجهن) তারা কেবল তাদের স্বামীদের প্রতিই দৃষ্টিপাত করবে শীয় স্বামী ছাড়া অন্য কাউকে চাইবে না।

কাওয়াইব

মহান আল্লাহ বলেন, মৃত্তাকীদের জন্য থাকবে সফসতা আঙ্কুর বিশিষ্ট বাগান এবং কাওয়াইব ও সমবয়কা হুরেরা।

আয়াতে ব্যবহৃত "কাওয়ায়িব" শব্দের ব্যাখ্যায় আততাবারী ইবনে যায়েদ থেকে উল্লেখ করেছেন যে এর অর্থ হল-

الكواعب: التي قد نهدت وكعب ثديها

অর্থঃ ঐ সকল মেয়েরা যাদের বন্ধ ফুলে উঠেছে এবং ক্ষিত হয়েছে। ইবনে আল আছির বলেন-

الكعاب بالفتح المراة حين يبدو ثديها للنهى د وهي الكاعب ايضا وجمعها كواعب

অর্থঃ কিয়াব ঐ সমস্ত মেয়েরা যাদের বক্ষ সদ্য উদিত হয়েছে এদের কাইবও বলা হয় এর বহুবচনই হল কাওয়াইব। (আন নিহায়াহ)

ইবনে আল কায়্যিম রওদাতিল মূহিব্বিন নামক কিডাবে বলেন-

কাবা জানুতী কুমারীদের ভালোবাসে 🛍 👀

وقد وصفهن الله عر وجل بأنهن كواعب وهو جمع كأعب وهي المرأة متى قد تكعب ثديها واستدوا ولم يتدن الى اسفل، وهذا من احسن خدق الساء وهو ملازم لسن الشباب.

আল্লাহ সুবহানাত্ ওয়া ভায়ালা ঐসকল নারীদের কাওয়ায়িব বলৈ আখ্যায়িত করেছেন "কাওয়ায়িব" (কাইবুন) এর বহুবচন। আর তা বলা হয় ঐ সকল মেয়েদের, যাদের স্তন স্থিত এবং গোল হয়ে উঠেছে, নিচের দিকে কুলে পড়েনি এটাই নারীদের সর্বোত্তম গঠন কেবল মার যুবতীদেরই এমন গঠন হয়ে থাকে।

হাদীল জারওয়াহ নামক কিতাবে এর কাছাকাছি কথাই বলা হয়েছে, তবে সেখানে কিছুটা অতিরিক্ত বলা হয়েছে অর্থাৎ ডালিমের মত।

তাদের সৌন্দর্য প্রতিনিয়ত বৃদ্ধি পেতে থাকবে

عَنَ أَنْسِ بُنِ مَالِكِ، أَنَّ رَسُولَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ "إِنَّ فِي الْجَلَّةِ لَسُوقًا

يَأْتُولُهَا كُلَّ جُمْعَةٍ، فَتَهُبُ رِيحُ الشِّهَالِ فَتَحْثُو فِي وُجُوهِهِمْ وَثِيَالِهِمْ فَيَزْدَ دُونَ

حُسْنًا وَجَمَالًا، فَيَرْجِعُونَ إِلَى أَهْلِيهِمْ وَقَنِ ازْدَادُوا حُسْنًا وَجَمَالًا فَيَقُولُ لَهُمْ

أَهْدُوهُمْ وَاللهِ لَقَدِ ازْدَدْتُمْ بَعْدَنَا حُسْنًا وَجَمَالًا، فَيَقُولُونَ وَآنَتُمْ وَاللهِ لَقَدِ

ازْدَدْتُمْ بَعْدَنَا حُسْنًا وَجَمَالًا"

অর্থঃ আনাস ইবনে মালিক থেকে বর্ণিত আলাহর রাস্প্লাহ সালাল্র'ই আলাইহি ওয়া সালাম বলেন জানাতে একটি বাজার থাকবে সেখানে তারা প্রতি জ্মআর দিন আসরে তারপর উত্তরের হাওয়া প্রবাহিত হয়ে তাদের চেহারা ও কালড়ের উপর পড়বে তাতে তাদের সৌন্দর্য বেড়ে যাবে, পরে যখন তারা তাদের ল্লীদের নিকট ফিরে যাবে তখন তাদের দ্রীরা বলবে আলাহর কসম আপনারা তো আমাদের নিকট হতে পৃথক হওয়ার পর পূর্বাপেক্ষা বেশি সুন্দর হয়ে গিয়েছেন তাবাও বলবে আলাহর কসম তোমরাও পূর্বাপেক্ষা বেশি সুন্দর হয়ে গিয়েছে সহীহ মুসলিম, হালীস নং, ২৮৩৩

কারা জাগ্লাতী কুফারীদের ভালে'বাসে 🖂 ৩১

হুরদের অকল্পনীয় রূপের বাহার

মহান আল্লাহ রাজ্বল আলামীন সমং জালাতী হর তথা ভাগর নয়না স্বর্ণীয় অন্ধরীদের ঈধনীয় রূপ লাবনোর বর্ণনা এভাবে পেশ করেছেন-

كَأَمْقَالِ اللَّوْلُوِ الْيَكْنُونِ

অর্থঃ তাদের সৌন্দর্যমাধুরী যেন শ্কিয়ে রাখা মুক্তা ।স্রা ওয়াকিয়ন আয়াত-২০। আলোচ্য আয়াতে জান্নাতী ছরদের ঝিন্কের মধ্যে স্কায়িত মুক্তার সাথে তুলনা করা হয়েছে। কারণ, ঝিনুকের ভেতরস্থ মুক্তা যেভাবে স্রক্তিত ও তার সৌন্দর্য পূর্ণরূপে বিকশিত থাকে জান্নাতী হরদের সৌন্দর্যও তেমনি সুরক্তিত ও তাদের রূপলাবণ্য পূর্ণমাশ্রায় বিকশিত। আর এটি তো কেবল একটি অপার্থিব বিষয় সহজবোধ্য করার জন্য প্রয়াসমাত্র। অন্যথা জান্নাতী হরদের অপার্থিব ও অকল্পনীয় রূপ লাবণ্যের সাথে পার্থিব মাম্পী মুক্তার কিসের সম্পর্কণ গ্রন্থপ ধারনা পোষণও অবান্তর। পৃথিবীর মানুষের এ চর্মচন্দ্র তারের কথা, কোনদিন তাদের কল্পনাও হরদের অপরূপ সৌন্দর্যের কিয়েদাংশ আয়ত করতে সক্ষম হয়নি।

হাদীস শরীদে তাদের কমনীয়তা সম্পর্কে এরপ ধর্ণিত আছে যে, ভিমের খোসা ও তার ভেতবন্থ কুসুমের মাঝে যে একটি সাদা মসৃণ আবরণ থাকে তার সাথে তাদের শরীরের কমনীয়তা তুপনা করা হয়েছে। তাদের শরীরের মসৃণতা ও গুড়ভা কল্পনাতীত যা কেউ কোনদিন অনুভব করতে পারেনি , ভার্তী হরের সে অবর্ণনীয় রূপের যথকিষ্ঠিত বিবরণ হাদীসে রাসৃদ সত্মাল্লান্থ আলাইহি ওয়া সাল্লাম এর আলোকে নিম্মে তুলে ধরা হল।

ক. হ্যরত আপুলাহ ইবনে মাসউদ রা. সৃত্রে বর্ণত একটি হাদীসে রাস্থান করিম সাল্লাল্লান্থ আলাইহি ওয়া সাল্লাম ইরশান করেছেন, মহান আলাহ জান্লাতুল আদন তৈরি করার পর সাইয়ািদুল মালায়িকা হ্যরত জিবরাঈল আ. কে ডেকে বললেন, আমি আমার বান্দাগােদর জন্য যেসব নেয়ামত সৃষ্টি করেছি সেওলা একবার দেখে এস। তখন তিনি মহান আল্লাহর নির্দেশক্রমে সমত্র বেকেশতের বিভিন্ন ক্লান ঘূরে ফিরে দেখছিলেন। ইত্যবসারে হঠাৎ এক ফার্মির অরুরী তাঁকে দেখে হেসে ওঠে। তার পরিচ্ছন দন্তপাটির ঝলকানিতে সমগ্র জান্লাতুল আদন আলোকিত হয়ে গেল। তার এ ঈষৎ মুচকি হাসির দক্রন পরিপাটি দন্তের দ্যুতিকে হ্যরত জিবরাঈল আ, আল্লাহর নূর মনে করে

কারা জান্নাতী কুমারীদের ভালোবাসে 🛍 ৩২

তাংক্ষণিক এ ধারণা করে সজেদায় লুটিয়ে পড়লেন যে, এটি হয়ত মহান আল্লাহর (তাজাল্লি) নূর।

পরিস্থিতি আঁচ করতে পেরে হ্রটি উচ্চৈঃশরে বলল, হে আমিনুলুংহ্ (জিবরাইল আ.)। মাথা উত্তোলন করে দেখুন। অতঃপর তিনি মাথা উত্তোলন করে দেখুন। অতঃপর তিনি মাথা উত্তোলন করে দেখুন। অতঃপর তিনি মাথা উত্তোলন করে তাঁর দিকে দৃষ্টিপাত করে বললেন, সূবহানাল্লাহ। অর্থ্যাৎ যিনি তোমাকে এরপ অপরপে সৌন্দর্যমণ্ডিত করে সৃষ্টি করছেন আমি সে আল্লাহর পবিত্রতা বর্ণনা করছি। জানাতী হুর পুনরায় বলল, আমিনুল্লাহ (আল্লাহর বিশ্বন্ত) জিবরাইল আ.। আপনি জানেন কী আল্লাহ তায়ালা আমাকে কার জনা সৃষ্টি করেছেন? তদুত্তরে জিবরাইল বললেন, না। অতঃপর সে হুরটি বলল, আমাকে সে ব্যক্তির জন্য সৃষ্টি করা হয়েছে যে নিজের যাবতীয় ইছো ও কামনা-বাসনার ওপর আল্লাহর ইছো ও তাঁর সম্ভষ্টিকে প্রাথান্য দেয়। দারায়েকুল হাকায়েক ইয়াহ কথককীন রাধী বহ.)

থ. বিশিষ্ট তাবেয়ী হযরত সৃফিয়ান ছাওয়ী রহ, সম্পর্কে বর্ণিত আছে যে, মহান আল্লাহর ভয়, তাঁর ইবাদতের ছারা এবং পরকালের আযাবের চিন্তার তার উদ্বেগ উৎকণ্ডা, অহর্ণিশ নিরবছিল্ল কঠোর সাধনার অবস্থা দেখে তাঁর সহচরগণ একদা জিজ্ঞেস করল, আপনার তো এর চেয়ে কম পরিশ্রম ও সাধনা আপনার মুক্তি ও সফলতা নিশ্চিত করবে ইনশাআল্লাহ তবে আপনি কেন এত কট্ট করছেন? তদুত্তরে তিনি অকপটে বললেন, কেন করব মা বল? কারণ, আমি জানি ও বিশ্বাস করি, 'যখন বেহেশতবাসীগণ স্ব স্থ হানে আসন গ্রহণ করবেন, তখন হঠাৎ এক নুরের চমক তাদের সম্মুখে প্রকাশিত হবে যার আলোম আটটি বেহেশতই আলোকিত হয়ে যাবে। এতদর্শনে বেহেশতবাসীগণ ধারণা করবে এটি নিশ্চয় মহান আল্লাহর বিশেষ সন্তাগত বৃর বাতীত অন্য কিছু নয়। অতঃপর সকলেই ওঠে সমবেতভাবে সে বৃর্কে সাঞ্জনা করার জন্য প্রস্তুত হয়ে যাবে ঠিক সে মুহুর্তে একটি অদৃশ্য আওয়াজ শত হবে 'তোমরা কেউ মন্তক অবনত কর না, তোমরা যা ধারণা করছ, এটি সে বৃর নয়, বরং এটি হচেছ একটি জান্নাতী হুরের আপন স্বামীর সম্মুখে প্রদন্ত বিঞ্জিৎ মুচকী হাসি পেকে বিচ্ছুরিত আলোকছেটা।

গ. হযরত সূলাইমান রহ, জনৈক যুবককে গভীর সাধনায় নিমজ্জিত দেখেঁ তাকে এর কারণ জিজ্ঞেস করার যুবক বলল, আমি স্বপ্নযোগে জান্নাতের এ^{মুন} সব সূরম্য প্রাসাদ প্রতাক্ষ করেছি, যা নির্মাণ কাজে ব্যবহৃত একটি ইট স্বর্ণের

কারা জান্তাতী কুমাবীদের ভালোকদের 🕍 ৩৩

ও অপরটি ছিল কপার। সেমব মহলে আমি বহু অপরপা সুকরী হুব দর্শন করেছি, যাদের রূপ লাবণা বর্ণনাতীত। তাদের একজন আমাকে দেখে ঈষৎ মৃদ্যু হেসেছিল তার দত্তপাটির উজ্জ্বতায় সম্মা বেহেশত আলোকিত হয়ে গিয়েছিল। ইত্যবসরে সে আমাকে সমোধন করে বলল, হে যুবক। তুমি যদি উত্তযাৱপে মহান আল্লাহর আনুগত্য কর, তবে জানাতে তুমি আমাকে লাভ করে সৌভাগাবান হতে পারবে।

ঘ হ্বেড আমের ইবনে আদুল ওয়াহেদ রহ. সূত্রে বর্ণিত একটি রেওয়ারেতে উল্লেখ আছে যে, একজন জান্নতবাসী ভার জন্য নির্যারিত হ্বদের একজনের সাথে অবিরত ৭০ বছর অবস্থান করে আনন্দ উপভোগ করতে থাকবে। এসময় সে অন্য কোন বস্তুর প্রতি দৃষ্টিপাত করবে না। ৭০ বছর অতিবাহিত হওয়ার পর হঠাৎ সে অন্যদিকে দৃষ্টিপাত করতেই দেখবে যে, প্রথম হুর অপেক্ষা অত্যধিক সুন্দরী রূপসী নুরানী চেহারার আরেকটি হুর ভাকে সম্বোধন করে বদছে, হে আল্লাহর বন্ধু। আপনার মধ্যে কী আমার কোন অংশ নেই? ভদুত্তরে সে জান্নাতী বপবে, হে প্রেয়সী তুমি কেং প্রত্যুত্তরে সে বলবে, আমি আপনার সেসকল দ্রীদের অন্তর্ভুক্ত মাদের ব্যাপারে মহান আল্লাহ ইরণাদ করেছেল-

فِيهَا وَلَدَيْنَا مَزِيدٌ

অর্থ: আমার নিকট আরো অধিক আছে [স্বা কাক: কায়াত- ৩৫]

অতঃপর সে সরাসরি সলরীরে তার সাথে আনশ্দ উপভোগে শিশু হবে এভাবে জানন্দ উপভোগের মাধ্যমে ক্রেমাগত ৭০ বছর অতিক্রান্ত হয়ে যাবে, এসময়ে জন্য কোনদিকে ভাকানোর প্রয়োজনীয়তা সে জনুত্ব করবে না।

দীর্ঘ ৭০ বছর অতিবাহিত হওয়ার পর হঠাৎ অন্যদিকে তার দৃষ্টি নিবন্ধ হওয়া মাত্র দেখতে পাবে, তদপেক্ষা অধিক ওণ রূপমাধুরীর অধিকারী এক হরেইন তার জন্য অপেক্ষামান। সে জাল্লাতীকে সদোধন করে বলবে, আমার অকাভ্যা প্রণ হওয়ার সময় হয়েছে। আমি আমার জন্য নির্ধারিত অংশ এখন প্রাপ্ত হব। তখন সে জাল্লাতবাসী জিজেস করবে হে রূপসী। তুমি কে? তদুতরে সে বলবে, ওহে আল্লাহর বন্ধু। মহান আল্লাহ যাদের ব্যাপারে নিম্মোক্ত বাণী আরোপ করেছেন, আমি তাদেরই একজন। মহান আল্লাহ বলেছেন-

কারা জান্নাতী কুমারীদের ভালোবাশে 🕮 🗢 🛭

فَلَا تَعْلَمُ نَفْسٌ مَّا أُخْفِي لَهُم مِن قُرَّةِ أَعْيُنِ جَزَاءً بِمَا كَانُوا يَعْمَلُونَ.

অর্থঃ কেউই জানে না, সেসকল জান্নাতবাসীদের জন্য তাদের নেক আম্দের প্রতিদান স্বরূপ মহান আল্লাহর পক্ষ হতে চোখজুড়ানো কী কী নেয়ামত গোপন রাখা হয়েছে। স্বা সাজদাঃ আরাজ- ১৭)

হু হ্যরত ছাবিত বুনানী রহ, বলেন, জাল্লাতবাসী নিতান্ত আরামে দীর্ঘ সন্তর্ব বছর পর্যন্ত হেলান দিয়ে বসে থাকবে ও তার পাশে তার প্রিয়তমা ব্রীগণ এ চাকর-নওকরগণ যথাছানে উপস্থিত থাকবে। ইত্যবসরে একঝাক স্বর্গান্ধ অপরূপা অকারী যারা ইত্যোপূর্বে আপন প্রিয়তম স্বামী কমনো দেখেনি। এরা তার নাম ধরে বলবে, হে অমুকঃ আপনার নিকট কী আমাদের কোন অধিকার নেই? সিফাতুল জাল্লাত, জাল্লাতকে হুসনে স্থানাবেরা

চ, হ্যরত আব্দুরাহ ইবনে মাসউদ রা, সূত্রে বর্ণিত একটি রেওয়ায়েতে উল্লেখ আছে, জাল্লাতী রমণীগণ একরে ৭০টি নজরকাড়া পোশাক পরিধান করে থাকবে। তারপরও তাদের পায়ের ঘোছার তত্ততা, সরীরের সৌন্দর্যমাধ্রী প্রভৃতি বাইরে থেকে পরিদৃষ্ট হবে। কারণ, মহান আল্লাহ বলেন-

كَأُنَّهُنَّ الْيَاقُوتُ وَالْمَرْجَانُ.

অর্থঃ তারা যেন ইয়াকৃত ও মারজান সদৃশ । |সূবা বহুষান: আয়াত- ৫৮]

উল্লেখা, ইয়াকৃত এমন একটি মূল্যবান কল্পনাতীত স্বচ্ছ পাথর যে, যদি এর ছিদ্রের ভেতরে একটি চিকন সূভা ভরে রাখা হয় তবে সেটিও বাইর থেকে দেখা যাবে। (জান্নাতকে হুসনে মানাবের-আল্লামা মুকতী ইমদাদুল্লাহ)

ছ, হযরত আব্দুল্লাহ ইবলে আব্বাস বা. সূত্রে বর্ণিত একটি রেওরায়েতে উল্লেখ আছে, কিয়ামতের দিন আল্লাহর প্রির বান্দাগণ একটি মৃদ্যবান আস্থে উপবিষ্ট হবে। আসন্টির দৈর্ঘ্য হবে পীচশ বছরের ভ্রমণ প্রথের সমান।

মহান আগ্লাহ পবিত্র ফুরআনে ইরণাদ করেন-

وَفُرُشٍ مَّرْفُوعَةٍ

অর্থঃ 'এবং আসন হবে স্দীর্য।' [স্রা ভরাকিয়া: আহাত- ৩৪]

কাৰা জায়াতী কুমাৰীদেৰ ভালোবাদে 🕮 ৩৫

বর্ণনাকারী বলেন, আসনটি হবে মুলাবান লাল রক্তের ইয়াকৃত পথের নির্মিত, এতে সবুজ হমকদ পাংরের দুটি ভানা এবং ৬বে ওপর ৭০টি মোলায়েম বিছানা পাতা থাকবে, যে বিছানার চাপ হবে দ্বের, বহিদ্ধা হবে পাতলা রেশমেব ও আন্তর হবে মোটা রেশমের তৈরি। ওপবের অংশ নীচের দিকে মুলিয়ে দিলে ৪০বছরেও ভার ভলদেশ স্পর্শ করতে পার্বে না। সে আসনটিতে পরিণিভার জন্য একটি ঝুলানো পর্দা থাকবে। যেটি নির্মিত হবে মনিমুক্ত থচিত ভার ওপরে আবার ৭০টি নুবের পর্দা শেভিত থাকবে।

এ ব্যাপারে মহান অল্লোহ বলেন-

هُمْ وَازْوَاجْهُمْ فِي ظِلَالِ عَلِى الْرَائِكِ مُتَكِئُونَ

অর্থাৎ জান্নাতবাসীগণ তাদের পত্নীদের সাথে বাসর ঘরের পর্দায় হেলান দিয়ে বসবে। জান্নাতবাসীগণ তাদের স্থীদেরকে জড়িয়ে ধরে বসবে আর এভাবেই তাদের দীর্ঘ ৭০টি বছর কেটে যাবে।

সুদীর্ঘ ৪০ বছর অতিক্রান্ত হওয়ার পর মাখা উন্তোলন করার সাথে সাথে দেখতে পাবেন, আবেক স্থী তার সাক্ষাতের জন্য অধীর আগ্রহে চুপিসাবে তার দিকে তাকিয়ে আছে। একপর্যায়ে তাকে স্পর্শ করে বলবে, হে আগ্লাহর বর্দু। আপনার মধ্যে কী আমার কোন অংশ নেই? তদুত্তরে জান্নাতবাসী লোকটি বলবে, হে প্রেয়ুসী তুমি কে? প্রক্যুক্তরে সে বলবে, আমি আপনার সে সকল গ্রীদের একজন মাদের সম্পর্কে মহান আগ্লাহ বলেন-

فِيهَا وَلَدَيْنَا مَزِينٌ

অর্থ, 'আমার নিকট আরো বেশী আছে।' [সূরু কাড জন্মত- ৩৫]

অতঃপর সে জান্নতবাসী স্বর্ণের ভানার সাহায্যে ওড়ে তার শ্রীর কাছে চলে ঘাবে অতঃপর জান্নাতবাসী যখন তার সে শ্রীর দিকে গভীর দৃষ্টিতে তাকাবে তখন প্রথম শ্রী অপেক্ষা তাকে লক্ষণ্ডণ সুন্দরী বলে মনে হবে। অবশেষে সে জান্নাতী লোকটি তাকে জড়িয়ে ধরে দীর্ঘ ৪০ বছর তয়ে থাকবে। এর মধ্যে শ্রী স্বামীর কাছ থেকে অথবা স্বামী শ্রীর কাছ থেকে এক মুহুর্তের জনাও বিচ্ছিন্ন হবে না। ৪০ বছর পর মাখা উল্লোলন করে দেখতে পাবে যে, তার মহলে একটি নূব আলো বিকিরণ করছে। এতে সে নিদারুণ বিশ্বিত হয়ে বলবে, হে আল্লাহণ এ জাবার কোন ফেরেশতা যে চুপিসারে আমাকে দেখছে?

ত্রং বাহান আল্লাই আহার জন্য আবার এ কোন দীলার দিছেন? ইত্যকনরে
সে ফেবেশতাসদৃশ আলো তাকে সম্বোধন করে বলবে, এটি কোন ফেবেশতা
নয় তথার তোমার পালনকর্তাও নন। তথন সে জান্লাতী নিজন্ত কৌতুহলোদীত হয়ে জিজেস করতে তাহলে ওটা কী ছিল? প্রত্তুরে ফেরেশতা বলবে, উনি হচ্ছেন তোমার দুনিয়ার প্রিয়তমা স্ত্রী, জান্লাতে তোমার সাথে থাকরে সেই ইভোপূর্বে তোমাকে চুপিসারে দেখেছে। সেও তোমার শধ্যা সঙ্গানী হতে চায়। এ জালোর কলক তার সম্মুখের দাতের বিলিক্ষ মাত্র

এ কথা ভনে সে জান্নাতী লোকটি মাথা উদ্ভোলন করে তার দিকে তাকাবে। তখন সে বলবে, হে আল্লাহ্র অনী। মহান আল্লাহ আপনাকে যাদের ব্যাপারে প্রতিশ্রুতি দিয়েহিলেন, আমি ডাদেরই একজন

فَلا تَعْلَمُ نَفْسٌ مَّا أُخْفِي لَهُمْ مِنْ قُرَّةِ أَعْيُنٍ جَزَاءً بِمَا كَانُو يَعْنَبُونَ

অর্থঃ কাবো জানা নেই যে, ওই সকল জান্নাতীর জন্য দৃষ্টিনন্দন কী কী নেয়ামত গোপন রখো হয়েছে। অতঃপর সিংহাসনটি উদ্ধে তার নিকট শিয়ে পৌছবে। এ ব্রীব সাথে সাক্ষাত করার সাথে সাথে তার শেষ ব্রীর দীন্তির নূর এক লক্ষণণ বেড়ে যাবে। তারপর সে জান্নাতী আপন স্থীকে জড়িয়ে ধরে ৪০ বছর পর্যন্ত আগলে রাখবে পরস্পর কেউ কাবো কাছ থেকে বিচ্ছিন হবে না।

এ খ্রী হখন জান্নাতী লোকটির সন্থে দাঁড়াবে তখন সে ইয়াক্তের নুপূর
পরিহিতা অবস্থায় দাঁড়াবে। এরূপ সুসজ্জিতা হয়ে সে বখন জান্নাতবংগী
দামীর কাছে যাবে তখন তার অগ্রপন্তাতে জান্নাতের পক্ষীকৃল সুললিত কটে
গান ভনাবে অতঃপর সে যখন আপন খ্রীর হাত স্পর্ল করবে তখন তার
হাতিই হাড়ের মজ্জার চেয়েও কোমল পাবে। এছাড়া তার হাতে জান্নাতী
আতরের সূম্রাণ ও তার শরীরে থাকবে ৭০টি নুরেব নজরকাড়া পোশাক। সে
পোশাকের যেকোন একটি হদি পৃথিবীর বুকে নিক্ষেপ করা হয় তবে
পূর্বপশ্চিম সমন্ম পৃথিবীই আলোকিত হয়ে যাবে।

প্রকাশ থাকে যে, তাদেরকে সৃষ্টি করা হয়েছে নূর ছারা, পোশাকগুলোতে থানিক সর্পের কন্ধর থাকবে, আর কিছু থাকবে রূপার ও কিছু মুক্তার। এসব পোশাক বাহারী রং ও মাকড়শার জালের চেয়েও হালকা ও ছবির চেয়ে পাতলা হবে। এসব পোশাক সৃষ্মতা ও মস্পতার দিক থেকে এতই উৎকর্ষিত

কারা জান্নাতী কুমাবীদের ভালোবাদে 🖂 ৩৭

ও চমংকৃত হবে যে, সে পোশাক পরিহিতা ফর্গীয় অন্ধরীদের পায়ের গোছার তেওরছ্ ঘজা পর্যন্ত দৃষ্টিগোচর হবে। তার মস্ণ হাডিড, গোন্ত ও চামড়ার তেতর হতেও চমকাতে থাকবে। পোশাকে ভান আন্তিনের ওপর লেখা থাকবে (هَرَوْرُ وَعَنَى) (সমন্ত প্রশংসা সে মহান আল্লাহর যিনি তার প্রতিক্তি সত্যে পরিণত করেছেন) বাম আন্তিনে লেখা থাকবে (الَّذِينُ الْخَرُيُ الْخَرُيُ الْخَرُيُ الْخَرُيُ الْخَرُيُ الْخَرُيُ الْخَرِيُ الْخَرُيُ الْخَرُيُ الْخَرُيُ الْخَرُيُ الْحَرِيْ الْخَرُيُ الْحَرِيْ الْخَرُي الْحَرِيْ الْخَرُي الْحَرِيْ الْخَرْي الْحَرِي الْحَرَى الْحَرِي الْحَرَى الْحَرِي الْحَرَى الْحَرِي الْحَرَى الْحَرِي الْحَرَى الْحَرِي الْحَرَى الْح

সে ব্যণীর বক্ষ হবে তার স্থানীর জন্য দর্গণ আর জান্নাতী রমণী হবে
মূল্যবান ইয়াক্ত পাথরের মত অত্যধিক স্বচ্ছ, পরিছন্ন এবং সৌন্দর্য্যাধ্রী
হবে মূল্যবান মারজান পাথরের মত। রূপলাবণ্যে ডিমের মত সাদা প্রোজ্জল
হবে তদুপরি আপন স্থানীর জন্য সীমাহীন প্রেমময়ী। বয়সে হবে ২৫বছরের
নবসৌবনা তরুণী, মূচকি হাসলে তার সম্মুখস্থ দুন্তপাটির নূর ঝিলিক মেরে
উঠবে। তার মুখনিস্ত সুললিত কণ্ঠের কথা তনলে পূণ্যবান ও পাপাচারী
সকলেই তার প্রেমে পড়বে। সে যখন আপন জান্নাতী স্থামীর সম্মুখ্
দন্তায়মান হবে তখন তার পায়ের গোছা হতে বিজ্বিত দ্যুতির সৌন্দর্য তার
পা থেকে লক্ষণ্ডণ বেড়ে যাবে।

জ. একটি বিশ্বন্ধ হাদীসে রাস্পে আকরাম সাল্লাল্লান্থ আলাইহি ওয়া সাল্লাম ইরশাদ করেছেন, একটি জানাভী হর যদি পৃথিবীর প্রতি একবার দৃষ্টিপাত করে তবে মাটি হতে জাকাল পর্যন্ত সমগ্র স্থান এমনভাবে আলােকিত ও উদ্ধাসিত হয়ে যেত যে, তাতে চন্দ্র ও স্ঠের আলাে পর্যন্ত নিম্প্রভ হয়ে যেত । সমগ্র পৃথিবীর সুগদ্ধিতে ভরে যেত । এমনকি যদি কোন জানাতী হরের হাতের তালু পৃথিবীর দিকে খুলে ধরে তবে সমন্ত জগদ্বাসী তার নুরের আভায় সম্বিত হারিয়ে ফেলত । জানাতের যেকোন একটি হরের মাথার ওড়না বা হাতের চুড়ি যদি পৃথিবীতে রাখা হত, তবে উহার আলাের তীব্রতায় চন্দ্র ও স্থের আলােও স্কিণ গ্রান্ত মত হয়ে যেত সারকথা, জানাতী হ্রের কোন একটি

হারা জানু তী কুমারীদের ভালোবাসে 🖽 ৩৮

তাংশ এ জগতে রাখা হলে জগতের সৌন্দর্য সম্পূর্ণরূপে পান্টে যেত ভাফসীরে কুরতুবী

বা হয়রত জালী ইবনে আবু তালেব বা সূত্রে বর্ণিত একটি হাদীসে মহানবী সাল্লাল্লাহ্ জালাইহি ওয়া সাল্লাম ইরশাদ করেন, বেহেশতের একজন বাদী বা থাদেম পৃথিবীতে প্রকাশ পেলে সমগ্র জগছাসী তার রূপমাধুরীতে এমনভাবে উদ্যাদ হয়ে যেত যে, তাকে নিজের ভাগে আনার জন্য দন্তরমত পরস্পর রক্তক্ষয়ী সম্মুখ সমরে অবতীর্ণ হত। পরিশামে তার ধ্বংস হয়ে যেত। জানাতী হরের মাথার কেশগুছে এরপ মসৃণ ও জ্যোতির্ময় যে, যদি কোন একটি হ্র তার মাথার কেশগুছে পৃথিবীর দিকে খুলে ধরে, তবে তার আলোকছটোয় সূর্যের আলোও নিজ্জত হয়ে যেত। জানাতী দশ বছর বর্ণনান্তরে সত্তর বছর কাটিয়ে দেবে। আরো বর্ণিত আহে, যদি একজন হর পৃথিবীতে প্রকাশিত হত তবে নিকটতম ফ্রেশতা কি রাস্ল কেউই তাদের রূপে বিমৃদ্ধ না হয়ে পারতেন না।

এঃ হ্যরত আক্রাহ ইবনে আব্বাস রা. বলেন, জান্নাতে বারদাখ নামক একটি ঝর্ণা থাকবে। এতে থাকবে ইয়াকৃত পাথর নির্মিত মিনার মিনারের তলদেশ থেকে একদল বালিকা আত্মপ্রকাশ করবে যারা সুললিত কণ্ঠে পবিত্র ক্রআন তেলাওয়াত করবে। জান্নাতবাসীরা পরস্পর বলাবলি করবে, চল বারদাখের দিকে যাই। সূতরাং তারা সেখানে যাবে ও সেসকল বালিকাদের সাথে করমর্দন করবে। এ সময় বালিকাদের কেউ কোন পুরুষকে পছল্ফ করলে তার হাতে কজি স্পর্শ করবে। অতঃপর সে বালিকা উক্ত পুরুষের পেছনে পেছনে থেতে থাকবে ও তার জায়গাটি আরেক বালিকা এসে পূরণ করবে।

ঠৈ, হ্যরত আনাস ইবনে মালেক রা বর্ণিত একটি হালীসে রাসূল আকরাম সাল্লাল্লাহ্ আলাইহি ওয়া সাল্লাম ইরশাদ করেছেন, মেরাজ রজনীতে আমি যখন জারাতে প্রবেশ করলাম তখন সেখানে 'বিদাহ' নামক একটি স্থান দেখতে পেলাম। সেখানে মুক্ত, সবুজ জবরযুদ ও লাল ইয়াক্ত পাথরের তার টানানো ছিল তার ভিতর থেকে একটি শব্দ স্তেসে আসল, 'আসসালামু আলাইকুম ইয়া রাসূলাল্লাহ। আমি জিবরাইল আ, কে জিক্তেস করলাম, এটি কিসের শব্দং তদ্ভরে তিনি বললেন, এরা হল কুরআনে বর্ণিত সেই

কাৰা জান্নাতী ৰুমাৰী দেব ভালোবামে 🔝 ৩৯

'মাকস্থাতে থিয়াম' এবা আপনাকে সালাম করার অনুমতি চাইলে মহান আল্লাহ তাদেবকৈ অনুমতি প্রদান করলেন

অতঃপর তারা বলতে লগল, 'আমরা এতটাই সন্তুষ্ট যে আমাদের আর ক্ষানো ক্রে'ধ-আক্রোশ হবে না আমরা চিরঞ্জীব, কখনো আমাদের মৃত্যু হবে না। অতঃপর মহানবী সাল্লাল্লাল্ আলাইহি ওয়া সাল্লাম তাবৃতে স্বক্ষিত ভ্রগণ তথা পবিত্র স্ত্রীগণের বিবরণ সমলিত আয়াতটি পাঠ করলেন। পবিত্র স্ত্রীগণ এর ব্যাখ্যা প্রসঙ্গে ইমাম মুজাহিদ রহ, বলেন, এরা হায়েফ নিফাস, প্রাব-পায়খানা, বায়ু, বীর্য প্রভৃতি হতে পবিত্র থাকবে

ড় এটি বিশুদ্ধ হাদীসে রাস্পুলাই সান্নাল্লান্থ আলাইহি ওয়া সাল্লাম ইরশাদ করেন, বেহেশতবাসীর চরণ ও শিয়রে বসে দৃ'জন হুর সুললিত কর্চে মহান আল্লাহর প্রশংসাকীর্তণ গাইতে থাকবে যা ইতোপূর্বে মানব-দানব কখনো শ্রুণ করেনি। সেখানে শয়তানের প্ররোচনামূলক কোন কিছুই থাকবে না।

ত. বর্ণিত আছে যে, যদি কোন ছরেঈন সাত দরিয়ায় একবার খুখু নিক্ষেপ করে তবে দরিয়ার তিক্ত জলরাশি মিঠা পানিতে রূপান্তরিত হয়ে খেত। তাদের গান এত মধুর হবে, যা কোন কর্ণ ইতোপূর্বে শ্রবণ করেনি। শারহুস সূদ্রা

ণ ইবনে যায়েদ রহ, সূত্রে বর্ণিত আছে, জানাতের হুরগণ আপন শামীকে সম্বোধন করে বলবে, আমার পালনকর্তার ইজ্জাতের কসম। তোমার চেয়ে অধিক সুদর্শন পুরুষ আল্লাহর জানাতে কাউকে দেখিনি। কাজেই সমস্ত প্রশংসা সে আল্লাহর জন্য থিনি তোমাকে আমার শামী বানিয়েছেন এবং আমাকে বানিয়েছেন তোমার প্রী হিশিরায়ে জালালাইনা

ত, রাস্লে আকরাম সাল্লাল্লান্থ আলাইছি ওয়া সাল্লাম ইরশাদ করেছেন, যদি কোন জান্নাতী হুর আকাশ থেকে তার হাতের তালু পৃথিবীর দিকে খুলে ধরে তাহলে সমস্ত বিশ্ব আলোকিত হয়ে যাবে।

থ. একটি বিতদ্ধ হাদীসে রাস্লে আরাবী সাল্লাল্লান্থ আলাইহি ওয়া সাল্লাম ইরশাদ করেছেন, জান্নাতের হুরগণের হাডিডর ভেতরস্থ মজ্জা দৃষ্টিগোচর হবে তার পরিধেয় সত্তর পাল্লা পোশাক ভেদ করে। [হাশিয়ায়ে জলোলাইন]

দ. রাস্লে কারীম সাল্লাল্লান্থ আলাইহি ওয়া সাল্লাম ইরশাদ করেছেন, যদি কোন দর্গীয় অব্দরী পৃথিবীতে উকি মেরে দেখে তবে সমস্ত পৃথিবী আলোক

ক'রা জারাতী কুমারীদের ভালোবাসে 🖽 ৪০

উদ্বাসিত হয়ে যাবে। এমনকি কেবল ভার মাখার পরিধেয় ওড়ানাটিও পৃথিৱী ও পৃথিবীর মধাস্থিত যাবভীয় বস্তু হতে উত্তম , [বুখারী]

বেহেশতের মধ্যে হুরগণ একত্রিত হয়ে শ'ল্ক ও মধুর সুরে উচ্চঃশব্দে সমবেড কর্চে গাইতে থাকবে-

> نَحْنُ الْخَالِدَاتُ فَلَا نَبِيْدُ وَنَحْنُ النَّاعِمَاتُ فَلَا نَبْأَسُ وَنَحْنُ الرَّاهِمَاتُ فَلَا نَسْخَطُ وَنَحْنُ الرَّاهِمَاتُ فَلَا نَسْخَطُ مُلُولِي لِمَنْ كَانَ لَنَا وَكُنَّالَه مُلُولِي لِمَنْ كَانَ لَنَا وَكُنَّالَه

আমরা অনস্ত জীবস্ত, কখনো আমরা মরব না। আমরা শান্তি রুপিনী আমরা দুংখক্লিষ্টা নহি। আমরা বিন্দ্র মধুর, আমরা অগ্নিশর্মা নহি। যিনি আমাদের ও আমরা যার জন্য তিনি বড়ই ভাগ্যবান। ভিরমিনী।

ন. একটি হাদীসে রাস্লে কারীম সাল্লাল্লাই আলাইহি ওয়া সাল্লাম ইরশাদ করেছেন, জান্লাডবাসী মানুষ সন্তর পাল্লা বিছালার ওপরে আরাম করবে ইতাবসরে পিছন দিক হতে একটি জান্লাতী হর এসে তার স্কন্ধে হাত বুলাতে তাকবে। তখন লে বেহেশতী হরের দিকে ফিরে হ্রের আনত লোচনা গভদেশের ভেতরে নিজের প্রতিচ্ছবি দেখতে পাবে। জান্লাতী হরের অলকোরে ব্যবহাত সর্বনিকৃষ্ট পূলু পাধরটিও পূর্ব ও পশ্চিম তখা সময় পৃথিবী আলোকিত করে ফেলবে। অতঃপর, সে হর বেহেশতী লোকটিকে সালাম করবে লে বেহেশতী সালামের উত্তর দিয়ে জিজেন করবে ভূমি কে? তদ্বরের সে বলবে, আমি আপনার প্রিয়তমাদের অন্যতম। সে হ্রের শরীরেও সত্রটি পোশাক থাকবে, তথাপি বেহেশতী ব্যক্তির চক্র দৃষ্টি এ সত্তরটি কাপড় ভেদ করে হাড়ের মজ্জা পর্যন্ত দেখতে পাবে। সে হ্রের মাথার মুকুটের অবহা হবে এমন যার সর্বনিকৃষ্ট পাথরটির উক্ত্রলতা পূর্ব-পশ্চিম আলোকিত করে ফেলবে।। মুসলাদে আহ্মদা

প, বেহেশতী পুরুষগণের শ্রীগণ হবে আনত লোচনা ও কৃষ্ণনয়না। তাদের দেখে মনে হবে, তারা যেন গুল্ক ডিম্বকোষ সদৃশ , প্রত্যেক হরের দু^{*}টি

আঙ্গুলের মধ্যে সন্তরটি করে অলংকার থাকবে সেসব অলংকার এরপ স্বচ্ছ যে তার পশ্চাৎ ভাগ থেকে সম্মৃথ ভাগ দেখা যাবে

মূজাহিদদের সঙ্গে দীর্ঘদিনের ওঠা-বসা ও নিবিভ্তাবে তাদের সম্পর্কে চলাফেরা করে আমি বুঝতে পেরেছি যে, আল্লাহ তাদেরকে বিলেমভাবে কিছু তপ ও বৈশিষ্ট্য দান করেন। সেগুলোর মধ্যে উল্লেখযোগ্য কিছু নিচে তুলে ধরা হল-

- গীবত থেকে নিজের যবানকে সম্পূর্ণ মুক্ত রাখা।
- ২. ইসলাম ও মুসলমানদের প্রতি অখণ্ড ভালোবাসা গোষণ করা।

- ৩. নীরবে-নিভূতে কান্ধ করা, ওহরত-শোরগোল এড়িয়ে চলা।
- আমীরের নিরক্কশ আনুগত্য করা।
- ৫. নির্দেশ ও নির্দেশনা পালনে 'কেনো-কিন্তু' পরিহার করা
- উলামায়ে কেরাম ও নেতৃ ছানীয়দের প্রতি সীমাহীন ভক্তি-শ্রদা,
 ছোট-বড় সকলের প্রতি যথায়থ শিষ্টাচার লক্ষাশীলতা রক্ষা করা।
- অসহনীয় কট সহ্য করে হলেও বাহিনীর সঙ্গে ঘাঁটিতে স্বতঃক্র্ত

 অবস্থান করা; তথু স্বতি ও শাত্তির খোঁজে ঘাঁটি না ছাড়া।
- ৮. সাধারণ মুসলমানদের সু-আলোচনায় পঞ্চমুখ থাকা এবং নিজের জীবন-যৌবন কোরবান করাকে নিজের সৌভাগ্য মনে করা। অন্যের প্রতি ইহসান করার মানসিকতা একেবারেই না থাকা।

আহ। কত সৌভাগ্যবনে তারা। সভ্যিকার অর্থেই তারা নিজেদের হাকীকত বুঝেছে এবং আল্লাহর পরিচয় হাছিল করতে পেরেছে।

আমাদের আলোচিত তিন শহীদের কথা একটু বলা যাক।

আবু হামজা, নীরবে কাজ করতে সে পছন্দ করত। ছোট-বড়, বিশিষ্ট-সাধারণ সবার প্রতি তার হিল সীমাহীন তক্তি-শ্রদ্ধা ও তালোবাসা। আরব থেকে এসে আফগানদেরকে সে একেবারে আপন করে নিয়েছিল। আফগানরাও তাকে নিজেদের করে নিয়েছিল। সবশেষে আল্লাহও তাকে কাছে ডেকে নিলেন।

আবু উছ্মান, তার অনন্য বৈশিষ্ট্য হলো- অবও আনুগত্য। সফরের আগে সে আমাকে জিজ্ঞাসা করণ- যাবো না থাকবো? আমি বললাম, যাও। ব্যস, আর কোন কথা নেই, কোন গ্রন্থ নেই। সোজা রওয়ানা হয়ে গেল জিহাদের সফরে এবং শেষ পর্যন্ত আথেরাতের সফরে; স্বাইকে চির্বিদার জানিয়ে।

পক্ষান্তরে ইয়াহইরা, সে ছিল সদা হাস্যোজ্বল কর্মঠ একজন যুবক। যখন যে দায়িত্ব আসত, সেটা যত কষ্টসাধ্যই হোক হাসিমুখে আপ্রাম দিত। হুদয়টা ছিল আয়নার মত সহে। ছদুতার সঙ্গে রসিকতা করা ছিল তার অনন্য এক শুণ। তাকেও আল্লাহ নিয়ে গেলেন। আল্লাহ ভাদেরসহ সকল শহীদদের জান্নাতের উচ্চ মাকাম নহীব করুন। আমীন।

শহীদ আব্দুল ওয়াহহাব

বিত্তশালী অভিজাত পরিবারের সন্তান আব্দুল ওয়াহহাব। সোনার চামচ মুখে করে তার জন্ম। সুখ-সাচ্ছন্দ্য ও ভোগ-বিলাসের মাঝেই ডার প্রতিপালন। পরিণত বয়সে নিজেও পেয়েছিল ঈর্ষণীয় এক পদ। সামাজিক ঐতিহ্য ও আভিজাত্যে তার পরিবার ছিল শীর্ষস্থানীয়। শৌর্য-বীর্য ও প্রভাব-প্রতিপত্তি কোনখানেই ভার কোন অভাব ছিল মা। পারিবারিক আভিজাত্য থেকেই সে পেয়েছিল কোমল স্বভাব ও উন্নত চরিত্র, মাঝেমধ্যে আমি হয়রান হয়ে ভাৰতাম, এমন মহান আখলাক শিখলো কোখেকে? এমন পরিবেশে বেড়ে উঠে জিহাদের পথেই বা আসলো কীভাবে? অর্থ-প্রাচুর্যের যে অনিবার্য উপসর্গ- অহং, অহমিকা অমান্যতা ও অবাধ্যতা, কোনটাই দেখি ওর মধ্যে নেই। এক বছর আগে যখন প্রথম সাক্ষাৎ হয়েছিল। তখন সে বলেছিল, যেদিন আমি জেনেছি, জিহাদ ফর্যে আইন সেদিন্ই আমি বেরিয়ে পড়েছি আল্লাহর রাস্তায়। আমি জানতাম পরিবারের কেউ আমাকে সমর্থন করবে না। তাই কারো পরোয়া না করে বিবেকের ভাকে সাড়া দিয়ে বেরিয়ে পড়েছি। কারণ, একটু নির্জন হলেই আমার কানে ভেন্সে আন্সে মজপুমের করিয়াদ। দৃষ্টি বন্ধ করলেই অন্তর্দৃষ্টিতে দেখতে পাই আমার মা-বোনদের ইজ্জভ-আবরু পুষ্ঠিত হচ্ছে। তাদের আর্তচিৎকারে যমীন প্রকম্পিত হচ্ছে। অথচ কোন মানবহাদয় একটু সদয় হয় না কারো শ্রবণশক্তি উৎকর্ণ হওয়ার অবকাশ পায় না। কিন্তু আমি যে গুনতে পাই বহু দূর থেকে। আমি যে দেখতে পাই পর্দার ওপার থেকে। তাই আমি কীভাবে বসে থাকতে পারি। দেখে-গুনেও না বোঝার ভান করতে পারি কবি বড় সুন্দর বলেছেন-

নীরবতা ভেকে সে যদি একবার মুখ খুলত
দেখতে শব্দ নয় আগুনের গোলা আর রক্তের ফোয়ারা চুটত।
যারা তার নীরবতাকে নির্বাকতা মনে করে তাদেরকে বলে দাও
যারা দৃঢ় প্রত্যায়ে কাজ করে তারা কথা একটু কমই বলে।

কারা জান্নাতী কুমারীদের ভালোবাসে 🗯 ১৩৮ শহীদ আব্দুল ওয়াহহাবের ওছিয়ত

বিসমিল্লাহির রাহমানির রাহীম .

সমস্ত প্রশংসা আল্লাহর, দুরুদ ও সালাম তার নবীর উপর, সালাম তার নির্বাচিত বান্দাদের উদ্দেশ্যে .

আমি নিম্ন স্বাক্ষরকারী আব্দুল ওয়াহহাব ইবনে আব্দুল্লাহ ইবনে সাঈদ। এটা পরিবার ও আপনজনদের উদ্দেশ্যে লেখা আমার ওছিয়ত।

আমি শহীদ হওয়ার সঙ্গে সঙ্গে আমার সঙ্গে থাকা অর্থকড়ি ও পোশাক-পরিচহদ মুজাহিদ ও মুহাজিরদের কল্যাণে গঠিত সংস্থা "আল আমানাত"-এ জমা করা হবে।

আমার মা এবং ভাই-বোনদের উদ্দেশ্যে বলছি- আমি আফগানিস্তানের জিহাদে শরীক হয়েছি, একথা আমার কাছে দিনের আলোর মত সুস্পই হওয়ার পর যে, বর্তমান পরিস্থিতিতে আমার উপর জিহাদ করা করজে আইন হয়ে গেছে। আবেগের বশবর্তী হয়ে হুট করেই আমি এখানে চলে আসিনি। সূতরাং তোমাদের এই ভেবে পেরেশান হওয়ার দরকার নেই যে, আমি বিভ্রাস্ত হয়ে এপথে এসেছি।

আমার মেয়েকে বলছি- মামণি আমার। তুমি ভাল করেই জানো যে, অতেশ সম্পদ, অনেক স্বজন ও বন্ধু বান্ধৰ থাকা সত্ত্বেও আমি সবসময় একাকী থাকতাম। কারণ জীবনের শুরু থেকেই আমি সুনির্দিষ্ট লক্ষ্য ও বিশেষ কিছু চিন্তা অনুভ্তি হৃদয়ের গভীরে স্যত্ত্বে লালন করে আসছি। বছ ঝড়-ঝাপটা গেছে আমার উপর দিয়ে, কিন্তু এই চেতনাগুলোকে আমি ত্যাগ করিনি। একারণে মানুষ আমার সঙ্গ ত্যাগ করেছে। ক্ষেত্রবিশেষে দুর্ব্যবহার করেছে, এফারি আমানবিক জাচরণও করেছে, শুধু এবং শুধু আমার এই চিন্তা ও চেতনাগুলোর কারণে। মা আমার। আমার সেই চিন্তাগুলোর অন্যতম হক্ষে-ইসলাম শুধু ছালাত-ছিয়াম আর তেলাওয়াতের নাম নয়; বরং ইসলামের পূর্ণাঙ্গতার জন্য ছিয়াম-ছালাত কায়েম যেমন জরুরী; রাষ্ট্র প্রতিষ্ঠাও একই রক্ষম শুরুত্বপূর্ণ। কোরআন তেলাওয়াতের পাশাপাশি হাতে ভরবারী ধরাও অপরিহার্য। আর শান্তি প্রতিষ্ঠার নামে অন্ত্র ত্যাগ করার পশ্চিমা যে চক্রান্ত, তাতে আর কখনো কেন্সে যাওয়ার ইচ্ছা আমার নেই।

তদুপরি আমি শরতানের দোসের কাফির-মুশরিক ও ইত্দি খৃস্টানদেরকে প্রচণ্ড ঘৃণা করি। এতদিন ওদের বিরুদ্ধে যবান ও কল্ম ঘারা এবং হাদয় ও হাদয়বৃত্তি ঘারা লড়াই করেছি। কিন্তু এখন সময় হয়েছে ওদের উপর চ্ড়াক্ত হামলা করার।

মা আমার। তুমি মন খারাপ করো না। ত্যেমার বাবার সৌভাগ্য, একইসঙ্গে সে কবি-সাহিত্যিক, লেখক-কলামিট এবং বীরবিক্রম মুজাহিদ।

সত্যিই আমি বড় সৌভাগ্যবান। কারণ আমার জীবনটা সুৰময়, আমার মৃত্যু শহীদি মৃত্যু।

মা আমার। তুমি চেটা করো বাঁটি মুমিন হিসাবে জীবন যাপন করার আর তোমার পক্ষে সম্ভব ছোট-বড় সকল উপায়ে জিহাদ ফী সাবীল্লিাহ অব্যাহত রাখতে। নির্জনে গভীরভাবে চিস্তা করবে, আল্লাহ তোমাকে দুনিয়াতে পাঠিয়েছেন কী উদ্দেশ্যে? সেটা বাস্তবায়নের চেটা করো, আর সুখে-দুঃখে, বিপদে-আপদে সর্বাবস্থায় কোরআনকে আঁকড়ে থাকবে।

বিদায় মা আমার। শীঘ্রই দেখা হবে জন্নাতে, মহান জাল্লাহর দরবারে।

সারা বিশের সকল মুসলিম ভাইদের উদ্দেশ্যে বলছি- সাধারণত সবাই জীবনকে অবলঘন করে মৃত্যুর দিকে ধীরে ধীরে এগিয়ে যার। কিছু আমি মৃত্যুকেই বেছে নিয়েছি অনম্ভ জীবনের দিকে অগ্রসর হওয়ার পথ হিসেবে। ফলে সবাই জীবনকে ধারণ করে মৃত্যুর দিকে এগিয়ে যায়। আর আমি মৃত্যুকে বরণ করেছি জীবনের পথে ধাবিত হওয়ার জন্য, আল্লাহ ভাল জানেন ধেকৃত সফল কে?

আরেকটি বিষয় মনে রাখতে হবে- ইসলামকে আঁকড়ে থাকতে হবে শুধ্ মুখের দাবীতে নয়, ফাজে-কর্মে ও কর্মতৎপরতায়, সর্বোপরি আল্লাহর রাস্তায় সশস্ত্র জিহাদে শরীক হয়ে। কারণ ইসলাম শুধু কয়েক রাকাত নামায আর মৌসুমী কিছু ইবাদত-বন্দেগীর নাম নয়; বরং নবী-জীবনের সামগ্রিক কার্যক্রমের সমষ্টিকেই বলা হয় ইসলাম।

ইসলামকে স্নির্দিষ্ট কিছু ইবাদত-বন্দেগিতে আবদ্ধ করে ফেলটা হচ্ছে শয়তানের ধোকা, আত্মার প্রবৃত্তি, ইহুদি-খৃষ্টনে ও ইবলিসের দোসরদের সৃক্ষ ষড়যন্ত্র, সুতরাং এ ব্যাপারে সবাই সাবধান।

আর প্রতিটি মুসলমানের অপরিহার্য করণীয় হচ্ছে সর্বোউপায়ে থেকোন মূল্যু সাধ্যমত তাদের বিরুদ্ধে যুদ্ধ চালিয়ে যাওয়া যুদ্ধ মানেই অস্ত্রের ঝনঝনানি নয়; অর্থনৈতিক, চিন্তানৈতিক, মনস্তাত্ত্বিক ও হৃদয়বৃত্তিক উপায়ে পরিচালিত যুদ্ধ অনেক সময় সশস্ত্র যুদ্ধের চেয়ে ভয়ংকর পরিণতি ডেকে আনে শক্রাশিবিরে। সুতরাং সর্বোউপায়ে সর্বশক্তি নিয়োগ করে শক্রুর বিরুদ্ধে ঝাপিয়ে পড়া সকলের কর্তব্য।

শরীয়ত-নির্দেশিত ওছিয়ত

আমার সমগ্র সম্পদের এক তৃতীয়াংশ আমীরুল মুজাহিদীন শায়েখ আব্রর রপূলির রব ছাইয়াফ এর মাধ্যমে সকল মুজাহিদদের উদ্দেশ্যে ব্যয় করা হবে বাকী সম্পদ শরীয়তসম্মত পদ্মায় আমার ওয়ারিছদের মধ্যে বন্দিত হবে। অর্থাৎ অর্থেক আমার মেয়ে পাবে। এক ষষ্ঠাংশ আমার মায়ের জন্য। আর অবশিষ্ট সম্পদ আমার ভাই ও বোনদের মধ্যে ভাগ করে দেয়া হবে। বন্দীন আরো নিখুঁত করার জন্য বিজ্ঞা কোন আলিমের শর্ণাপন্ন হওয়া যেতে পারে। আয় আল্লাহ। যত মানুষের উপর আমার হক ছিল আমি সব মাফ করে দিলাম। সুতরাং তুমিও আমার সকল গুণাহ বিচ্যুতি মাফ করে দাও।

মায়ের কাছে লেখা পত্র

হামদ ও ছালাতের পর

আল্লাহর তাকদীর ও ফায়ছালার উপর পূর্ণ আস্থা ও অটল বিশ্বাস নিয়ে আমি নীচের কথাগুলো পিখছি।

তক্ষ থেকেই আমার জীবনটা ছিল অন্যর্কম। স্বার থেকে কিছুটা ভিন্ন। আমার হাসি-আনন্দ ও দুঃখবেদনা, স্বকিছুই ছিল অভুত। জীবনের চাকা ঘুরতে খুরতে অবশেষে আজ আমি এখানে, আফগানিস্তানের রণাক্ষনে।

হয়ত আপনি ভাবেন, এখানে আমার কী কাজ? তো এখানে আমার একমাত্র কাজ হল, আল্লাহর পক্ষ থেকে আমার উপর ফর্য করা একটি মহা তরুতুপূর্ণ ইবাদত যা দীর্ঘ যুগ পর্যন্ত আমি ভূলে ছিলাম। এখানে আবার নতুন করে

সেটা ফিরে এসেছে। যেসকল মহান পুরুষ নিজের জীবন উৎসর্গ করে তা ফিরিয়ে এনেছেন আরাহ তাদেরকে আপন শান মোতাবেক জায়া দান করুন।

মা, বিশ্বাস করুন, আপনার সঙ্গে রুড় আচরণ, দুর্ব্যবহার আর অবাধ্যতা করা আমার উদ্দেশ্য নয়। আবার কারো দ্বারা প্রভারিত বা বিশেষ কোন ঘটনায় প্ররোচিত হয়ে আমি এখানে আসিনি। সভিয় ছো এটাই যে, আমি ছর থেকে বের হয়েছি এমন এক অবস্থায় যখন পরিস্থিতি নিয়ন্ত্রণের সম্পূর্ণ বাইরে চলে নিয়েছিল। ইসলাম ও মুসলমানরা চরম হুমকির মুখে পড়েছিল। ইসলামকে ধ্বংস করার পাঁয়তারা চলছিল। মা-বোনদের ইচ্ছত-আবরু পুঠিত ইচ্ছিল। কিন্তু আফসোসঃ সবাই নীরব দর্শকের ভূমিকায় ভাষাশা দেখছিল, আরব বিশের নামিদামি প্রচার-মাধ্যমণ্ডলো যার ছহল্য প্রমাণ। সাধারণ-অসাধারণ সবাই নির্বিকার নিশ্বিত্ত মনে খাছেই, ঘূমাছেই আর ফুর্তি করছে। যার পরিশ্বিত শান্থনার মৃত্যু হাড়া আর কী হতে পারে।

বল্ন মা, এমন পরিস্থিতিতেও কি ঘরে হসে থাকা আমাকে শোভা পেত? তাই আমি এবং আমার সহযোদ্ধারা এখানে সমবেত হয়েছি, নিজেদের সর্বব বিলিয়ে দিয়ে, শেষ বিন্দুটুকু বিসর্জন দিয়ে আল্লাহর ফালিমাকে উচু করার জন্য।

খুব ভাল হত যদি এমন কঠিন পরিস্থিতিতে আপনার এবং পরিবারের অন্যান্য সদস্যদের সহযোগিতা না হোক অন্তত একটু সহমর্মিতা পেতাম।

ষাই হোক, আমাদের তো অন্যদিকে তাকানোর সুযোগ নেই, আমরা তথু
সামনে এগিয়ে যাবো তলি লাগবে আমাদের বুকে; পিঠে নয়। সূতরাং
তোমরা আমাদের সমালোচনা না করে কামিয়ারী কামনা করো। কারণ
পরিস্থিতি এমন বিভীষিকাময় যে, পাষণ্ডের পাথর-ফ্রদয়ও গলে যাবে। আর
যার বুকে ফ্রদয় আছে এবং সেখানে ইসলাম ও মুসলমানদের প্রতি সামানা
বেদনা ও সমবেদনা আছে তার হৃদয় ফেটেই যাবে। কথা হয়তো অনেক লখা
হয়ে গেল বিদায়-বেলায় আরো কত কথা এসে যেতে চায়, তবে জীবনের
শেষ আবদার হিসাবে তোমাদের কাছে আমার বিদায়ী আক্তি- যখনই
তোমরা কোরআনের আয়াতে, হাদিসের আবহে, পরস্পর স্মৃতিচারদে
শহীদদেরকে সরণ করবে তখন আমাকেও স্মরণ করো। আমাকে স্মরণ করো
দিনের আলোয়, চাঁদের জোসনায়, রাতের আধারে, অমাবসায়র অমানিশায়।
স্মরণ করো... তোরের উষায় সন্ধার লালিমায়। স্মরণ করো প্রতিটি ইসলামী

আন্দোলনের ভরঙ্গ জোয়ারের সময়; স্মরণ করো আর শিক্ষা গ্রহণের চেষ্টা করো।

এখন এমন একটি মূহুর্ত যখন ভিন্ন কোন চিন্তা মাথায় আসার স্যোগ পায়
না। কথা বলতে চাইলে ভাষা ভালাশ করে পাওয়া যায় না। আর এগুলোর
প্রয়োজনই বা কী? ঘর থেকে বেরিয়ে পড়েছি, মান্যিশে মাকসুদে রওয়ানা
হয়েছি, এখন তথু পৌছার অপেকা। কোথায় পৌছব? যেখানে আমার আসে
পৌছেছে আমার পূর্ববর্তী শহীদরা। যেখানে আমার জনা ইন্তেযার করছে
ইমামূল মূজাহিদীন, সাইয়িয়েদুল কাওনাইন জনাব মূহাম্মাদুর রাসুলুল্লাহ্
সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম। যেখানে আমি পাবো মহান রবের পরম
সম্ভবি আমার চিরছায়ী ঠিকানা জালাত।

ইক্তি

আবুল ওয়াহহাব

যে মানুষের চোধে গাজী, আল্লাহর দরবারে শহীদ।

শহীদ আবুদ সামাদ

শহীদ আবৃস সামাদ, আমার দেখা সবচে আদর্শবান, সুশীল, সম্রান্ত ও আত্মর্যাদাবোধসম্পন্ন ব্যক্তিত্ব। সবার সামনে নিজেকে সে অনন্য এক আদর্শ হিসাবে তুলে ধরতে সক্ষম হয়েছিল। সে ছিল কোমল আখলাক ও উত্তম চরিত্রে অধিকারী। নীরবে কাজ করত, কথা একেবারেই বলত না। তার নিরংকুশ আনুগত্য ছিল প্রশংসনীয়। কখনো তাকে "কী-কেন" বলতে শোনা যায়নি। কথা বলত দ্বার্থহীন সিদ্ধান্তে সর্বদা অটল থাকত। দোদুল্যতা বা আমতা আমতা তাব কখনো তার মধ্যে দেখা যায়নি মুখে কিছু না বললেও ভার অভিব্যক্তি থেকে বোঝা যেত, মনে মনে যেন সে এই কবিতার পংকিটিই আওড়াতে থাকে।

।

তাখ খুললে কভজনকেই তো দেখা যায়

তবে সভিত্রকার মানুষ পাওয়া সভিত্রই বড় দয়া

একদিন সে আমাকে জিজ্ঞাসা করণ, জিহাদের আসল চ্কুম কী? আমি বললাম করজে আইন। সে বলল, তাহলে আর দেরি কেন! ব্যস, সে বেরিয়ে পড়ল। সে ছিল তার মায়ের একমাত্র সন্তান। তার জিহাদে বের হওয়ার কথা তনে তার মায়ের আত্মহারা ও পাগলপ্রায় অবস্থা।

কলিজার টুকরা হেলেকে লক্ষ্য করে তিনি এমন মর্মশর্লী একটি প্র লিখেছেন, যা পড়ে চোখের পানি ধরে রাখা অসম্ভব। প্রতিটি হরফে হ্রদয় নিংড়ানো ভালবাসা, প্রতিটির বাক্যে নাড়ি-ছেঁড়া মমতা। শোক-বিহ্বল অসহার একজন মারের পক্ষে কীই বা করার ছিল, শৃণ্য হৃদয়ের হাহাকার ছাড়া..... "আর বাহা ফিরে আয়, এভাবে একা ফেলে যাস না, নিষ্ট্রভাবে কররে ঠেলে দিস না।"

কিয় মৃজাহিদ যখন আল্লাহর রাস্তায় বেরিয়ে পড়ে তখন অবশ্য বিজয় কিংবা শাহাদাত ছাড়া আর কিছুই তাকে ফেরাতে পারে না। তাই সে জিহাদে শরীক হল এবং ওক্তর আহত হয়ে কিছুদিন পর শাহাদাত বরণ করল। তাকে অন্যান্য শহীদদের সঙ্গে দাফন করা হল। কেয়ামতের দিন শহীদদের কাতারে তাকে দেখে আমরা আনন্দিত হব ইনশাআল্লাহ।

শহীদ আব্দুস সামাদ সম্পর্কে আমার হৃদয়-নিভূতে অনেক সুন্দর সুন্দর কথা ছিল, যা আমাদের সকলের জন্যই হতে পারত জীবন চলার পথে অমূল্য পাথের। কিন্তু আগ্রাহর এই মুখলিছ বান্দা গুছিরত করে গেছে যাতে ভার সম্পর্কে স্পট্টভাবে, সুনির্দিষ্ট করে কিছু না বলা হয়। তাই ভার গুছিয়তের মর্যাদা রক্ষার্থে হৃদয়ের আবেগকে নিয়ন্ত্রণ করতে হচেছ। কলমের রেশ টানতে হচেছ।

ফদয়ের কথাওলোকে বুকের মাটিতে সমাহিত করলাম, তোমার সমাধিপানে তাকিয়ে আকৃতি জানালাম, আল্লাহ যেন আমাদের হাশর করেন তোমার সাখে।

Ĩ

বাবার কাছে লেখা পত্র

৪ জ্লাই- ১৯৮৫ইং ৫ই শাবান- ১৪০৫ হিজরী বিসমিল্লাহির রাহ্মানির রাহিম

হামদ ও সালাতের পর অন্তরের অন্তঃরেল থেকে আপনাদের প্রতি রইল সালাম ও উন্ধা সম্ভাবণ। আরো জানাই সদের অগ্রিম ওভেচ্ছা। উদের অনাবিল আনন্দ আল্লাহ যেন আপনাদের মাঝে সারা বছর অমলিন রাখেন। সুখ-সচ্চলতা ও শান্তি নিরাপন্তা যেন স্বাইকে বেষ্টন করে রাখে আজীবন।

আমি খুব লজিত, এই দীর্ঘসময় কোন প্রকার যোগযোগ করতে পারিনি বলে।
ইচ্ছা ছিল, কিন্তু সম্ভব হয়নি। কারণ খুবই গুরুত্বপূর্ণ ও লপর্শকাতর একটি
অভিযানে পরীক ছিলাম। তো আপনারা আমার জন্য বিশ্বমাত্র পেরেশান
হবেন না। এখানে আমি খুব ভাল আছি। অনেক দিন পর আপনাদের কাছে
চিঠি লিখতে বসে হদয়ের গভীরে অন্যরকম এক পুলক অনুভব করছি। কিন্তু
আফসোস... পরটা শেষ করা আর সম্ভব হলো না। কারণ ভাক এসে পড়েছে
নতুন অভিযানের। নতুন এক দিগন্ত উম্মোচনের। তো সবশেষে আপনাদের
কাছে আমার মিনতি- (হতে পারে এটা আমার জীবনের শেষ আবদার)
কানো কোন পরিস্থিতিতে বাতিলের সামনে মাখা নত করবেন না। জটিল
থেকে জটিলতম পরিস্থিতিতে মনোবল হারাবেন না। আল্লাহর কাছে সাহায্য
চাইবেন। অবশ্যই তিনি সাহা্য্য করবেন। কে আছে তিনি ছাড়া, সাহা্য্য

আফগানিতানে মিসরীয় বীরযোদ্ধা (শহীদ হামদী আল্-বাল্লা)

লাল-ল্যামলা বর্ণের সূঠাম যুবক হামদী আল-বারা। তার সঙ্গে প্রথম সাক্ষাং হয়েছিল কাফেলাসহ এক অভিযানে যাওয়ার পরে। বলা হয়, আফগানিস্তানের মাটিতে তিনিই প্রথম মিসরীয় শহীদ। বভাবগতভাবেই তিনি ছিলেন বাকসংযমী। সচরাচর তাকে কথা বলতে দেখা যেত না। তবে যখন মুখ খুলতেন মুসলমানদের দুঃখ-দুর্দশার কথা তার বুকে থেকে আগ্রেয়ণিরির লাভার মত উগরে বের হতো।

প্রথম সাক্ষাতে তার পরিচয় ও সংক্ষিপ্ত কারগুজারি জেনেছিলাম খুব মিষ্টি ভাষায়, কোমল আওয়াজে, স্মিত অভিব্যক্তিসহ। সেদিন কথাগুলো তিনি বলেছিলেন- আমার নাম হামদী আল-বারা। আমি মিসর থেকে এনেছি। পেশায় আমি একজন প্রকৌশলী। মিসর থেকে পড়াশোনা শেষ করে উচ্চতর শিক্ষার উদ্দেশ্যে লন্তনে গিয়েছিলাম। কিন্তু মনের অবস্থা দ্রুততম সময়ের মধ্যেই পরিবর্তন হয়ে গেল। পড়ালেখা অসমাপ্ত রেখেই মিসরে ফিরে এলাম। থারে থারে আমার চারপাশ, চেনা পরিবেশ অপরিচিত হয়ে উঠতে লাগন। এখন আর আরাম-আয়েশ, সুখ-আছেন্দ্য ভাল লাগে না। নরম বিছানা, গরম থাবার, মনোরম আবহ কোন কিছুতে স্বন্তি পাই না। ব্যস সব ফেলে বেরিয়ে পড়লাম শান্তির খোঁজে, পরম শান্তির চিরস্থায়ী আবাস জারাতের তালাশে। এভাবে চলে এলাম আফগানিস্তানে। কারণ হাদিসে যে জারাতী যুবকের বিবরণ এসেছে- "ঘোড়ার লাগাম ধরে উড়ে চলে, মজলুমের ফরিয়াদ ভনে মৃত্যুর তালাশে"। সেই জারাতী যুবক হওয়ার জন্য আফগানিস্তানই উত্তম কেরা।

তো এই হল সেই মিসরীয় যুবকের কারগুজারি। আফগানিস্তানে আসার পর থেকে তিনি মুজাহিদদের ঘাঁটিতে ঘাঁটিতে গিয়ে খোঁজ খবর নিতেন- কোখায় এখন সবচে' ঝুঁকিপূর্ণ অভিযান চলছে। সবচেয়ে গুরুতর ও স্পর্শকাতর অভিযানগুলোতেই তিনি অংশ নিতেন। এরই ধারাবাহিকতায় মৌলভী পোলাম মৃহামাদ গরীব-এর নেতৃত্বে পরিচালিত অত্যন্ত কার্যকরি ও জীতিসংকুল এক অভিযানে অংশগ্রহণ করেন এবং আল্লাহর মেহেরবানিতে এ যুদ্ধে মুজাহিদ বাহিনী বিজয় লাভ করে। এটা ছিল শাবান মাসের ঘটনা। সেখান থেকে ফিরে রুম্যান মাসেই আরেকটি অভিযানে শরীক হলেন। আমার সৌভাগ্য যে, ১ম, ২্য় ও ৩য় রমহানে ভার সঙ্গে সময় কাটানোর সুযোগ হয়েছে। তখন তিনি মসজিদ নির্মাণের উদ্দেশ্যে জমি সমান করার কাজে নিয়োজিত ছিলেন। দেখতাম তিনি নীরবে-নিঃশব্দে কাজ করছেন। মূখে কোন কথা নেই, কোন হৈচৈ-ছঙ্গন্তুল নেই। আত্মনিমগ্ন হয়ে কাজ করছেন। ক্লান্তি-বিরক্তি কোন কিছুই যেন তাকে স্পর্শ করে না। তার আরেকটি বড় বৈশিষ্ট্য ছিল, সঙ্গী-সাখীর সেবায় নিজেকে মিটিয়ে দেয়া। তার অভ্যাস ছিল সবার খাওয়া শেষ হওয়ার পর খেতে বসা। তিনি দূরে বসে অপেক্ষা করভেন, যখন সবাই দন্তরখান থেকে ফারেগ হতো তখন তিনি দস্তরখান ঝেড়ে রুটির টুকরা ও ভগ্নাংশগুলো জড়ো করতেন, আর সব কাপের উচ্ছিষ্ট চা কাপে জমা

করতেন। ব্যস এতটুকুই তার জন্য যথেষ্ট হয়ে যেত। আঙুল চেটে খাওয়া, বাসন পরিষ্কার করে খাওয়ার সুন্নাত খুব ইহতেমামের সঙ্গে পালন করতেন। আর সোম ও বৃহস্পতিবারের সাপ্তাহিক রোযার সুন্নাত আমল করতেন।

পাঁচই রমযান সকাল দশটার দিকে ভয়াবহ এক বিমান হামলায় তিনি শাহাদাত লাভ করেন। মূজাহিদ বাহিনির অবস্থান লক্ষ্য করে শত্রুদের বোমারু বিমান থেকে বৃষ্টির মত গোলা বর্ষণ চলছিল। গোলার আঘাতে বিশাল এক পাখরখণ্ড উপর থেকে ধ্বসে সরাসরি তার মাখার উপর এসে পড়ে। সঙ্গে সঙ্গে তার রূহ পরওয়াজ করে চলে যায় মহান আল্লাহর সাম্লিধ্যে।

পরিবারের কাছে লেখা ভার পত্র

শ্রদ্ধেয় মা-বাবা ও প্রিয় ভাই-বোনেরাঃ আসসাধামু আলাইকুম ওয়ারাহমাতৃল্লাহ।

হামদ ও ছালাতের পর আমি তোমাদেরকে শোনাতে চাই আল্লাহ ও তাঁর রাসুলের বাণী-

فاذكرومي اذكركم.....

কোরআনে কারীমে ইরশাদ হয়েছে- তোমরা আমাকে স্মরণ করো তাহলে আমিও তোমাদের স্মরণ করবো। আর তোমরা আমার শোকর করো, নাশুকরি করো না। হে ঈমানদারণণ, তোমরা ছবর ও সালাতের মাধ্যমে সাহায্য চাও, অবশ্যই আল্লাহ ছবরকারীদের সঙ্গে রয়েছেন আর যারা আল্লাহর রাস্তায় নিহত হয় তাদেরকে তোমরা মৃত বলো না, বরং তারা জীবিত কিন্তু ডোমরা অনুতব করো না। আর অবশাই আমি তোমাদেরকে পরীক্ষা করবো, কিছুটা ভয়, ক্ষ্মা এবং ধন-সম্পদ, জন-সম্পদ ও ফলাফলাদির ক্ষতির মাধ্যমে, (তথন তোমাদের করণীয় হল ধৈর্যধারণ করা। কারণ ছবরকারীদের সম্পর্কে ইরশাদ হচ্ছে, আর আপনি সুসংবাদ দান কয়ন্ম ছবরকারীদেরকে) যারা বিপদ-আক্রান্ত হলে বলতে থাকে, অবশ্যই আমরা আল্লাহর জন্য এবং আমরা আল্লাহর কাছেই কিরে যাবো। তাদেরই উপর বর্ষিত হয় তাদের রবের পক্ষ থেকে অসংখ্য ছালাত এবং রহমত, আর তারাই সফলকাম।

আল্লাহ তায়ালা আরো বলেছেন-

আর যদি তোমরা আল্লাহর রাস্তায় নিহত হও, কিংবা (বাভবিক) মৃত্যুবরণ করো তাহলে তোমাদের জন্য রয়েছে আল্লাহর পক্ষ থেকে বিশেষ মাগফিরাত ও রহমত, যা তোমাদের সঞ্চয় করা যাবতীয় কিছু থেকে উত্তম।

অন্য আয়াতে ইরাশদ হয়েছে- যারা আল্লাহর রাস্তায় নিহত হয়েছে তাদেরকে তোমরা কিছুতেই মৃত মনে করো না, বরং তারা জীবিত (এবং) তাদের রবের কাছে রিযিকপ্রাপ্ত। আল্লাহ নিজ অনুমহ থেকে যা কিছু দান করেছেন তা পেয়ে তারা ভীষণ খুশী। আর তারা আনন্দিত হয় আল্লাহর পক্ষ থেকে বিশেষ নেয়ামত ও অনুমহ পেয়ে এবং এই কারণে যে, আল্লাহ মুমনিদের আমল নষ্ট করেন না।

অন্যত্রে এনেছে- প্রত্যেক নহস মৃত্যুর স্বাদ গ্রহণ করবে। কেরামতের দিন তোমাদেরকে তোমাদের আজর পরিপূর্ণরূপে প্রদান করা হবে। সূতরাং যাকে জাহান্নাম থেকে দ্রে সরানো হবে এবং জান্লাতে দাখেল করানো হবে, সেই সফলকাম হবে। আর পার্থিব জীবনতো ধ্যেকার সামগ্রি মাত্র।

হাদীসে ইরশাদ হয়েছে- আল্লাহর নিকট শহীদের বিশেষ মর্যাদা রয়েছে, আল্লাহ তাকে মাফ করে দেন এবং জান্নাতের মধ্যে তার জন্য নির্ধারিত স্থান তাকে দেখিয়ে দেন। জাহান্লামের আযাব থেকে মৃক্তির সৃসংবাদ গুনিয়ে দেন। আর কেয়ামতের বিভীষিকা থেকে তাকে নিরাপদ রাখেন।

অন্য বর্ণনায় আছে শহীদের মাধায় মর্যাদার মৃকুট পরানো হয়, যে মৃকুটের একটি হীরার মৃশ্য দুনিয়া ও তার সকল সম্পদ থেকেও অনেক কেশী। আর তাকে বিবাহ করানো হবে জান্নাতের ৭২ জন হরের সলে। তদুপরি তার সম্বরজন জাহান্নামী আত্মীয়ের বিষয়ে তার সুপারিশ কবুল করা হবে।

কবি কড চম্হকার বলেছেন-

প্রাণ্থিয় মুহাম্মাদ ও তার সাহাবীদের সাথে মা তুমি কেঁদো না জোরে।

তোমরা কেউ বোঝাও না আমার মাকে। তিনি যেন না কাঁদেন, তিনি যেন ধৈর্য্য ধরেন।

আমি আছি আমার রবের নিকট, খুব ভাল আছি। তিনি আমাকে রিযিক দেন, হেদায়েত দেন। হয়ত আমি বঞ্চিত তোমাদের জ্ঞানাযা থেকে, কিন্তু আমার জ্ঞানাযা পড়েছেন ফেরেশতারা, আসমানে তো ইল্লিয়্যিনে যার জ্ঞানাযা হয়েছে, হুমীনের জ্ঞানাযার তার দরকারই বা কী আছে?

আমি জান্নাতের বাগানে, মনের আনন্দে, পাখীর মত উড়ে বেড়াই ডাল-পাতার ফাঁকে-ফাঁকে।

আমি থাকি নবীর পরশে সাহাবীদের প্রতিবেশে, পরম শান্তি ও চিরস্থারী সৌভাগ্যের আলয়ে।

ইতি- হামদী

শহীদ হামদীর গুছিয়ত

আসালামু আলাইকুম ওয়ারাহমাতুল্লাহ

হামদ ও সালাতের পর আমি তোমাদেরকে তাকওয়ার ওছিয়ত করছি। আর যখনই তোমাদের দারা কোন গোনাহ হয়ে যাবে সঙ্গে সঙ্গে তার প্রতিকার ও ক্ষতিপূরণ হিসাবে নেক আমল করে নেবে। আর মানুষের সঙ্গে সর্বোন্তম আচরণ করবে।

আমার ইডেকালের পর নিম্রোক্ত বিষয়গুলো যেন পালন করা হয়-

- ইন্তেকালের পর কাছাকাছি কোন জায়গায় আমাকে দাকন করবে,
 দূরে কোথাও স্থানান্তরিত করবে না।
- আমার কবরে কোন চিহ্ন রাখবে না; বরং মাটির সঙ্গে সমান করে।
- গায়ের কাপড়েই কাফন দেবে, নতুন কাপড়ে নয়।
- 8 তবে জিহাদ ও মুজাহিদদের উপকার হয় এমন বস্তু খুলে নেবে।
- ব্যাগসহ আমার ব্যবহারের সমস্ত সামানপত্র ইয়াতিম-মিসকীনদের

 অন্য হদকা করে দেবে।
- ভাই আবু উবাইদকে দান করা হবে।

আমার শাহাদাতের পর বখাসম্বর দ্রুততম সময়ের মধ্যে দিন-তারিখ
উল্লেখ করে আমার পরিবারের কাছে পত্র পাঠাবে।

আফগানিভানের মাটিতে ভিউনিসিরার প্রথম শহীদ

হে যুদ্ধবিদ্ধন্ত আফগানিস্তান। তোমার তো চাই আরো উৎসর্গ, আরো রক্ত পাক-পবিত্র, তোমার তো চাই আরো গাঞী, আরো শহীদান।।

তাকিরে দেখো, তোমার সেই আবেদনে সাড়া দিরে চুটে আসছে, কত মুখিন, মর্দে মুজাহিদ কাছ থেকে, দূর থেকে, গ্রাম ও শহর থেকে, প্রত্যন্ত অঞ্চল ও আলোঝপ্রমূল শহর থেকে। দলে দলে উড়ে আসছে আল্লাহর দলের শিপাহী। বাঁচলে গাজী: মরলে শহীদ, সবাই হতে চায় জান্নাতের পাখী।

আৰু আকাৰা

হৃদয়ের ডাকে সাড়া দিয়ে, জান্নাতের পথে ধাবিত হওয়ার প্রতিযোগিতায় তিউনিসিয়া থেকে যারা অংশগ্রহণ করেছিল আবু আকাবা হচ্ছে তাদের সর্বপ্রথম। আফগানিস্তানের মাটিতে তিনিই সর্বপ্রথম তিউনিসীর শহীদ। ডিউনিসিয়ার রাজধানীতে তিনি জন্মহণ করেছেন এবং সেখানেই বেড়ে উঠেছেন। বড় হয়ে তিনি একটি কারখানায় কাব্র তরু করেছিলেন। ভারণর লেখপড়ার উদ্দেশ্যে যখন তিনি মদীনায় আসেন তখন মসঞ্জিদে নববীর এক দরসের হালকায় তার সঙ্গে আমার প্রথম সাক্ষাত হর। পরবর্তীতে তিনি সদেশে ফিরে গেলেন। কিন্তু মুসলমানদের মজলুমানা ছালত তাকে এতটাই অস্থির-বেচায়ন করে তুলল যে, তিনি ঘর-বাড়ি, স্ত্রী-পুত্র, পরিবার-পরিজন স্বছেড়ে বেরিয়ে পড়লেন আল্লাহর রাস্তায়। প্রথমে তুরছে এবং সেখান থেকে ফ্রান্সে গেলেন। এভাবে উৎকন্ঠা-অন্থিরভার মধ্যে একে একে দশ মাস কেটে গেল। পরিস্থিতি যখন নিয়ন্ত্রণের বাইরে চলে গেল তখন তিনি স্থির সিদ্ধান্তে উপনীত হলেন যে, চিরস্থায়ী শান্তির জন্য তিনি প্রয়োজনে নিজের জীবন উৎসর্গ করে দেবেন। তো তিনি অন্থাহর জন্য বন্ধন ও সংসার ত্যাগ করে আফগানিস্তানে এসে পেয়েছেন অন্যরকম সন্ধন-সংসার, যাদের প্রত্যেকেই এখানে একতা হয়েছে অভিন্ন উদ্দেশ্যে, আল্লাহর কালিমাকে আল্লাহর যমীনে বৃদন্দ করতে। যাদের শ্লোগান হচ্ছে আরাহ্ আকবার। মনে ভামান্না হচ্ছে

শাহাদাত। মদীনায় দরসের হালকায় প্রথম সাক্ষাতের পর, আকগানিস্তানে তার সক্ষে আমার দিতীয়বার সাক্ষাৎ হল। তারপর আমরা নিজ নিজ ঘাঁটিতে পৌছে গোলাম। রম্যানে তৃতীয়বার সাক্ষাৎ হল। বিদায়ের সময় যখন মোআনাকা করলাম, অজানা এক অনুভূতি ও বিদায়ী উষ্ণতা অনুভব করলাম। কথা ছিল আমাদের বিদায়ের তিনদিন পর তিনি (অভিযান স্থাপিত করে) প্যারিসে স্রীর সংস্পর্শে যাবেন। কিন্তু ভাকদীর তার জন্য লিখে রেখেছিল নতুন এক ওয়াদা। গ্রীর কাছে নয়; বয়ং আল্লাহর কাছে যাওয়ার ফায়ছালা।

১২ ই শাওয়াল আল্লাহর এই বান্দা অযু করা অবস্থায় ভয়ংকর এক বিমান হামলায় শাহাদাত লাভ করেন এবং আল্লাহর দরবারে চলে যান।

শহীদ আবু আকাবা (মৃহামাদ বিন ইবরাহীম) হিলেন বছে হদর ও সংযত যবানের অধিকারী। অপ্রয়োজনীয় কথার তো প্রশ্নই আলে না, এমনকি প্রয়োজনীয় কথাও হিসাব করে বলতেন। দীর্ঘ সময় তার পালে বলে থেকেও অনেক সময় একটা টু শব্দ পর্যন্ত শোনা যেত না। তার হৃদয় হিল অত্যন্ত উদার, কারো প্রতি হিংসা-বিবেদ তো দ্রের কথা; অপ্রসন্তা পর্যন্ত হিল না তার হৃদয়ে। তিনি শহীদ হামদী আশ্ব-বান্নার অত্যন্ত ঘনিষ্ঠালন ছিলেন। হামদীর বিচেহদের পর তিনি নিজেও একই পথে শহীদদের শোভাযাত্রায় অংশমহণ করে চলে যান জানাতে অবশ্যই আল্লাহ আবু আকবাকে জানাতের উচ্চ মাকাম নহীব করেছেন। তার জানায়া থেকে ছড়িয়ে পড়া জানাতী খুশবু তো এ বিশ্বাসই দ্বির করে।

শহীদ আৰু আকাবার ওহিরড

হামদ ও ছালাতের পর-

আল্লাহ বৰ্ষন জামাকে শাহাদাত নছীব করবেন তথন তোমরা জামার স্থী ও পরিবারকে সৃসংবাদটি জানাবে এবং তাদের মাধ্যমে জামার জারব ভাইদেরকে দিয়ে আমার কাফন-দাফনের ব্যবস্থা করবে। কারণ আফগানদের মধ্যে কিছু ভুল পস্থা প্রচলিত আছে। যেমন শহীদের জানাযার সঙ্গে তার ব্যবহারের কাপড় ও জাসবাবপত্র দাফন করে দেওয়া ইত্যাদি। তাই আমার ইছা জারবরা জামার দাকন-কাফন করুক। যাতে দুনিয়া থেকে আমার শেষ

কারা জান্লাতী কুমারীদের ভাগোবাদে 📭 ১৫১

বিদায় এ ধরণের ভূল বিচ্যুতি থেকে রক্ষা পায় এবং ভাল্লাহর স**লে** ভাষার সাক্ষাং আরো সুন্দর হয়।

ম্বীকে দেখা তার মর্মস্পর্নী পঞ

মিরতমাং আশা করি আমার আত্নাহ তোমাকে অনেক ভাল রেবেছেন। কারগ আমার উপস্থিতি ও অনুসন্থিতিতে তিনিই আমার এবং তোমার সবচে আপন। আমার শাহাদাতের সুসংবাদ যখন তোমার কাছে শৌহবে তখন সাবধান। আমাদের আল্লাহকে ভূল বুঝো না। ভূপেও যেন তেয়মার চিগ্রায় না আসে যে, আল্লাহ ওয়াদা রক্ষা করেননি। আমাকে সময়মত তোমার কাছে শৌছে দেননি। এটা ভেবো না, বরং এই বিশ্বাসের উপর অটল-অবিচল থাকো যে, এখন তিনিই তোমার একমাত্র আপন, তার উপরই ভূমি ভরসা করতে পারো। আমার সারা জীবনের অভিজ্ঞতা এটাই বলে যে, আল্লাহ একমাত্র লগ্রাল, একমাত্র লগতা, অনুহহশীল। যেখানে সবাই নির্দ্র তখন তিনিই পরম মমতাশীল। সুতরাং তার নিরাগন্তা বেইনীতে আপ্লায় গ্রহণ করো। তার মমতার আচলতলে নিজেকে সোপর্ণ করো। তিনি তোমাকে হেফাজত করবেন। সবার থেকে এবং সবকিছু থেকে ভোমাকে আগলে রাখবেন। আর সবশেষে ভোমাকে আমার কাছে পৌছে দেবেন জাল্লাত।

থিয়তমা আমার। জীবনে বহু কট করেছো। আরেকটু কট করো, আরেকটু থৈর্য ধরো। তবে অবশ্যই সেটা যেন হয় আল্লাহর এবং তথু আল্লাহর সন্তাইর জন্য, তোমার বা কিছু কট তা তো তথু এজনাই বে আমি সপরীরে তোমার পাশে নেই। আমি আছি আল্লাহর রাজায়, আল্লাহর নির্দেশ পাশনের উদ্দেশ্যই। সৃতরাং তিনি আমাকে এবং তোমাকে একা ছেড়ে দেবেন না। তুমি তথু নিয়ত করো যে, সমন্ত কট আল্লাহর সম্ভাটর জন্য সয়ে থাকবো। ব্যস। তাহলেই তুমি প্রায় প্রত্যক্ষভাবে অনুভব করবে বে, আল্লাহর সাহায়্য, মমতা, ভালবাসা, সর্বদা তোমার সঙ্গে আছে। যেমনটি আমার ক্রেত্রে ঘটেছে। যখনই আমি এই বিশ্বাস আমার হদরে বজম্ল করেছি যে, আমার সবকিছু আল্লাহর সম্ভাটির জন্য তথনই আমি এক অপার্থিব শক্তি ও বন্তি লাভ করেছি। আমার আল্লাহর সঙ্গে ঘনিষ্ঠ ও একনিষ্ঠ সম্পর্ক অনুধাবন করেছি। আর তথনই মনে হত সব কেলে এখনই চলে বাই আমার আল্লাহর কাছে।

সবশেষে বলি প্রেয়সী আমার। হয়তো আমি দ্বীনের জন্য ভোমার থেকে দূরে ছিলাম, কিন্তু এক মুহুর্তের জন্য আমার হৃদয় তোমাকে ভুলে থাকতে পারেনি, আমি তোমাকে দেখি দিনের আলোয়, রাতের আঁধারে, চাঁদের জোসনায়, সন্ধ্যার লালিমায়, ফুলের জলসায়, তারাদের মেলায়।

সারাদিনের ক্লান্ত দেহ যখন মুবড়ে পড়ে বিছানায়, কর্মবিদ্ধন্ত শরীরটা ঘূমিয়ে পড়ে মরুভূমির কোলে, তখন... ঠিক তখনই জেগাে ওঠে ভিতরের অন্তরাজা। ছুটে যায় তােমার কাছে একটু তােমার মুখখানা দেখবে বলে। তােমাকে একটু সঙ্গ দেবে বলে। কিন্তু আর ফেরে না, ফিরে আসতে চায় না। তবু তাকে আসতে হয় মুয়াজ্জিনের ভাকে সাড়া দিয়ে। তাে প্রিয়তমা আমার! জীবনে কখনােই আমি তােমাকে ভূলে থাকিনি; থাকতে পারিনি। কখনাে ভূলে থাকবােও না ইনশাআল্লাহ। আমি তােমাকে শ্বরণ করবাে, মনে মনে, আমার ফারের গভীরে, অন্তরের অন্তন্তলে, আমি তােমার আলােচনা করব আমার আলাহর দরবারে। আর প্রার্থনা করব, তিনি যেন আমাকে আর তােমাকে একত্র করেন জায়াতে, চিরস্থায়ী মুখের সংসারে। আমীন।

ইতি মৃহামাদ রোববার, ৭ই মার্চ- ১৯৮৬ **গৃ**ঃ

আবু আকাবার বাবার সাক্ষাংকার

জিহাদ ও মুজাহিদদের মুখপত্র আমাদের প্রকাশিত আশ-জিহাদ বৃশেটিন
ম্যাগাজিনের বিশতম সংখ্যায় যখন আবু আকাবার শাহাদাতের সংবাদটি ছাপা
হলো তখন সমগ্র তিউনিসিয়ায় ব্যাপক আলোড়ন সৃষ্টি হল। আফগানিস্তানের
জিহাদ এবং সেখানকার মুজাহিদদের কার্যক্রম বতুন করে আলোচনায় উঠে
আসল। বিশতম সংখ্যার যে কয়টি নুসখা (কপি) তিউনিসিয়ায় পৌছেছিল
সেগুলোই তারা সবাই মিলে পালাক্রমে এবং পর্যায়ক্রমে পড়ে ফেলল। আর
আবু আকাবার মা-বাবাকে মারহাবা ও সংবর্ষনা দিতে তক্ত করল।

পরবর্তীতে কোন এক স্থোদে পত্রিকার প্রতিনিধি তার বাবার সঙ্গে তাদের গ্রামের বাড়ীতে স্যক্ষাৎ করে এবং তার সঙ্গে খোলামেলা বিস্তারিত আপ্যেচনা করে। সেই আলোচনারই চুম্বকাংশ এখানে ভূলে ধরা হল-

প্রতিনিধিঃ আপনার সম্ভানকে আল্লাই শাহাদাতের মত সর্বোচ্চ মর্যাদা দান করেছেন। তো এ বিষয়ে যদি আপনার অনুভূতি আমাদেরকে একট্ বলতেন।

পিতাঃ আত্মাহ আমাকে একজন সন্তান দান করেছিলেন। অনেক বড় আশা নিয়ে তার নাম রেখেছিলাম মুহাম্মাদ। কিন্তু কিনু দিন পর আল্লাহ তাকে নিয়ে গেলেন। পুনরায় পুত্র সন্তান দান করলেন। তার নামও রাখলাম মুহাম্মাদ, এক আলা নিয়ে। আল্লাহ তাকেও নিয়ে গেলেন। সর্বপের আমার এই পুত্রের জন্ম হল। এবারও আমি তার নাম রাখলাম মুহাম্মাদ। আরো বড় আশা-আকাক্রা নিয়ে। আমার বড় সৌভাগ্য, আল্লাহ তাকে সর্বোচ্চ মর্বাদা শাহাদাত নহীব করেছেন। আমি আমার আল্লাহর কারসালার, তার দানে ও দ্য়ার মহাখুলী, সীমাহীন আনন্দিত।

প্রতিনিবিঃ তাঁর স্বভাব-বৈশিষ্ট্য সম্পর্কে কিছু বলুন!

পিতাঃ সে আমার ও তার মায়ের প্রতি অত্যন্ত অনুগত ও সীমাহীন সদাচারী ছিল। ঘরে-বাইরে কথার-কাজে-কর্মে এবং কর্মক্ষেত্রে সর্বত্রই সে ছিল অত্যন্ত বিশক্ত ও আমানতদার।

গান্তির্য ছিল তার চরিত্রের জনন্য বৈশিষ্ট্য । অপ্রয়োজনীয় কথা ও কৌতৃহল এড়িয়ে চলতো। আল্লাহ ও তার রাসুলের কথা, মৃত্যু ও পরকালের জালোচনায় সে খুব আপ্লুত হত। ইসল্যে ও মুসলমানদের চিন্তা পেরেশানি নিজের বুকে ধারণ করত। মুসলিম উন্থাহর দুঃখ-দুদর্শা সবসময় তাকে

চিন্তামগ্ন ও আত্মসমাহিত করে রাখত। আর সবসময় সে আল্লাহর কাছে আল্লাহর দ্বীনের সাহায্য ও বিজয় কামনা করত।

প্রতিনিধিঃ মুজাহিদ বাহিনীতে যোগ দেয়ার পর কি তিনি পত্র-যোগাযোগ জব্যাহত রেখেছিলেন?

পিতাঃ হ্যা.. সে নিয়মিত আমাকে পত্র লিখত আর বারবার অনুরোধ করত, আমি যেন তার প্রতি সম্ভষ্ট থাকি। তবে তার চেয়ে বেলী জোর দিরে বলত, আমি যেন তার মাকে তার প্রতি রাজি-খুলী করে দেয়। কারণ সফরের সময় সে স্পষ্ট করে তার মাকে উদ্দেশ্যের কথা বলে যায়নি। সে নতুন বিবাহ করার কারণে তার মা হয়তো ঐ মহুর্তে তাকে সমতি দিত না।

প্রতিনিধিঃ শাহাদাতের সংবাদ শোনার পর তার মায়ের অবস্থা কেমন হয়েছিল?

পিতাঃ সন্তানের মৃত্যু-সংবাদ মায়ের মনে কী ঝড় তুলতে পারে সেটাতে তথু থ্রী মা-ই অনুভব করতে পারে, বলে বোঝাতে হয়তো তিনিও পারবেন না। আর আমিতো একজন বাবা! স্তরাং সেটা আমার কল্পনারও বাইরের বিষয়, হাা বাহির থেকে যতটুকু দেখেছি, তাতে মনে হয়েছে, তিনি শোকে যেমন দিশেহারা হয়েছিলেন, একইসকে আনন্দে আত্মহারাও ইয়ে পড়েছিলেন। আচমকা মৃত্যুর সংবাদ তনে শোকে পাথর হওয়ারই কথা। আবার শাহাদাতের সুসংবাদে আনকে আত্মহার হওয়াও স্বাভাবিক। কারণ তিনি একজন সন্তানকে হলেও আল্লাহর রাস্তায় উৎসর্গ করতে পেরেছেন।

প্রতিনিধিঃ তার স্ত্রী কি জানতেন তার জিহাদে যাওয়া সম্পর্কে?

পিতাঃ হাা.. সে জানত, তদুপরি সে সবসময় চাইত স্বামীর সঙ্গে সেও আল্লাহর রাস্তায় জিহাদে শরীক হবে, তার পক্ষে যে উপায়ে সম্ভব। যেমন-মুজাহিদদের কাপড়-চোপড় ধোয়া, সেলাই করা, অসুস্থদের সেবাওশ্রধা করা, রাল্লা-বাল্লা করা ও পানি বয়ে আনা ইত্যাদি।

প্রতিনিধিঃ শাহাদাতের থবর তার স্ত্রী কীভাবে গ্রহণ করেছিলেন?

পিতাঃ আলহামদুলিল্লাহ, খুব শান্ত-কোমলভাবে, দৃঢ়চিত্তে সে তা গ্রহণ করেছে; বরং আল্লাহ তাকে গ্রহণ করার তাওফীক দান করেছেন। কোন প্রকার উৎকণ্ঠা অস্থিরতা তার মধ্যে দেখা যায়নি। আর এখনো সে আণের মত

জিহাদে শরীক হওয়ার জয়বা ও তীব্র বাসনা পোষণ করে। তার একটাই প্রত্যাশা, আফগানিস্তানকে সে কাফের মুশরিকদের কবজামুক্ত স্বাধীনভাবে দেখবে।

প্রতিনিধিঃ শহীদ মৃহাম্মাদ (আরু আকাবা) ছাড়া আরও কোন জীবিত পুত্র সন্তান কি আছে আপনার?

পিতাঃ হাাঁ.. তার অন্য বড় একজন ভাই আছে এবং ছোট একজন ভাই। আছে। সে ছিল মেঝো।

প্রতিনিধিঃ মৃহাম্মাদের শাহাদাত তার ভাইদের মধ্যে কি প্রতিক্রিয়া সৃষ্টি করেছিল?

পিতাঃ ছোটজন ভাইয়ের শাহাদাতকে নিজেরও শাহাদাত মনে করে আনন্দে উদ্বেলিও ছিল। কিন্তু বড় ছেলের কট্ট ছিল একটাই যে, ছোট হয়েও সে শাহাদাতের মর্যাদা পেল, অথচ আল্লাহ তার ভাগ্যে এখনো তা লেখেন। আর আমার মেরেরা ভাইয়ের শাহাদাতে যারপরনাই আনন্দিত।

প্রতিনিধিঃ আপনার জন্যান্য ছেলেরা কি তাদের ভাইয়ের পথ অনুসরণ করার কথা ভাবছে?

পিতাঃ দেখুন, চিন্তা-ভাবনা এক বিষয়, চিন্তার বাস্তবায়ন ভিন্ন বিষয়। তো বিভিন্ন সীমাবদ্ধতার কারণে সশরীরে জিহাদে অংশগ্রহণ হয়তো তাদের পক্ষে সম্ভব হচ্ছে না। কিন্তু মনে দৃঢ় সংকর রাখা এটাতো ন্যুনভম ইমানের দাবী। এতটুকু আ্মার প্রত্যেক সন্তানের মধ্যেই আছে- আলহামদ্দিল্লাহ। আফসোস, আমার যদি এখন জোওয়ানী থাকত, অন্তত কিছুটা শক্তি থাকত।

প্রতিনিধিঃ আমাদের আফগান মুজাহিদ ভাইদের এখন লোকবলের চেয়ে অর্থের প্রয়োজনটা অনেক বেশী, যা আপনারা আরবরা অন্যদের চেয়ে বেশী মেটাতে পারেন তো এটা বুঝেও আপনারা ভধু সপরীরে অংশগ্রহণের কথা ভাবছেন, অর্থনৈতিক সহায়তার কথা এড়িয়ে যাচ্ছেন?

পিতাঃ হ্যা... ঠিকই বলেছেন, মুজাহিদদের এখন অর্থনৈতিক সংকটিটাই প্রকোট আকার ধারণ করেছে এবং এই মুহুর্তে আর্থিক সাহায্য তাদের অন্তিত্বের প্রয়োজন হয়ে দেখা দিয়েছে। কিন্তু প্রজ্যেকের দায়িত্ব তার সাধ্যের সীমানায় আবদ্ধ। সুতরাং অর্থের প্রয়োজন মেটাতে যদি নাও পারি, অন্তত

লোকবলের যোগান দিয়ে মুসলিম উম্মাহর সঙ্গে একাজ্যতা প্রকাশ করি। কুফর শক্তি এটা বুঝুক যে, মুসলিম উম্মাহ এখানো এক দেহের মতই আছে। এক অঙ্গ আক্রান্ত হলে অন্যুৱা নীরব থাকবে না। তাদের মাঝে হাদয়ের সেই বন্ধন এখনো অটুট-মজবৃত, যা দেশ ও জাতি এবং ভাষা ও বর্ণের বন্ধনের চেয়ে হাজারো তণ বেশী শক্তিশালী।

প্রতিনিধিঃ জনাব একটু যদি খোলাছা করতেন, বন্ধন বলে কী বোঝাতে চাচেছনং মাফ করবেন- আপনার অনেক সময় নিয়ে নিচিছং

পিতাঃ আসলে বন্ধন বা ঐক্যশক্তি বলে আমি সেদিকেই ইঙ্গিত করেছি যা আল্লাহ কোরআনে স্পষ্টভাষায় বলেছেন-

ان هذه امتكم امة واحدة واناربكم هاعبدوس.

'তোমরা এই সমগ্র মুসলিম জাতি এক অভিন্ন জাতি। তোমাদের পরিচয় ও বৈশিষ্ট্য-সন্তা অভিন্ন। তোমাদের সকলের খালিক ও মাবুদ একজন- আমি আল্লাহ্ন। তো এই যে আল্লাহ অসীম এক শক্তি ও বন্ধনের কথা বলেছেন, আমি এটাই বোঝাতে চেয়েছি।

শহীদ আৰু আছেৰ মুহামাদ উহ্মান

সমস্ত প্রশংসা এক আল্লাহর, ছালাত ও ছালাম শেব নবীর উপর।

পার্থিব জীবনে মর্যাদা ও প্রসিদ্ধি লাভের বিভিন্ন উপায় রয়েছে, কেউ বংশগত আডিজাত্য থেকে সামাজিক প্রতিষ্ঠা লাভ করে। কেউ ধন-সম্পদের পাহাড়ে চড়ে মর্যাদা ছিনিয়ে আনতে চেষ্টা করে। কেউ আবার বিদ্যা-বৃদ্ধির লোরে যশ-খ্যাতি অর্জন করে। আর কিছু মানুষ জ্ঞান ও যোগ্যতা অর্জন করে নিজের প্রতিতার বিকাশ ঘটায়। কশে দ্নিয়াজোড়া খ্যাত, চোখ ধাধানো সম্মান তার পদচুমন করে। আর হাতে গোলা দুটারজন মানুষ আছে, যারা খ্যাতি ও প্রসিদ্ধির পরোয়া করে না। এমনকি ইভিহাস তাদের দাগাল পর্যন্ত শায় না কারণ তারা ইতিহাস হতে চায় না; বরং তারা ইতিহাস সৃষ্টি করতে চায় তবে ঐতিহাসিকদের মত কলমের কালিতে নয়, বুকের লাল হত তেলে তারা ইতিহাস রচনা করে যায়। ইচ্ছত-সম্মানের নতুন নতুন মানচিত্র একে যায়। গর্ব ও গৌরবের সুউচ্চ প্রামাদ নির্মাদ করে যায়। মেই মহান ও মহিমাবিত

ব্যক্তিরা হচ্ছেন আল্লাহর রাস্তায় শহীদুগণ। যারা অনন্ত সম্মান ও জনন্য মর্যাদা লাভ করে রক্তের বিনিময়ে। তারা মৃত্যুকে আলিঙ্গন করে অনস্ত জীবন লাভ করার জন্য। তারা জনতা থেকে নিরুদেশ হর নির্জনতার নিবীড়ভাবে মিশে থাকার জন্য। সেই মহান ব্যক্তিদের অন্যতম হচ্ছেন শহীদ আবু আছেম মুহাম্মাদ উছ্মান। অত্যস্ত সম্ভ্রান্ত টগবগে একজন যুবক। তিনি জন্মগ্রহণ করেন ধন-সম্পদ, শিক্ষা-দীক্ষা ও সামাজিক মর্যাদার মধ্যম স্তারের একটি পরিবারে। তবে তাকে বেড়ে উঠতে হয়েছে ভীষণ বৈরী পরিবেশে, যেখানে ইসলাম ও মুসলমানদের প্রতিটি মুহূর্ত কাটে উদ্বেগ-উৎকণ্ঠার মধ্যে। ফলে ভার ভারবিয়াত ও দীক্ষাদানের দায়িত্ব গ্রহণের জন্য কোন সদয় হাত এগিয়ে আসেনি। তার শিক্ষা ও সংস্কৃতির উন্মেষ ও উৎকর্ম সাধনের ওরুদায়িত্ব কোন আদর্শ শিক্ষকের হাতে পড়েনি। তা সত্তেও তিনি মানবভার সেই দুর্যোগের মূহর্তে নিজের দীন-সমান রক্ষার্থে কঠিন এক অজানা গন্তব্যের উদ্দেশ্যে রওয়ানা হলেন। আর লক্ষ্য যখন বড় হয় এবং গন্তব্য যখন অজ্ঞানা, তখন পথের প্রতিকুলতা, দুর্গমতা ও বন্ধুরতা তধু বৃদ্ধি পেতে থাকে। আলোচ্য শহীদের ক্ষেত্রেও এর ব্যতিক্রম ঘটেনি। হ্যা... উদ্দেশ্য যেহেতু ছিল আল্লাহর সম্ভষ্টি; তাই পদে পদে আল্লাহ তাকে সাহায্য করেছেন, এবং সঠিক পথে তাকে পরিচালিত করেছেন। প্রথমেই আল্লাহ তার অন্তরে নিজের কালাম কোরআনের আকর্ষণ দান করেছেন। ফঙ্গে তিনি কোরআনের কিরাত তেলাওয়াত, তাজবীদ তারতীল এবং কোরআনের যাবতীয় ভাদব শিকা দিয়েছেন। পরবর্তীতে তিনি পূর্ণ কোরআন হিফ্জ করেছিলেন। এভাবে তিনি মুজাহিদদের ইমাম ও উস্তাথে পরিণত হয়েছিলেন। তিনিই নামায় পড়াতেন এবং নামাথের পর সবাইকে কোরআন পড়াতেন। কোরআনের মুহাকতে তার হৃদয়ের গভীরে প্রবেশ করেছিল। তাই দেখা যেত সবাই এক সাথে বসে কথাবার্তা বলছে, গল্প-তজব করছে, মাঝখান থেকে তিনি আছে করে উঠে পাশের কামরায় গিয়ে তিলাওয়াতে মশগুল হয়েছেন। সন্মান করে সবাই তাকে কারী সাহেব বলে ডাকত রমযান শুরু হওয়ার পর তার তিলাওয়াতে মুগ্ধ হয়ে সবাই তার পিছনে তারাবীহ পড়ার জন্য সমবেত হল। তার তিলাওয়াত এত মধুর ছিল যে, খনে মনে হত কোরআন বুঝি এইমাত্র নায়িল হচ্ছে। একবার সে আমার কাছে কোরআনের অন্য কিরাতগুলোও শেখার আর্ষি জানালো। আমি বললাম, তোমার জন্য আবু হাকসের কিভাবটিই যথেষ্ট।

এখন কিরাতের চেয়ে জিহাদের প্রয়োজন বেশী। এরই ফাঁকে তার পরিবারের পক্ষ থেকে বিবাহের জন্য অব্যাহত চাপ আসছিল একবার তো তার হবু দ্রীর সঙ্গে ফোনালাপ পর্যন্ত করিয়ে দেয়া হয়েছিল। তার একটাই কথা, আমি অন্য কোথাও বিবাহ বসব না। তুমি এসে বিবাহ করে আবার চলে যাও। সেও নিজের বক্তব্যে অনড় ছিল। আমি আসব না, তুমি অন্য কোথাও বিবাহ বসো।

যাহোক, দেখতে দেখতে রম্যানের নতুন চাঁদ পূর্ণিমায় রূপান্তরিত হলো।
অভিযানের ক্রেএও পরিবর্তন হল। মুজাহিদ বাহিনী পেশওয়ার হেড়ে
পাঞ্চশের উদ্দেশ্যে রওয়ানা হল আবু আছেমও পেশওয়ারকে চিরবিদায়
জানিয়ে রওয়ানা হলেন এবং পাঞ্চশে পৌছে পেখানকার বীর বাহাদ্র
সিপাহসালার আহমাদ শাহ মাসউদ-এর শরণাপত্ন ইপেন এবং তাকে
করজাড় অনুরোধ করলেন, আরাসে-প্রবাসে, অভিযানে-অবসরে সর্বাবহায়
আমি আপনার খেদমতে থাকতে চাই। আর কোরআনের ইলম ও আরবী
ভাষা শিখতে চাই। শায়েখ আহমাদ শাহ মাসউদ রম্যানের বাকী
দিনগুলাতে আবু আছেমের হেফজের দাওর করার জন্য ক্যেকজন হাফেজ
মুজাহিদকে নিযুক্ত করে দিলেন। শায়েখ আহমাদ অবশা সিপাহসালার
হওয়ার পালাপাশি আদর্শ একজন শিক্ষকও। মারু এক বছরে তিনি প্রায়
দুইশজন মুজাহিদকৈ জিহাদের প্রশিক্ষণ দেয়ার সঙ্গে সঙ্গে ভাজবীদসহ সহীহ
তদ্ধভাবে তারতীলের সঙ্গে কোরখান তিলাওয়াত শিবিয়েছিলেন। সঙাহের
সোম-বৃহস্পতিবার দৃটি সুত্রত রোষা এবং শেষরাতে ভাহাজ্বদের নিয়মিত
আমলে তিনি তাদেরকে অভান্ত করে ভূলেছিলেন।

রম্যান বিদায় নিল। দিদের চাঁদ শাওয়ালও করে করে শেষ হলো, কিয় অভিযান সমাপ্ত হলো না একে একে এগার মাস কেটে গেল বছর খুরে আবার শাবানের চাঁদ দেখা গেল। রম্যানের আর ক'দিন বাকী? আরু আছেম হিসাব করে আর আফসোস করে, আহা। রম্যান তো এসে গেল, গভবারের স্নাইলাতুল কদর কি আমার শাহাদাত সৌভাগ্য লিগিবস্ক করেছে। এবারের কদর কি সেই তাকদীর নিয়ে হাযির হবে। রম্যানের শাহাদাত যে ভিন্ন মর্যাদার!! অনন্য মর্ভবার!!!

অবশেষে ১৪ই রমযান ১৪০৬ হিজরীর সেই দিনটি এসে গেল। অভিযানে অংশগ্রহণকারী সকল মুজাহিদের নাম লিপিবদ্ধ করা হল, কিন্তু আশ্চর্যের বিষয়

এখন কিরাতের চেয়ে জিহাদের প্রয়োজন বেশী। এরই ফাঁকে তার পরিবারের পক্ষ থেকে বিবাহের জন্য অব্যাহত চাপ আসছিল একবার তো তার হবু দ্রীর সঙ্গে ফোনালাপ পর্যন্ত করিয়ে দেয়া হয়েছিল। তার একটাই কথা, আমি অন্য কোথাও বিবাহ বসব না। তুমি এসে বিবাহ করে আবার চলে যাও। সেও নিজের বক্তব্যে অনড় ছিল। আমি আসব না, তুমি অন্য কোথাও বিবাহ বসো।

যাহোক, দেখতে দেখতে রম্যানের নতুন চাঁদ পূর্ণিমায় রূপান্তরিত হলো।
অভিযানের ক্রেএও পরিবর্তন হল। মুজাহিদ বাহিনী পেশওয়ার হেড়ে
পাঞ্চশের উদ্দেশ্যে রওয়ানা হল আবু আছেমও পেশওয়ারকে চিরবিদায়
জানিয়ে রওয়ানা হলেন এবং পাঞ্চশে পৌছে পেখানকার বীর বাহাদ্র
সিপাহসালার আহমাদ শাহ মাসউদ-এর শরণাপত্ন ইপেন এবং তাকে
করজাড় অনুরোধ করলেন, আরাসে-প্রবাসে, অভিযানে-অবসরে সর্বাবহায়
আমি আপনার খেদমতে থাকতে চাই। আর কোরআনের ইলম ও আরবী
ভাষা শিখতে চাই। শায়েখ আহমাদ শাহ মাসউদ রম্যানের বাকী
দিনগুলাতে আবু আছেমের হেফজের দাওর করার জন্য ক্যেকজন হাফেজ
মুজাহিদকে নিযুক্ত করে দিলেন। শায়েখ আহমাদ অবশা সিপাহসালার
হওয়ার পালাপাশি আদর্শ একজন শিক্ষকও। মারু এক বছরে তিনি প্রায়
দুইশজন মুজাহিদকৈ জিহাদের প্রশিক্ষণ দেয়ার সঙ্গে সঙ্গে ভাজবীদসহ সহীহ
তদ্ধভাবে তারতীলের সঙ্গে কোরখান তিলাওয়াত শিবিয়েছিলেন। সঙাহের
সোম-বৃহস্পতিবার দৃটি সুত্রত রোষা এবং শেষরাতে ভাহাজ্বদের নিয়মিত
আমলে তিনি তাদেরকে অভান্ত করে ভূলেছিলেন।

রম্যান বিদায় নিল। দিদের চাঁদ শাওয়ালও করে করে শেষ হলো, কিয় অভিযান সমাপ্ত হলো না একে একে এগার মাস কেটে গেল বছর খুরে আবার শাবানের চাঁদ দেখা গেল। রম্যানের আর ক'দিন বাকী? আরু আছেম হিসাব করে আর আফসোস করে, আহা। রম্যান তো এসে গেল, গভবারের স্নাইলাতুল কদর কি আমার শাহাদাত সৌভাগ্য লিগিবস্ক করেছে। এবারের কদর কি সেই তাকদীর নিয়ে হাযির হবে। রম্যানের শাহাদাত যে ভিন্ন মর্যাদার!! অনন্য মর্ভবার!!!

অবশেষে ১৪ই রমযান ১৪০৬ হিজরীর সেই দিনটি এসে গেল। অভিযানে অংশগ্রহণকারী সকল মুজাহিদের নাম লিপিবদ্ধ করা হল, কিন্তু আশ্চর্যের বিষয়

এই যে, ১১০জন মৃজাহিদের নাম তালিকাভ্জ করা হলো। কারো নামের সঙ্গেই শহীদ লেখা হল না, অথচ আবু আছেমের নামের সঙ্গে লেখা হল "শহীদ"। তখন আবুলাহ আনাস নামে আরেক আরব যোদ্ধা তালিকা প্রতকারীকে লক্ষ্য করে বলল, কী ভাই ছফীউল্লাহ। আমরা মোটে দৃ'জন মান্র আরব। তার মধ্যে তুমি আবার একজনকে আল্লাহর দরবারে পাঠিয়ে দিছো। ছফীউল্লাহ বলল, আল্লাহর কসম, সে আর ফিরে আসবে না। তার চেহারার দিকে একবার তাকাও, শাহাদাতের নূর কেমন জ্লজ্ল করছে তার ললাটে। আল্লাহর কসম, সে এই যুদ্ধেই শহীদ হয়ে ববে। আসলে একেই বলে মৃমিনের "কেমামত"।

অভিযানের গুরুত্বতা চিন্তা করে পরদিন সবাই রোধা ভাঙার রোখছোত এহপ করল কেবল দুইজন ছাড়া। আরু আছেম ও পাহ কালান্দর। মুজাহিদরা শক্রবাহিনীর দুর্গের নিকট পৌছে গেল। তখন উপর থেকে বৃষ্টির মত বুলেট ছুটে আসতে লাগল। এদিকে আবু আছেমের দায়িতৃটাই ছিল এমন যে তাকে এই বুলেট-বৃষ্টির মধ্যেই নিজের দায়িত যথাযথ পাশন করতে হবে। কারশ শত্রুপূর্ণের পৌহদারে মাইন পুঁততে না পারণে কোন প্রকার প্রতিরোধ করাই সম্বব না। আর এই গুরুদায়িত্টা আবু আহেমের উপর। তাই তিনি কাশবিক্স না করে সিংহের সাহস নিয়ে, চিতার ক্ষিপ্রতায় পৌছে গেলেন কাভিকত স্থানে। শত্রুর প্রতিরোধের প্রথম ও চূড়ান্ত তার দুর্গের দরজার দীচে। মুহুর্তের মধ্যে সেখানে মাইন (বিক্ষোরক) রেখে ফিরে গেলেন সতর্ক অবস্থানে। বিক্ষোরণ ঘটার সঙ্গে সঙ্গে বিশাল লৌহদার ও অনতিক্রম্য দেয়াল ধ্বসে পড়ল চোখের গলকে। মুজাহিদরা আল্লান্থ আকবার তাকবীর বলে এগিয়ে চলল সদর্শে। কাফের-মুশরিকরা তখন জান বাঁচাতে ব্যস্ত। এমন সময় অক্তাড দিক থেকে দৃটি বুলেট এসে আঘাত হানল। আহাত্ আকবার। কাফেলার অগ্রভাসে থাকা দুই রোযাদার মুজাহিদ আবু আছেম ও শাহ কালান্দারের বুকে। সঙ্গে সঙ্গে ভারা চলে গেল মহান আল্লাহর দরবারে। অল্লক্ষণের মধ্যেই মুসলমানদের বিজয় নিশ্চিত হল। যেন তাদের সঙ্গে করা আল্লাহর পুরোনো ওয়াদা পুরণের জন্যই ওখু তাদেরকে পাহাদাত দান করা। কারণ এছাড়া আর কোন ক্ষয়ক্ষতি মুসলমানদেরকে শিকার করতে হয়নি।

তার লোকে কাতর সবাই

আবু আছেমের মৃত্যুর সংবাদ সবার উপর বজ্লের মতো আপতিত হলো।
মুজাহিদরা যেন বিশ্বাসই করতে পারছিল না যে, তাদের ইমাম ও উপ্তাদ
তাদেরকে ফেলে চলে গেছেন আল্লাহর দরবারে। তার শোকে সবাই যেন
পাথর হয়ে গেল। নিস্তর্জতা সর্বর ছেড়ে গেল। হতবিহবলতা সবাইকে গ্রাস
করে ফেলল। পরিচয় ভূলে, অন্তরঙ্গতা হারিয়ে সবাই যেন নিঃসঙ্গ হয়ে
পড়ল। সবাই আছে, কিন্তু কেউ নেই, সবই আছে, কিন্তু মনে হচ্ছে কিছুই
নেই। ফজরের আ্যান হল, নামাযের সময় হল, কিন্তু ইমামের জায়গায়
দাঁড়াবে কে? নামায় শেষে হালকা তো বসল কিন্তু উত্তাদের মন্সন্দ খালিই
পড়ে থাকল।

শোক সম্ভপ্ত আবহে এই কবিতা পংক্তিটিই যেন প্ৰতিধানিত হচিহল-

শব্দ তো ভেসে আসছে কানে,

কিন্তু বেলালের রূখ মেই এ আযানের টানে।

সবাই যেন সাজনার ভাষাটাও হারিয়ে ফেলেছে। তাই চোখের অঞ্চনেই সাজনার উপায় বানিয়ে এখন সবাই ৩ধু অঞ্চ বিনিময় করছে। দত্তরখানে বাসন আছে, আবু আছেম নেই। গাছের তলে বিছানা আছে, কিন্তু বিছানার মালিক তো বিদায় নিয়েছে। তার পোকে কেউ কেউ স্বাভাবিকতা হারিয়ে প্রলাপ বকতে তক্ত করেছে। কিন্তু এমন কেন হলো? এরা সবাইতো রণাঙ্গনের পড়াকু সৈনিক। জীবন-মৃত্যু নিয়েই যাদের খেলা। চোখের সামনে নিখের সহযোজার জীবন যেতে দেখেছে। বাপ-ভাই ও আজীয়-স্কলনের লাশের সারি দেখেছে। তার পানে দাঁড়িয়ে যুদ্ধ করা সৈনিকের বুকে তলি লেপে ছটফট করে মরতে দেখেছে। তারপরও এদের মধ্যে এত লোক চুক্ত কোথেকে? পরিস্থিতি স্বাভাবিক করতে শায়েখ আহমাদ শাহ মুজাহিদদেরকে বহু দ্রের এক অঞ্চলে ঘূরিয়ে এনেছিলেন, যাতে সবাই তার কথা ভূলে যেতে পারে।

শহীদ আবু আছেমের শেষ ঠিকানা তৈরী করা হল আফগানিস্তানের সৃউচ্চ একটি পাহাড়ের চূড়ায়। কবর খনন করলেন স্বয়ং শায়েখ আহমাদ নিজের হাতে। আরব হওরা সত্ত্বেও আফগানিস্তানের পাহাড়ে তার শেষ শয়া হওয়া একথাই প্রমাণ করে যে, ইসলাম বিশ্বজনীন শাশ্বত একটি ধর্ম, যা মানচিত্রের গতিতে আবদ্ধ নয়।

আয় আল্লাহ। আবু আছেম সবকিছু বিসর্জন দিয়েছে ওধু তোমার সম্ভষ্টির জন্য। সুঙরাং ভূমিও তাকে শুশী করে দাও। জান্নাতের সুউচ্চ মাকাম নছীব করো। আমীন।

শহীদ আবু আব্দুল হক

ষথনই আমাদের কোন ভাই শাহাদাত লাভ করে আপ্লাহর দরবারে চলে যার, মঙ্গে করে নিয়ে যায় আমাদের ভক্তি-শ্রদ্ধা ও হৃদয় নিংড়ানো ভালোবাসা। আর রেখে যায় এমন কিছু স্মৃতি যা আমাদের ভকনো চোখকে সিশু করে দেয়; শব্দ হৃদয়কে কোমল করে দেয়। আমরা তাদের কাছ থেকে পাই হৃদয়ের স্বান্থভা, মনোবলের উচ্ছতা, কর্তব্য পালনের একনিষ্ঠতা, ক্লান্তি ও অবসাদহীন কর্মতৎপরতা। আর উত্তরাধিকার সূত্রে লাভ করি এমন আবেগ-জ্যবা ও শক্তি-প্রেরণা, যা শক্রর মোকাবিলায় হয়ে থাকে আগুনের গোলা। আর মুমিনদের জন্য হয়ে থাকে অন্ধকারে প্রথচলার আলোকবর্তিকা।

শহীদ আবু আবৃত্ত হক পেশায় একজন প্রকৌশলী ছিলেন। আরাহর যমীনে আমার দেখা ভালো মানুষদের অন্যতম ছিলেন। তার প্রতিটি আচরণ ও উচ্চারণ আমার হৃদয়ে গভীর দেখাপাত করেছে। তার খণ্ড খণ্ড স্ফৃতিগুলো আমার হৃদয় আকাশে তারা হয়ে ছুলম্বুল করছে।

পৃথিবীর সবচে' সমৃদ্ধশালী দেশ আমেরিকায় তিনি বৈদ্যুতিক প্রকৌশলীর (ইলেকট্রনিক ইঞ্জিনিয়ার) গুরুত্বপূর্ণ পদে কর্মরত ছিলেন। সেখানে তার সৃখসাচ্ছন্দে ও ভোগবিলাসের জমজমাট ব্যবস্থা ছিল। এমন আড়মরপূর্ণ জীবন
ত্যাগ করে তিনি পাড়ি জমালেন পর্বত-মরুভ্মির দেশ আফগানিস্তানে।
যেখানে আছে গুধু পাথর, বরফ, আর ভয়ংকর বন-জঙ্গন। তার ব্রী ভাকে
ফিরাতে বহু চেটা করেছে, কিন্তু আল্লাহর পথ থেকে তাকে কোনোভাবেই
ফিরিয়ে রাখা সম্ভব হয়নি। কারণ আল্লাহর বাহিনীর যারা সৈনিক, তাদের
সামনে সবসময় স্থানম্বল করে-

الما أموالكم وأولادكم فتنة والله عديه أجر عظيم

অর্থঃ তোমাদের ধন-সম্পদ ও সন্তান-সত্ততি তোমাদের বিরাট এক পরীক্ষা। তার (উড়ে থেডে গারলে) তোমাদের জন্য রয়েছে আল্লাহর নিকট বিরাট প্রতিদান।

যাহোক, শাহাদাতের তামান্রায় তিনি ছুটে এসেছেন আফগানিস্তানে। তবে আপাতত কোন অভিযান কর্মসূচী না থাকায় তিনি একটি বেতার কোম্পানিতে চাকুরি নিলেন। আর যে কোনো সমর জিহাদের ভাক আসপে বাঁপিয়ে পড়ার অপেকা করতে লাগলেন। অবশেষে একদিন সুযোগ এল। তিনি দৌড়ে গাহাড়ের চূড়ার অবহান নিলেন। কিন্তু শেষ পর্যন্ত ভার আশা আর পূর্ব হল না। যুদ্ধকেত্র থেকে তিনি ফিরে এলেন কর্মকেত্রে।

চাকুরি ছেড়ে এবার তিনি তৈরী করলেন একটি গবেষণাগার! বিভিন্ন বৈদ্যুতিক সরক্রামাদির সাহাব্যে নানা পরীকা-নিরীক্ষাই তার রাভ-দিনের কাজ, বরং বলা ভাল রাত-দিনের ইবাদত। কারণ তিনি তার এই গবেষণাকে ইস্লাম ও মুসল্মান্দের, বিশেষভাবে জিহাদ ও মুজাহিদদের কলাদে নিয়োজিত করেছিলেন। শত্রুর মোক্যবেলার সাধ্যমত শক্তি অর্জনের বে ফরঙ বিধান আল্লাহ দিয়েছেন এই গবেৰণাকৰ্মকে তিনি ভারই বাঙৰ নমুনা মনে করতেন এবং এটাকে ফরজ মনে করতেন। ফলে তিনি এটাকে নফল ইবাদতের চেয়ে অগ্রাধিকার দিতেন। গবেখণাকর্মে তার আত্মনিমগ্ন ও আজুবিভোরতা দেখলে মনে হতো সাধক বুঝি তার সাধনা ও খ্যানমগুডার আজ্বিলুপ্ত হয়ে আছে। সেখানে কারো প্রবেশের জনুমতি ছিল না। মার্থে মধ্যে আমি খুবই অল সময়ের জন্য তার কাছে যেতাম। মিটি হাসি ও মিট ভাষায় তিনি আমাকে সাগত জানাতেন। অবশ্য তার গবেষণাকর্মে ব্যাঘাত ঘটছে তেবে আমার নিজের কাছেও সংকোচ লাগত। তবু দায়িত্ব মনে করে যেতাম। তিনিও এই সুযোগে বিভিন্ন মাসজালা জিক্তাসা করতেন। প্রয়োজনীয় শরামর্শগুলো সেরে নিতেন। তার কথার ভাবে বুঝা বেড, আমার আশার অশেকার ছিলেন। তার জিজ্ঞাসার আদা ও আন্দায, তার আচরণ ও উচ্চারণের শিষ্টাচার, শৌজনা ও ভদ্রাচার সভ্যিই অতুলনীয়। ভার সামনে বসলে নিজেকে গর্বিত মনে হতো। মনে হতো ইতিহাসের সিড়ি বেয়ে পৌছে গেছি সোনালী যুলে।

যাহোক দীর্ঘ এক বছর এই মহান সাথক ভার গবেষণাকর্মে ধ্যাদামগ্ন থেকেই কাটিয়ে দিলেন। এর মধ্যে না বাইরের সঙ্গে তার যোগাযোগ ছিল, আর না

পরিবারের কোন বৌজ-খবর রেখেছিলেন। এক বছর পর তার দ্রী ও একমান্র কন্যা জন্মের পর যার মুখ পর্যন্ত দেখা হরনি- আল্লাহ তাদের মাঝে মিল্ন ঘটালেন স্ত্রী-কন্যাকে পেয়ে তিনি খুশি হলেন, তবে আত্মহারা হলেন না। নিজের উদ্দেশ্যের কথা ভূলে গেলেন না। তাই নিজের জীবনকে দুই ভাগে ভাগ করে নিলেন একভাগ তার ইবাদত-বন্দেগী (তথা গবেষণাকর্মের) জন্য, আরেক ভাগ সংসারের জন্য। পরবর্তী জীবন তিনি এভাবেই কাটিয়েছেন। এক রাত ইজরাখানায়, একরাত ইবাদতখানায়। মাঝেমধ্যে এখন হতো যে, গ্রীর জন্য বরাদ্দ রাতে তিনি হাতে করে গবেষপায়ন্ত্র নিয়ে আসতেন খুচরা সময়গুলো কাজে লাগানোর জন্য। কিন্তু প্রতীর প্রতি মনোনিবেশ দেখে গ্রীর গায়রত হতো এবং কিছুটা অভিমানের সুরে সে বলত, আমার রাতে আবার আমার সতীনকে টোনে এনেছো কেন? তার গবেষণায় কর্ম ও যন্ত্রগুলোকে শ্রীনিজের সতীন বিবেচনা করত।

জীবন যাপনে তিনি ছিলেন অতি কৃছে। সাদামাটা অনাড়ঘর জীবন ছিল তার।
মাত্র সাত্ত ক্ললিতেই তার নিজের খরচ ও সবেষণাকর্ম চালিরে নিতেন।
রিয়ালের হিসাবে যা মাত্র এক রিয়াল ও সিকি রিয়াল তথা সোয়া এক রিয়াল
সমপরিমাণ হয়। তার ঘরে চুকলে প্রথমেই মনে পড়বে হয়রত আরু যর
গিফারী, হ্যরত সালমান ক্ষারসী রা.-এর মতো যাহিদ সাহাবীদের কথা।

হঠাৎ একদিন খবর পেলাম তিনি হাসপাতালে ভর্তি। ছুটে গিরে দেখলাম পুরো শরীর ক্যাকাশে হরে গেছে। তবে চেহারাটা বরাবরের মতো হাস্যোজ্বল। আমাকে দেখে তার উজ্জ্বল চেহারা আরো উজ্জ্বতর হল। মাথায় হাত দিয়ে দেখলাম, তাপমাত্রা কিছুটা অস্বাভাবিক। ভিতরের অবস্থা এভটা নাযুক, বাহির থেকে সেটা বোঝার উপায় নেই। দোয়া-দুরুদ পড়ে ঝাড়ফুক করলাম।

এই অসুস্থতার মধ্যেই একদিন তিনি স্বপ্নে দেবেন- নবী সাগ্নাল্লান্থ আলাইবি
ওয়াসাল্লাম তাকে একটি কাগন্ধ দিয়েছেন। তার নাম লেখা রয়েছে এবং
নামের সঙ্গে স্পষ্টাক্ষরে "লহীদ" শব্দটিও লেখা রয়েছে। আনন্দে আত্মহারা
হয়ে তিনি সঙ্গী (সেবা শুশ্রমার নিয়োজিত) খাদেমকে ডেকে বললেন- আমার
শাহাদাতের সময় এসে গেছে। কাগন্ত-কলম নিয়ে আমার ওছিয়ত লিখে
ফেলো। সঙ্গী ভাবল, রোগের তীব্রভায় অস্বাভাবিক হরে এসব বলছেন। কিন্তু
ভার স্বাভাবিকতা ও স্থিরভা দেখে শরে জিজ্ঞাসা করদেন, আশনি ভো

হাসপাতালের বিছানায় এখানে শাহাদাত আসবে কীভাবে? সেজন্য তো আপনাকে রণক্ষেত্রে যেতে হবে তিনি শান্তকণ্ঠে বললেন, আমি চৌকিতে নিযুক্ত একজন সৈনিক। আর শাহাদাতের জন্য এতটুকুই যথেষ্ঠ। কারণ আল্লাহ বলেছেন- "বারা আল্লাহর রান্তায় হিজরত করবে, অতঃপর নিহত হবে, কিংবা স্বাভাবিক মৃত্যু বরণ করবে (সে শাহাদাতের মর্যাদা লাভ করবে, ফলে) অবশ্যই আল্লাহ তাদেরকে উত্তম রিয়িক দান করবেন। আর নিশ্বয় আল্লাহ সর্বোত্তম রিয়িকদাতা। অবশাই তিনি তাদেরকে কাভিন্নত স্থানে প্রবেশ করাবেন। আর অবশাই আল্লাহ সর্বজ্ঞানী, অতি সহনশীল।

আর নবী সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম বলেছেন- যে ব্যক্তি আল্লাহর রাস্তায় (জিহাদের) বের হওয়ার উদ্দেশ্যে সওয়ারীর পাদানিতে পা রাখল সে সাপের দংশনে (হিংল্র) প্রাণীর আক্রমণে, কিংবা সৃস্থ-স্বতাবিকভাবে মৃত্যুবরণ করলেও আল্লাহ তাকে শাহাদাতের মর্বাদা দান করবেন। হিদিসটি ইমাম আহমাদ বর্ণনা করেছেন, হাদিসের সব রাবী ছিকাহা

তার অছিয়ত লেখার জন্য খাদেম তাড়াছড়া করে কাগজ-কলম নিয়ে বসল। সেই ওছিয়তের কিছু অংশ এখানে তুলে ধরা হল-

...আমি আমার দেহ ও জাত্রা, বরং আমার সমগ্র সন্তা আল্লাহর জন্য ওয়াকফ করে দিয়েছিলাম। তাই কলিজার টুকরা সন্তান ও প্রাণপ্রিয় স্ত্রী ত্যাগ করে আমি এখানে এসেছিলাম। পরবর্তীতে যখন আমাকে দীর্ঘ মেয়াদে এখানে টোকি পাহারার দায়িত্ব দেয়া হল। তখন আমার স্ত্রী-কন্যা আমার কাছে চলে আসল। তবে তারা আমার কাছে থাকলেও জামার সময় ও সঙ্গ খুবই সামান্য পেয়েছে। আর টোকি পাহারায় শুরু দায়িত্বের পাশাপাশি আমি প্রকৌশলীর কাজও করেছি, কারণ আফগানিস্তানে এই পেশার মানুষ নেই বললেই চলে। তাই মুসলমানদের ফায়দার কথা চিন্তা করে কিছু সময় ঐ কাজেও ব্যয় করেছি। আমার দেহটা যদিও ইঞ্জিনিয়ারিং করতো। কিন্তু আমার মনটা সবসময় পড়ে থাকত রণাজনে। সারাদিনের হাঁড়ভাঙ্গা পরিশ্রমের পর যখনই কোন শহীদের জানাযা দেখতাম, তার কাকন থেকে জায়াতী খুশবু পেডাম সঙ্গে ক্লান্তি-অবসাদ দূর হয়ে যেত। দিল-কলিজা ঠাখা হয়ে যেতে।

যাহোক, আমার ইন্তেকালের পর আসুরাহ আয়্যাম-কে যেন সংবাদ পৌছানো হয়। যাতে তিনি আমার ব্রীকে খবরটা পৌছে দিতে পারেন। আবু আফুল হক ভার এই গুছিয়ত সমাপ্ত করেছেন এই আয়াতের মাধ্যমে-

وَجَاءَتُ سَكُرَةُ الْمَوْتِ بِٱلْحَتِّي ذَّٰزِكَ مَا كُنتَ مِنْهُ تَحِيدٌ.

অর্থঃ মৃত্যুযন্ত্রণা নিশ্চিতই আসবে। এ থেকেই তুমি টালবাহানা করতে। সুরা কুমি, আরাজ- ১৯

তার পাহাদাতের কয়েকদিন আগে তার খ্রী সপ্নে দেখে, নবী সাল্লাল্লাচ্ আলাইহি ওয়াসাল্লাম এক ব্যক্তির জানাযা কাঁথে নিয়ে যাচেছন। নবীজীর সঙ্গে জানাযা বহনকারী কাফেলায় তার সামীও রয়েছেন। তখন খ্রী জিজ্ঞাসা করল, কে এ মহান সৌভাগ্যবান ব্যক্তি, যার জানাযা বহনে স্বয়ং নবীজি শ্রীক হয়েছেনঃ

তখন স্বামী উত্তর দিলেন, এই জানায়া একজন শহীদের, আহ। এই শহীদের জায়গায় যদি আমি হতাম।

অবশেষে আবু আবৃশ হক ইন্তেকাল করলেন। বামীর ইন্তেকালের সংবাদ প্রীর জন্য কতটা বিভীবিকাপূর্ণ ছিল সেটা বোঝানোর ভাষা আমার নেই। যাহোক, বামীকে শেববারের মত দেখার জন্য আমি এবং আমার দ্রী আবু আবৃল হকের দ্রীকে সঙ্গে করে ছাসপাতালে নিরে গেলাম। বামীর নিথর দেহ বিছানায় পড়া দেখে ব্রী মূর্ছা গেল। তখনও শহীদ আবৃল হকের চেহারায় এক টুকারো মিট্টি হাসির আভা জ্বলজ্বল করছিল। জ্ঞান ফেরার পর দ্রী বলল, আমার বামী পেষ নিঃশাস ত্যাগ করার আগে জীবনে শেষবারের মত যদি একনজ্ব দেখার সুযোগ করে দিতেন। আহ্ আবৃল হক, কোখায় গেলেন আমায় একা রেখে।!

তার কাফন-জানাযার পর দাফনের উদ্দেশ্যে অত্যন্ত ভাবগন্তীর ও মর্যাদাপূর্ণ এক শোভাযাত্রায় ভাকে নিয়ে যাওয়া হল ঠিক ঐ স্থানে, যেখানে নিজের শেষ শয়ার রচনার ভামান্না। তিনি মাঝেমধ্যেই প্রকাশ করতেন ভার প্রিয় ব্যক্তিত্ব শহীদ ইয়াহইয়ার পাশে এক বিশেষ স্থানে। আল্লাহ স্বাক্ষী, শহীদ আবু আবৃত্ত হকের মৃত্যুতে আমি যে পরিমাণ শোকাহত হয়েছিলাম এবং কান্নায় ভেঙে পড়েছিলাম অন্য কারো ক্ষেত্রে এমন হয়নি। আল্লাহ ভাকে জান্নাতের উপযুক্ত মাকাষ্থ মন্থীব কর্মন। আমীন।

শহীদ আনাস তুর্বী

সৃথী-সমৃদ্ধশালী পরিবারের সন্তান হচ্ছে আনাস তুর্কী। আদরের দুলাল আনাসের মত ছেলেদের কাজ হলো মজার মজার থাবার আর নিত্যনতুন দখ প্রণের জন্য নায-নথরা করা তবে পরিবারের দ্বীনদারির কল্যাণে সে যুবক বয়সে মসজিদের মুয়াজ্জিনির দায়িত গ্রহণ করল। মহল্লার মসজিদে তার ভরাট কঠের আ্যান স্বাইকে টেনে আনতো নামাযের জামাআতে। তার কোমল বভাব ও শিত অভিব্যক্তি মুসল্লীদের হৃদয় জয় করে নিত। তাই স্বাই তাকে ভালবাসত, বাহবা দিত।

এমন মুখরিত পরিবেশ ছেড়ে সে আফগানিস্তানের জিহাদে শরীক হল। পোকা-মাকড়ের ভয়ে যারা চিংকার করে উঠে, তেলেপোকা দৌড়াতে দেখে যারা ভয়ে লাফ দিয়ে খাটে ওঠে এবং পটকার সামান্য লব্দে যারা কাঁখা মুড়ি দিয়ে সুকিয়ে পড়ে। তাদের মতো সন্তান কিনা হাতে অন্ত তুলে নিচ্ছে, ট্যাংক-কাম্যনের বিকট শব্দের সামনে বুক চিতিয়ে লড়াই করে যাচেছ। আর আল্লাহ। এটা ভোষার কুদরতেয় কারিশমা ছাড়া আর কী হতে পারে!

ওহ প্রাণপ্রির আনাস। তোমার সেই মিটি হাসি মানুষ এখন কোথায় পাবে? তোমার সেই ভরাট কর্চ মুসক্লিরা এখন কোথায় ভালাশ করবে? গগন বিদীর্ণ করা ট্যাংকের সামনে আর কে বুক পেতে দেবে।।

তুমি তো চলে গেলে ভোমার আল্লাহর জান্নাতে। সবুজ পাখী হয়ে খুরে বেড়াবে সেখানে, উড়ে উড়ে গিয়ে বসবে আরশের নিচে ঝুলস্ত ঝাড়বাভিতে।

সৌভাগ্যবান বলতে হয় তোমার মা-বাবাকে, এখন ভারা পর্ব করছে তোমাকে
নিয়ে। আর পর্ব করা আসলে তাদেরকেই সাজে। কারণ কেয়ামতের ভয়াবই
পরিস্থিতিতে সবাই যখন নফসী নফসী করুবে তখন তুমি থাকরে অন্যদের
ফিকিরে। স্পারিশ করবে সত্তরজন জাহাল্লামীর পক্ষে। সেদিন তোমার মাধার
শোভা পাবে মর্যাদার মুকুট। যে মুকুটের একটি হীরা দুনিয়ার সবকিছুর মূল্য
ছাড়িয়ে যাবে।

আমরা ৩ধু আশা করতে পারি, আল্লাহর কাছে করিয়াদ করতে পারি, হে আল্লাহ। আমাদেরকেও দান করো শহীদী মৃত্যু, আমাদের হাশর করো শহীদ ভাইদের সাথে , আর জায়ণা দাও জান্লাতে তাদের পরিবেশে। আমীন।

শহীদ আমুর রহমান

ছাযিরাতৃশ আরব থেকে আনা আমার ভাই আশুর রহমানকে আমি
চিনেছিলাম ভার বাদামী বর্ণ ও উজ্জ্ব চেহারা দেখে। ভার চোখের তারায়
ফুলজ্ব করছিল চারিত্রিক পবিক্রতা ও তটি ভত্রতা। ১৪০৬ হিজরীর রম্যানে
মুজাহিদদের একটি ঘাটিতে তাকে আমি গভীরভাবে চিনকে পেরেছিলাম।
প্রচণ্ড লীতের পালাপালি শক্রদের অব্যাহত বিমান হামলা, রকেট-লাজার ও
বোমা বিক্রোরণ পুরো অঞ্চলকে বিভীষিকামর এক মৃত্যুক্পে পরিপত
করেছিল। তুষার ঝরা সেই প্রাণঘাতী শীতের মধ্যে তার একমার আবা^ন কেউ
একজন ব্যবহার ওক করেছিল। তীব্র শীতে দুই দিনেই সে তীব্রণ অসুস্থ হরে
পড়ল। তখন অননোপার হয়ে তার কাছে গিয়ে অত্যক্ত বিনরের সঙ্গে; বরং
ভীষণ লক্ষা ও সংকোচের সঙ্গে থাকে। আরেকবার বোমার আঘাতে ভার পা
ভেঙে গিয়েছিল। তখন বাধ্য হয়ে অন্যুক্তর কাথে তর করে চলতে হতো।
মাঝেমধ্যেই সে বলে উঠতো, ভাই তোমাদেরকে এভাবে কট দিতে আমার
এত ধারাপ লাগছে বে, লা ভেঙেও আমার এত ধারাপ লাগছে না।

সৃষ্ হয়ে আদুর রহমান আবার রণাসনে। এবার ভার স্থােগ হল
মুজাহিদদের দেনাপতি 'সাইয়্যেদ বায'-এর অধীনে বৃদ্ধ করার। সাইয়্যেদ
বায অত্যন্ত মুল্তাকী-পরহেরগার একজন আলেমে দীন এবং আফগান
মুজাহিদদের সিপাহসালার। তিনিই কল বাহিনীকে নাতানাবৃদ করে
ছেড়েছিলেন।

যুদ্ধ ওক্স হরে লেল। সক্রবাহিনী বিশাল ট্যাংক্ষরত্বর ও একঝাক জলি বিমান নিয়ে হামলা তক্স করল। কিন্তু সাইন্য়েদ বাবের দৃড়ভাপূর্ণ প্রতিরোধের মূখে ভারা মূজাহিদদের ঘাঁটিতে প্রবেশ করতে পারল না। ফলে মূজাহিদ প্রথমবারের মত এক প্রাটফর্মে দাঁড়িয়ে নির্বিদ্ধে শক্রের মোকাবিলা করল। আর ইতিহাস দেখল মাত্র আঠার বছর বয়নের তক্ষণ আক্রর রহমানের বীরত্ ও র্ণকৌশল। অবশেকে আল্লাহর রহমত ও নুহরতে মূজাহিদ বাহিনী বিজয় লাভ করল। কিন্তু আফ্সোস। এ বিজয় দেখা হল দাহীদ আনাস, আজুর রহমান এবং সাইন্যোদ বাহ-এর মত মহান বীরপুরুষদের ভাজা রক্তের বিনিময়ে। আল্লাহ ভাদের সকলকে জালাতের উচ্চ মাক্যে নছীব কর্মণ। আমিন।

^৭ প্রাবা– স্থারবদের লোশক বিলেহ। আয়াদের দেশে গতীবরা জায়ার উপর (জুকা সদৃশ) কালো যে গোলাকটি পরিয়ার করে গাকে।

শহীদ আহ্মাদ তিউনিসী

বদ্ধ আহমাদ! ভোমার সৌভাগ্য বড় ঈর্ষণীয়। তাকদীর তোমাকে সূদ্র আরব থেকে উড়িয়ে আনল এমন ঈর্ষণীয় সৌভাগ্য দান করার জন্য। রণাঙ্গনে যখন যোরতর লড়াই চলছে, শক্রে মোকাবিলায় সবাই যখন সর্বপক্তি নিয়ে ঝালিয়ে পড়ছে, সেই গুরুতর এবং গুরুত্পূর্ণ মৃহর্চে তুমি রোযা রাখলে এ আশায় য়ে, আল্লাহ ভোমার জন্য জাহারামকে হারাম করে দেবেন। কারণ হানীসে এসেছে, যে ব্যক্তি আল্লাহর স্বাস্তায় থাকা অবস্থায় রোযা রাখবে, আল্লাহ জাহারামকে তার থেকে সত্তর বছরের দূরত্বে সরিয়ে দেবেন।

আমি তেবে অবাক হই যে, কীভাবে তুমি ইতালীর মত জ্বণ্য দেশ থেকে আফগানিন্তানের পবিত্র ভূমিতে আসতে পারলে। নারী-সুরা, মদ-জুয়া, যিনা আর ব্যভিচারের নরক-রাজ্য হচ্ছে ইতালী। সেই পরিবেশ ছেড়ে ভূমি কীভাবে আসলে পাহাড়-মক্রভূমির দেশ যুদ্ধাবিপর্যন্ত আফগানিস্তানে, যেখানে সর্বদা গোলা বাক্রদের গন্ধ ছোটে, ট্যাংক-কামানের গোলা ছুটে।

শবাই বপ্ল দেখছিল, ভবিষ্যতে তুমি বৈমানিক হবে। তোমার বাবা ভাবছিল, ছাজারী পড়ে তুমি প্রকেসর হবে। তো কে এখন তোমার সেই খালি জারগা প্রণ করবে? নাকি স্বাই দিবাসপ্লে বিভার ছিল, আর তুমি ছিলে নতুন ইতিহাস রচনার বাস্তব জগতে। তাই গো তুমি সব তুলে আপন করে নিয়েছিলে কোরআন শরীফকে। আর জীবনসঙ্গী বা নিয়েছিলে তোমার বন্দুককে। যা ছিল তোমার আশা-আকাল্ফার প্রতীক। এই বন্দুকই ছিল ভোমার হৃদয়-নিভূতে স্থা দেখানোর প্রদীশ। তোমার বাবা আজীবন চিকিৎসা সেবায় নিজেকে নিয়োজিত রেখেছেন, যিনি স্থা দেখাতেন ভবিষ্যতে তুমি মেডিকেল কলেজের প্রফেসর হবে, কিংবা নামিদামি একজন ডাকার হবে। তিনি যখন তোমার শাহাদান্ডের সংবাদ তনবেন তখন কীভাবে নিজেকে সামলাবেন? কী বলে নিজেকে সাজনা দেবেন? মাত্র তিন দিনে তুমি যেভাবে আফগানদের হৃদয় জয় করেছো, তাতে তোমার শাহাদাতের সংবাদ তাদের মাথার উপর বল্প হয়ে পড়বে। তাদের হৃদয়জগতে অন্তহীন এক হাহাকার সৃষ্টি করবে।

তোমার সহযোজা মানছুর, উছমান এবং ভোমার কমাধার সিরীন জামাল তোমার রক্ত থেকে জান্নাতী খুশবুর দ্রাণ পেয়েছে। সুতরাং এখন তো সবার আফসোস আরো বেড়ে যাবে।

আছো আহমাদ! সত্যিই কি ভূমি জানতে জাজ তোমার শাহাদাত নছীব হবে? তোমার রবের সঙ্গে কি তোমার কোন গোপন ওয়াদা হয়েছিল? নইলে কেনো ভূমি অভিযানের আগে মান্ছুরকে বলেছিলে- "বিদায় বন্ধু", দেখা হবে জালাতে! আর মৃহর্তের মধ্যে চলে গেলে সবার আড়ালে, আর আপন রবের সঙ্গে মিলিত হলে রোধা রেখে!

সালাম বন্ধ আহমাদ, সালাম। তোমাকে জানাই আমাদের বিদায় সালাম।
আশা করি দেখা হবে জান্লাতে। দুআ করি আল্লাহ তোমাকে, আমাকে,
আমাদের স্বাইকে একত্ত করবেন জান্লাতে, নবী-সিদ্দিকীন, সালেহীন,
শহীদানের বরক্তময় কাকেলাতে।

শহীদ আব্দুল জাকার

আল্লাহর মাহব্ব বান্দা, আমানের সকলের প্রিয়পাত্র হে আবৃল জাববার।
রোমাকে আপন করে নিয়েই কি ভূমি আল্লাহর আপন হয়েছো? সফরে-হজরে,
আবাসে-প্রবাসে, শীতের আরামে, গ্রীন্ডের পরমে কখনো কেউ তোমাকে রোমা
ভাঙতে দেখেনি। জীবনে একবারও কি তোমার 'রোখছোত' গ্রহণ'-এর সাধ
জাগেনি। অভিযানের সময় কত পাহাড়-পর্বত, সুউচ্চ টিলায় আরোহন করতে
হয়, কখনো দীর্ঘ উচু দুর্গম পাহাড়ী পথ অতিক্রম করতে হয়। রোমা রেখে
এটা কীপ্তাবে সম্বব হতো তোমার পক্ষে? এ কাফেলায় একইসাথে ভোমার
বড় আবু দ্রানাও ছিল, বড় হিসাবে ভূমি তাকেও তো অনুসরণ করতে
পারতে, নাকি ভূমি আরো বড় কাউকে অনুসরণ করেছো। জানাতে আরো
উচ্চ মাকাম হাছিলের জন্যং।

এখনো আমার চোখে ভাসছে, তোমার চেহারা, সেই অমায়িক দীন্তি, যা দেখে চোখ জুড়িয়ে যেত, কলিঞা ঠাণ্ডা হয়ে যেত, কিন্তু ভৃষ্ণার্ত হলয়ের ভৃষ্ণা ওধু বেড়েই চলত। আরো একটু তাকিয়ে থাকতে চায়, হলয়াঝা আরো শীতল হতে চায়। কেন হঠাৎ করে এভাবে চলে গেলে? ভূমিও কি ব্যাকুল হয়েছিলে অন্য কারো আকর্ষদে?।

রোপছাত অর্থ: ছাড়, অবকাশ, কোন আমণ করা না করার এখতিয়ার ।

ওহে মহান জাকারের প্রিয় আবৃল জাকার। বিদায়বেলা একটু কি অভিমান হয়েছিল আমাদের উপর? তুমি পানি চেয়েছিলে, কিন্তু দেইনি বলো সেই দৃল্য তো আমাকে এখনো কুঁড়ে কুঁড়ে খাচেহ, বখন তুমি লড়ছিলে বুক চিতিয়ে, এগিয়ে যাচিহলে বীর বিক্রমে, তখন তোমাকে আচমকা আঘাত হানল কামানের গোলা। ফিনকি দিয়ে রক্ত ছুটল। তুমি ধীরে ধীরে নিস্তেজ হয়ে পড়লে। আর আবু খালেদ দৌড়ে এসে তোমাকে কোলে তুলে নিল। এমনই হানয় বিদারক মৃহর্তে যখন তুমি পানির দিকে ইশারা করলে আমরও দৌড়ে গেলাম পানির দিকে, কিন্তু ডাকার নিষেধ করল তোমাকে পানি দিতে। শেষ বিদায়ের সময় জানি না ডাকার কেন এমন করল, আর আমরাই বা কেন এমন করলাম! মাক্ত করে দিয়ো বন্ধু, আবার দেখা হবে জান্নাতে। আমীন।

শহীদ আহ্মাদ আয়-বাহরানীর পিতার পক্ষ হতে ডট্টর আনুল্লাহ আয়্যামের প্রতি

বিসমিল্লাহির রাহমানির রাহীম আল্লাহর পথে আমার ভাই শায়েখ আবদুল্লাহ আ্যযাম। আসসালামু আলাইকুম ওয়া রাহমাতৃল্লাহ।

তোমার মোবারক চিঠি আমার ক্ষাছে পৌছেছে, যাতে তুমি আমার পুত্র আহমাদের মৃত্যু-সংবাদ দিয়েছো, আল্লাহ তার প্রতি রহম করুন। আল্লাহ তোমাকে আমার পক্ষ হতে এবং মুসলমানদের পক্ষ হতে উত্তম জাযা দান করুন। আর উন্মতকে বিপদের মুখ থেকে উদ্ধার করার এবং গাফলতের ঘোর থেকে জাগ্রত করার যে উত্তম প্রচেষ্টায় তুমি আত্যনিমন্ন হয়েছোঁ, আল্লাহ তাতে বরকত দান করুন, আমিন।

আল্লাহর পথে হে আমার ভাই। আমি পুরানো সামরিক অফিসার ইংদীদের বিরুদ্ধে ৮৪ বছর পূর্বে এক যুদ্ধে শরীক হয়েছিলাম এবং তাতে কিছু বীরত্বের দৃষ্টান্তও স্থাপন করেছিলাম। তবে তা খুবই সামান্য ও নগণ্য। তদুপরি সেটা ছিল ব্যক্তিগত একটি প্রচেষ্টা, যা তোমার এই মোবারক জিহাদের তুলনায় একেবারেই অপ্রতুল। তবে এই জিহাদের লক্ষ্য-উদ্দেশ্য সুস্পষ্ট, যা ব্যাখ্যা করার কোন প্রয়োজন আছে বলে মনে হর না। আর

ভূমি নিজেও যেহেভূ একই পথের পথিক, তাই তোমার কাছে এণ্ডলো বলা মানে মায়ের কাছে নানীর বাড়ির গল্প বলা।

যাহোক, আল্লাহর ইচ্ছায় এই জিহাদই যামানার এই দূর্দিনে উত্তম বৃষ্টির ন্যায় যা বর্ষিত হয়েছে এমন কিছু অন্তরে যা আল্লাহর প্রতি ইমান এনেছে এবং তাকে রব হিসেবে মান্য করে এবং ইসলামকে ধর্মরূপে এবং মুহামদ (সা)কে নবীরূপে এবং জিহাদকে পধরূপে এবং ক্রুডানকে জীবনবিধান-রূপে গ্রহণ করে।

আল্লাহর শশখ। জিহাদ বড়ই লাভজনক ব্যবসা। আর ডাতেই রয়েছে দুনিয়া ও আখোরতের সম্মান ও মর্যাদা। মাটির টান এবং দেহের স্থূলতা থেকে বেঁচে থাকার এটাই উপার। এতেই মুয়েছে সন্তি ও আস্থা এবং শান্তি ও নিরাপতা। আর এটাই হচ্ছে ইসলাম, যার অবস্থান অন্যসম ধর্মের উপরে। আল্লাহ তাজালা বলেছেন, নিঃসন্দেহে যে তাকুওয়া অবলমন করবে এবং সবর করবে (আল্লাহ তাদের প্রতিদান নট করবেন না) কেননা আল্লাহ সদাচারীদের প্রতিদান নট করেন না। সুতরাং হে ভাই। আমি তোমাকে এবং নিজেকে তাকুওয়া অবলমনের উপদেশ দিচিছ।

ইডি

আৰুপ্লাহ ইবনে ইয়াহয়া আযু-বাহরানী

শহীদ আহ্মাদের শারণে আমীরের শৃতিচারণমূলক পত্র

প্রতিদিনই আলাহর নির্ধাবিত তাকদীরী মৃত্যু কোন না কোন যুবককে ছিনিয়ে নিচেছ। আর সে চলে যাওয়ার পরই তার মর্যাদা বুঝে আসছে। যেন সে হঠাৎ বিশাল ব্যক্তিত্বে পরিপত হয়েছে, এতদিন যে ছিল খুব সাধারণ একজন বুবক। তায়েফ এবং অহিলায় আলাহর অভিমুখী বহু যুবক আছে। আহমাদ তাদেরই একজন, এখানেই সে প্রতিপালিত হয়েছে। আফগানযুদ্ধ এখন সমর্য তায়েফের; বরং গোটা মুসনিমবিশ্বের আলোচনার বিষয়। দুনিয়াজোড়া এসব আলোচনা থেকে আহমাদের পরিবারও বাদ যায়িন। আফগান জিহাদ সম্পর্কে কখা-বার্তাই এই পরিবারে বাততা হয়ে উঠেছে বিশেষভাবে। কেননা এই পরিবারের সভানেরা জেনে নিয়েছে যে, জিহাদ কর্মে আইন। যা আদায় করতে হয় জান এবং মাল উভয়টি বিসর্জন দিয়ে। এক্লেরে এমনকি মা-বাবার অনুমতিরও প্রয়োজন হয় না।

আহমাদের বড় ভাই এসেছিল আকলান জিহাদের ঘটনা ও তার প্রকৃতি এবং এতে তার কী ভূমিকা পালন করা উচিৎ, সেটা জানার জন্য। তখনই প্রথম আমি আহ্মাদকে আমার ঘাঁটিতে দেখেছিলাম। সেটা ছিল ১৪০৬ হিজরীর রামায়ানের ঘটনা। তখন তার সাথে ছিল তার বড় ভাই। তিনি ছিলেন চাকুরীজীবী। তিনি এসে আমার তাঁবুকে কসলেন এবং আমাকে আফগান জিহাদে পরীক হওয়ার হকুম জিজ্ঞাসা করলেন। আমি বললাম, এটা কর্বে আইন, এ ব্যাপারে মা-বাবার অনুমতিরও প্রয়োজন নেই। তিনি এতটুকুতেই চাকুরী থেকে পদত্যাগ করলেন এবং জিহাদে বের হওয়ার জন্য দৃঢ় প্রতিজ্ঞা করে দেশে ফিরলেন। তার পাশেই ছিল সদা হাস্যমান এক তরুণ। আমি তার সম্পর্কে জিজ্ঞাসা করে জানতে পারলাম, সে ঐ কেতাদুরস্ক চাকুরিজীবীর ভাই। তাকে লক্ষ্য করে বললাম, তুমি হলে আল্লাহর রাস্তার সিংহ।

রামাধানের শেষের দিকে আমরা পরস্পর বিচিন্ন হয়ে পড়লাম। সময় তার আপন গতিতে এগিয়ে চলক। হঠাৎ একদিন আমি আহমাদকে দেখলাম, আমার ঘাঁটির পাশে বরক্ষের মারে দাঁড়িয়ে লড়াই করছে। যেন শাহাদাতের তীব্র আকাক্ষায় ছটফট করছে। যেন আয়তলোচনা স্থ্রদের সাক্ষাতের জন্য সে ব্যাকৃশ হয়ে পড়েছে।

তার বড় একটি ৩৭ ছিল, নির্মল কৌডুক এবং সভাবসুন্দর হাসি মশকরা, যা তার সরল হাদয় এবং সচ্ছ সভাবের পরিচয় বহন করতো। কৃরিমতা বা উপহাসের কদর্য কথনো তাকে স্পর্শ করতে পারত না।

যারা শীতকালে আমার ক্যাম্প দেখেছেন তারা জানেন যে, শীতকালে সেখানে কী কটটাই না করতে হয়। সেখানে তখন তাপমাত্রা ০.২ ডিগ্রিতে নেমে যায়। তখন পাত্রে গরম পানি রাখলেও জমে বরফ হয়ে যায়। অযুর সময় দাঁড়িতে সামান্য পানি লেগে থাকলেও জমে বরফখতে পরিণত হয়।

মোটকথা শীতকালে ঐ অঞ্চলে খুবই কট ও দুর্ভোগ পোহাতে হয় যা খুব কম মানুষই সহ্য করতে পারে। আমি তাদের মাঝে প্রার দশদিন অবস্থান করেছিলাম। ডো আমি তাদেরকে ইর্ঘা করতাম এবং তাদের সহাক্ষ্মতা দেখে খুবই আকর্যবোধ করতাম। যেখানে ভর দুপুরেও বাতাস এতটাই হীম শীতশ ষে, সূর্য মাধার উপরে থাকা সত্ত্বেও বাতাসের ঝাপটায় শরীরে কাঁপুনি ধরে যায়। তবুও ফজরের পর থেকে সূর্ব ডোবার আগ পর্যন্ত তাদের উৎসাহ ও পরিশ্রমী মানসিকতা দেখে তাদের প্রতি আমার অস্তরে একটা শ্রদ্ধাবোধ জেশে উঠে। তারা মুঞাহিদদের ঘাঁটি থেকে প্রায় ৪ কিলোমিটার দূরে কমিউনিস্টদের কেন্দ্রের তিন থেকে সাড়ে তিন কিলোমিটার কাছে গিয়ে অবস্থান করতো। আমি আশংকা করতাম যে, কখন জানি শত্রুরা তাদেরকে ছোঁ মেরে ভূলে নিয়ে যায়। শতুদের গোয়েন্সাগিরির খবর তো আমার জানা ছিল। তাই প্রায়ই আমার আশংকা হত যে কখন জানি বোমা বর্ষণ ভক্ত হয় এবং তাদেরকে মিটিয়ে দেয়া হয়। ভাই মনেখাণে কামনা করতাম, তারা যেন মূজাহিদদের ঘাঁটির কাছাকাছি অবস্থান করে। কিন্তু তারা বলল, যত মূল্যই দিতে হোক, যত কোরবানীই করতে হোক, তারা তাঁদের অবস্থানে অনড় ধাকৰে।

আমি তাদের একজনকে জিজাসা করণাম, যদি ভারী অস্ত্রশন্ত নিয়ে তারা হামলা করে তাহলে কি তোমরা পিছু হটবে? (ভারী অস্ত্রশন্ত বলতে ব্ঝায়, শ'খানেক ট্যাংক, অন্তরোঝাই গাড়ী বহর, সাথে কেপণার এবং বোমারু বিমান)। সে মুচকি হেসে বলল, ইনশাআল্লাহ আমরা ভার মোকাবেলা করবো এবং যেখান থেকে এসেছে সেখানেই ফিরিয়ে দেবো। তখন আমিও তার জওয়াব ভবে মুচকি হাসলাম। আরেকজনকৈও একই প্রশ্ন করলাম।

সে বলল, আসমানে আল্লাহ আছেন, আর যমীনে আছে আবু আব্লুাহ (এই দু'জনই তাদের মোকাবেলায় যথেষ্ট)। আমি যখন তাদের ছেড়ে আসছি তখন তারা রাতদিন এক করে তাদের অবস্থানস্থল সৃদ্দ করার কাজে ব্যস্ত। অখচ তারা ছিল বিলাসী যুবকের দল। যারা এখনো জীবনের ধাক্কা খায়নি এবং অভিজ্ঞ ও পরিপক্ক হয়ে উঠেনি, যেমনটি হওয়া দরকার ছিল। কিন্তু তাদের মনোবল ছিল আকাশচুষী

কবি বলেছেন–

মনোবল যদি উচ্চ হয়, তবে দেহ তার উদ্দেশ্য প্রথে ক্লান্ত হয় তারা বলতো, অবশ্যই কমিউনিস্টদের এই পথ মুক্ত করা দরকার। তাদের কেউই কাজ ছাড়া থাকতো না। একবার তাদের মধ্য হতে সাতজন শত্রু শিবিরের মাত্র দুই মিটার দূরে তাঁবু গেড়ে ওঁৎ পেতে থাকল। আমি তাদের দুঃসাহস এবং অবিচলতা দেখে হতবাক হয়ে গেলাম। তারা দীর্ঘক্ষণ এভাবে ছিল। আর স্বাই তাদের জন্য দোয়া করছিল।

তাদের অবস্থা দেখলে মনে হয় যেন তারা পিপাসার্ত হয়ে মৃত্যুঘাটে হাজির হয় কিংবা তারা বারুদ থেকে শহীদী কাফনের জান্নাতী ঘ্রাণ পায়, আর আহমদতো সরাসরি মৃত্যুকেই খুঁজে বেড়াত। সে অনেকদিন যাবংই কেমন যেন জান্নাতি খুশবু পেত। তাই সে অভিযানে অংশগ্রহপের জন্য উদগ্রীব হয়ে থাকত। কোন ক্যাম্প বেশি দিন অভিযানের বাইরে থাকলে সে অন্য ক্যাম্পের খোঁজে বেরিয়ে পড়ত। যেখানে খুব বেশী বেশী অভিযান পরিচালিত হয়। সে বলেছিল, এটাই আমার শেষ অভিযান। যদি শাহাদাত লাভ না হয় তাহলে এরপর কান্দাহারে চলে যাবো। কিন্তু সে জানতো না যে আল্লাহ অন্য কিছু চান, আল্লাহ ভাকে নিজের কাছে নিয়ে যেতে চান। অবশেষে আল্লাহ তাকে শাহাদাতের মর্যাদা দান করলেন। আমরা আশা করি আল্লাহ তার শাহাদাত বরণ কবুল করেছেন।

সে ছিল সুললিত কণ্ঠে কোরআন তেলাওয়াতকারী। সে সুমধুর কণ্ঠে গজলও গাইত। সে তার ডাইদেরকৈ আনন্দ দিত এবং তাদের ক্লান্তি দূর করতো গজল গেয়ে গেয়ে। তায়েক থেকে যারা এসেছিল তারা চাইতো আহমাদই ভাদের নামাজের ইমামতি করুক। শায়খ ভামীম তার তেলাওয়াত পছন্দ করতেন এবং তার পিছনে নামাজ পড়ে প্রশান্তি লাভ

করতেন। আমি পরে জেনেছি যে, ভার কিছু ক্যাসেটও আছে, যা ভায়েফে এবং অন্যান্য জায়গায় বিক্রি হয়। আর আহমাদের মুখের আযান ছিল বড়ই চমংকার।

অভিযানের একদিন আগে আমি তাদের সাথে ছিলাম এবং তাদের সাথেই রাত কাটিয়েছি। তখন আহমাদের এক সাথী আমাকে বলল, জুমআর রাত্রে যখন আহমাদের পাহারার দায়িত ছিল তখন সে সারা রাত তাহাজ্জ্দের মধ্যেই কাটিয়েছে।

আবু ফায়ছাল নামে আরেকজন আমাকে বলেছে, "আমার সাথে একমাল আগে আহমাদের দেখা হয়েছিল, তখন সে আমাকে মুছহাফ হাদিয়া দিয়েছিল এবং বলেছিল, যখনই আপনি তা তেলাওয়াতের জন্য খুলবেন তখনই আমার শাহাদাতের দোয়া করবেন। আহমাদ ও তার ভাই মুহাম্মদ সারা তায়েকে দাঈ হিসাবে পরিচিত ছিল। তারা উভয়ই সং কাজের আদেশ এবং অসং কাজ হতে নিষেধ করতে অভ্যন্ত ছিল। আমার মনে পড়ে, এক জুমার দিন সকালে আহমাদ গল্প-গুজব ও হাসি-মশকরায় নিশ্ব কিছু যুবকের পাশ দিয়ে যাছিল। তখন তাদেরকে এই অবস্থায় দেখে সে বলল, ভাইয়েরা! আল্লাহর যিকিরে মশগুল থাকো। সে অন্যদেরকে বলছিলো, আজ জুমার দিন, তোমরা স্বা কাহাফ পড়তে ভুলে যেওনা।

আহমাদ হয়ত অনুভব করছিলো থে, এটাই দুনিয়াতে তার শেষ দিন। তাই তায়েক থেকে আগত তার ভাই আবু হ্যাইফাকে বিদায়ের সময় বলল, মা-বাবাকে আমার বিদায়ী সালাম বলো, কারণ ইনশাআল্লাহ আজই আমি শহীদ হয়ে যাবো।

অভিযানে রওয়ানা হওয়ার জন্য দলগুলো সারিবদ্ধ হলো, আর সবার চোখ থেকে অশ্র ঝরতে লাগলো। আহ! বিদায়ের সেই উষ্ণ সুহুর্ভগুলো কত দ্রুত অভিক্রান্ত হয়। প্রত্যেকেই আশংকা করে বে, হয়ত আর দেখা হবে না ভাইয়ের সাথে। কিন্তু কিছু যুবক তথনো শত্রুর মুখোমুখি হওয়ার জন্য প্রস্তুত হয়ন। তাই দায়িতুশীল তাদেরকে শরীক হতে নিষেধ করলেন, আর ভারা কান্নাকাটি শুরু করল এবং বিভিন্নজনকে দায়িতুশীলের কাছে সুফারিশের জন্য অনুরোধ করতে লাগল, যাতে দায়িতুশীল তাদেরকে যাওয়ার অনুমতি দেন।

যাহোক, অবশেষে কাফেলা রওয়ানা হয়ে গেল। ছুমার দিন দোয়া করুলের সময় সন্ধ্যা ছয়টার দিকে গোলা বর্ষণ শুরু হল আমি অভিযান পর্যবেক্ষণ করছিলাম। দেখলাম, গোলা শত্রুর কেন্দ্রগুলো পুড়িয়ে দিচ্ছে এবং তাদের ঘাঁটিগুলোকে আগুনের লেলিহান শিখা গিলে গিলে খাচেছ। আহমাদ ছিলো অগ্রবর্তী কেন্দ্রগুলোতে। সে ২৭ নম্মর কামানের ক্ষেপণ পর্যবেক্ষণ করছিলো এবং মাঝে মাঝে গোলা শতনের স্থান উকি মেরে দেখছিল। আবার কখনো কামান দাগাচিছল। তো সে আল্লাহর শত্রুদের পুড়ে যাওয়া দেখে বুকের চাপা ক্ষোভ উপশ্যের উদ্দেশ্যে সামনে এগিয়ে গেল আর চিহকার করে বলতে লাগল, লিল্লাহে তাকবীর। আল্লাহ আকবার!!

জুমার দিনের স্থান্তের সাথে সাথে আহ্মাদের আওয়াজও বন্ধ ইরে পেল। তার সঙ্গীরা তাকে ডাকতে লাগল কিছু সে কোন জওয়াব দিচ্ছিলনা। অবশেষে ইয়াহইয়া এগিয়ে গিয়ে দেখল, আহমাদ রক্তে রঞ্জিত হয়ে মাটিতে পড়ে আছে। আল্লাহর নবীর হাদীসের সেই সৃসংবাদ মনে পড়ল, যেখানে জান্নাতী যুবকের বিবরণ দিয়ে বলা ইয়েছে "সে ঘোড়ার লাগাম ধরে ছুটে চলে মৃত্যুর দিকে, যেখান থেকে ফরিয়াদ ভেসে আসে। আল্লাহর রান্তায় যার চুল এলোমেলো এবং পা ধূলিমলিন হয়েছে।" আহমাদ সে জান্নাতী যুবকদেরই একজন ইনশা আল্লাহ।

আমরা নিকটেই যুদ্ধক্ষেত্রের ধবরাধবরের অপেক্ষায় ছিলাম, আমাদের কাছে খবর পৌছল যে, আহমাদ ২৭ নম্বর কামানের নিকট শহীদ হয়ে গেছে। খবর শোনামাত্র ভায়েফের ছেলেরা কাল্লায় ভেঙ্গে পড়ল, কেননা ভারা ছিল ভার সেই শৈশবের বন্ধু। ভারপর পরিস্থিতি যখন শাস্ত হল তখন যুবকেরা একে অপরকে ভার শাহাদাভের সম্ভাষণ জানাতে লাগল এবং ভারা কামনা করছিল যেন ভারাও শাহাদাভ লাভ করে এবং আগ্লাহ ভাদের শাহাদাভ করুল করেন।

যুবকেরা কাতারবন্দী হয়ে দাঁড়িয়ে গেল এবং রাতের এই গভীর অন্ধকারে এবং সেই অঞ্চলে সেই গোলা বৃষ্টির মধ্য দিয়ে তার লাশ হাজিরের দাবী জানাল এবং তারা পীড়াপিড়ি করতে লাগল তাকে বিদায় জানাবার জন্য। তখন আমরা তাদেরকে বললাম, পথ স্পষ্ট না হওয়ায় এবং রপাঙ্গণ ভীষণ আকার ধারণ করায় এখন যাওয়াটা খুবই ঝুঁকিপূর্ণ। তাছাড়া সুমুত হচ্ছে,

শহীদকে তার শাহাদাত বরপের স্থানে দাফন করা; অন্য কোথাও স্থানান্তর না করা। যেমন হাদীসে এসেছে, একদল সাহাবী তাদের শহীদগণকে মদীনায় নিয়ে যাচ্ছিদেন তখন আল্লাহর রাস্পের (সা.) ঘোষক ঘোষণা দিলেন বে, শহীদদেরকে যেন তাদের শাহাদাত বরণের স্থানে ফিরিয়ে নেয়া হয়।

শত্র গোলাবৃষ্টির মধ্য দিয়ে অন্ধকারের যানায় ভর করে কিছু যুবক চূপিসারে গিয়ে আহমাদের মৃতদেহে উপস্থিত করল। তথনও ভার মুখে ছিল সেই মৃদু হাসি যা জীবিতাবস্থায় তার বৈশিষ্ট্য ছিল। ভার সহযোদ্ধা আবু হ্যাইফা বললো, আমি আইমাদের মৃতদেহ থেকে অন্যরক্ষ এক খুশবুর সূত্রাণ অনুভব করছি।

পাহারার সময় আহমাদ যে কামরায় অবস্থান করতো তার সামনেই তার জন্য স্থায়ী আরামের ঘর (কবর) তৈরী করা হল। তাকে কবর দেয়ার জন্য এবং তাকে রাক্ষ্ল আলামীনের কাছে পৌছে দেয়ার জন্য আবু হুয়াইকা তার পবিত্র দেহ বহন করেছিল। চক্ষ্ অহা ধরে রাখতে পারছিল না, যদিও হৃদয়ে ছিল আহমাদের শাহাদাত বরণে, তার জান্নাতী হওয়ার খুশী ও আনন্দ।

আবৃ হ্যাইফা এবং আরো যারা নির্মল ও শান্ত এই আহ্মাদকে জীবীতাবস্থার দেখেছে তাদের এই মৃহুর্তগুলোতে মনে পড়ে যেতেই পারে মৃস্তাব ইবনে উমায়ের (রা.) এর কথা। আর মনে হতে পারে সেই চিরন্তন বাণীগুলো যা দারা রাস্লুল্লাহ (সা.) মৃস্তাবকে উহুদের দিন বিদায় দিয়েছিলেন, তোমাকে আমি মক্লায় দেখেছি, মক্লায় তখন তোমার চেয়ে উত্তম পোশাক এবং তোমার চেয়ে সৃক্ষর চুপের অধিকারী কেউ ছিল না। জার এখন ভূমি এলোমেলো চুল আর এক চাদরে (কবরে যাচেছা)!

স্থাগতম তোমার হে তায়েক। তোমার সুললিত কণ্ঠের অধিকারী সেই শহীদ মুআযযিনের জন্য। আর ভার মা-বাবা ও আগ্রীয় স্বজনের জন্য তার আন্থে শাহাদাত ও শাফা আতের সুসংবাদ। সিংহের অভয়ারণ্যের সেই সিংহ চলে গোল।

হে আহমাদের আপন ভাইয়েরাঃ তিলাল, ইয়াহইয়া, সাঈদ, উমর, আব্দুল ওয়াহহাব ও অন্যান্যরাঃ এই সিংহ তো চলে গেলেন, কিন্তু তোমাদের সামনে পথ করে দিয়ে গেলেন। তো তোমরা কি তারই পিছু পিছু একই পথের যাত্রী হবে?

হে আহ্মাদের বৃদ্ধাণা আহ্মাদ তো চলে গেলেন এবং তোমাদের কাছে সত্যের প্রমাণ রেখে গেলেন, এরপর তো তোমাদের বসে থাকার কোন অজুহাত বাকী নেই!

হে আহমাদের আত্মীয়গণ! সেই পথ থেকে পিছিরে থাকা তোমাদের উচিৎ হবে না, দুনিয়া ও আখেরাতে যে পথের পথিকের যিন্মা গ্রহণ করেছে স্বয়ং আল্লাহ পাক।

আমরা আল্লাহর কাছে দোয়া করি, তিনি বেন আমাদেরকে জান্নাতুল ফেরদাউসে আহমাদের সঙ্গে একত্রিত করেন।

শহীদের পরিবারের প্রতি প্রেরিত চিঠি

সম্মানিত চাচাজান আদুল্লাহ ইবনে আয-যাহরানীকে আল্লাহ নিজের হিফজ ও আমানের মধ্যে রাখুন।

সন্মানিতা চাঠিজান আহমাদের মাতাকেও আল্লাহ আপন হেফাঞ্জতে রাখুন, আমীন।

আহমাদের আপন ভাইগণ, জিলাল, ইয়াহইয়া, সাঈদ, উমর, আদৃগ ওহহাব, মুহাম্মদ, বানাদার সকলকেই আল্লাহ আপন হেফাজতে রাখুন।

আহমাদের বোনদেরকে আল্লাহ সাহায্য করুন এবং সবরে জামীদের তাওফীকু দান করুন।

আস-সাল্যমু আলাইকুম ওয়া রাহ্মাতৃক্লাহি ওয়া বারাকাতৃহ। আল্লাহ বলেছেন–

"নিঃসন্দেহে সকল মানুষই মৃত্যুবরণ করবে। তবে শহীদগণ মৃত্যুর সাথে সাথে দুনিয়ার গৌরব এবং আখেরাতের সফলতার নিক্রতা লাভ করেন।

আসলে শাহাদাত বরণের মানে হচ্ছে আল্লাহ তাআলার পক্ষ হতে বিশেষভাবে নির্বাচিত হওয়া। যেমন আল্লাহ কোরআনে বলেছেন, আর ঐ দিনওলোকে আমি অদলবদল করে থাকি তোমাদের মধ্যে, যেন আল্লাহ জেনে নেন ঐ লোকদেরকে যারা ঈমান এলেছে, ভোমাদের মধ্য হতে এবং যেন তিনি গ্রহণ করেন তোমাদের মধ্য হতে কিছু শহীদ।"

প্রত্যেক জাতিই এমন কিছু লোকের কারণে বেঁচে থাকে যারা ভার পভাকা সমূরত করে রাখে, তার পবিত্র ভূমিকে রক্ষা করে। সর্বোপরি ভালের সম্মান ও মর্যাদা রক্ষার কাজে নিজেদের জীবন কোরবান করে।

কত জাতি এমন আছে যাদেরকে শারণীয় করে রেখে গেছে এবং অস্তিত্ব রক্ষা করে গেছে এবং তাদের নাম ইতিহাসের পাতায় বর্ণাক্ষরে লিখে গেছে তাদেরই মধ্য হতে কোন আত্মমর্যাদাশীল যুবক।

হে আহ্মাদের পরিবার। তোমরা এমন এক পরিবার যাদেরকে মানুষ আহমাদের নামে চিনবে। যেই আহ্মাদকে আল্লাহ পরবর্তীদের মাঝে প্রশংসনীয় করেছেন। তার স্মরণে তোমরাও স্মরণীয় হবে এবং তার পরিচয়ে তোমরাও পরিচিত হবে। বহুকাল যাবং এই উন্মত গাফলতের যোরে আছের হয়ে আছে এবং গভীর ঘোরে ভূবে আছে অথচ বিশ্বের অশিভৃত্ব টিকে থাকার জন্য এদের জেগে থাকার কোন বিকল্প নেই। এখন এই উন্মতকে আগিয়ে তোলার একমাত্র উপায় হচ্ছে রজের চল এবং অত্তের আওয়াজ। আর যুবকদের এই পবিত্র রজই এই উন্মতকে নতুন করে জাগিয়ে তুলবে এবং জীবনের নিশ্পাণ নদীতে সৃষ্টি করবে ভরঙ্গ- জোয়ার।

সীরাতৃশ মৃস্তাকৃথিমের এই দ্বীন ভখনই সজীব ও জীবন্ত হয়ে উঠে যখন সে তার সত্যনিষ্ঠ ও মুখলিছ সেনাদের রক্তে সিক্ষিত হয়। এই দ্বীনের সৃদীর্ঘ ইতিহাস মৃজাহিদীনের খণ্ডবিখন অঙ্গে ভরপুর। যার বিনিময়ে আল্লাহ তাদের জন্য প্রস্তুত করে রেখেছেন জাল্লাতে একশ'টি বিশেষ মর্যাদা।

উলামারে উদ্যত সবাই এবিষয়ে একমত যে, এখন জান-মাল দ্বারা আল্লাহর রাস্প্রয় জিহাদ করা ফরুয়ে আইন। আর পরিস্থিতি এখন এত

ভয়াবহ যে, পিতা-মাতার অনুমতিরও এখন প্রয়োজন নেই। তবে নারীদের জন্য মাহরাম ছাড়া বের হওয়ার অনুমতি নেই।

বেই পবিত্র ভূমিগুলো ছিনিয়ে নেয়া হয়েছে, যেই সম্পদণ্ডলো মুন্তিত হয়েছে, যেই ইচ্ছাণ্ড-সম্মানের বেহুবমতি হয়েছে, যেই ভূমিগুলো দখল করে রাখা হয়েছে, সব যেন বুবকদের হিম্মত ও মুসলমানদের মনোবলকে লক্ষ্য করে বলছে— মুসলিম নারী শত্র শিবিরে হরে আছে বন্দী, তুবও হে মুসলিম ভূমি শান্ত চিত্তে বঙ্গে আছো। জাপায় জাপায় আজ মুসলিম নারী হঙ্গে নির্যাতিতা, আর ভূমি হে যুবক ব্যক্ত হয়ে আছো আরাম-আয়েশের তালাশে!

আহ্মাদের সমবয়সীরা যখন কার-রেসের খেলায় মন্ত ছিল, তখন আহ্মাদ কামান-গোলা নিয়ে ব্যস্ত থাকতো। আধুনিক শহরওলোতে, মগুতা ও যৌনতার উন্মাদনার ভূবে থেকেই আজ কাল যুবকেরা তাদের ছুটি কাটায়। কিন্তু আহ্মাদ। সীমান্তবর্তী অঞ্চলগুলোতে পাহাড়ের চূড়ায় গোলা-বারুদের গন্ধ আর ট্যান্ক-কামানের বিকট শন্তের মাঝেই তার সমর কাটতো।

কবি বলেছেন-

দুনিয়ার শ্রেষ্ঠ স্থান হল ঘোড়ার পিঠ আর সময়ের শ্রেষ্ঠ বন্ধু কিতাব

আজ-কালের যুবকরা তো যৌবনের অস্থিরতার সুরেলা গান আর হৈচে বাজনা শোনা কিংবা নোংরা-নগ্ন ছায়াছবি দেখা ছাড়া ঘুমাতেই পারে না। কিন্তু আহমাদ। মুসলমানদের ইজ্ঞত-সম্মান রক্ষার্থ আল্লাহর রান্তায় সেরাত জেগে কাটাতো। আর রাতের প্রহরতলাতে তাসবীহ-তাহাজ্জুদ আর ইন্তেগফারে সমাহিত হয়ে থাকত। আজ-কাল মানুষ দুনিয়াদারদের নৈকটা অর্জন এবং তাদের মোসাহেবদের কাছে আসা-যাওয়ার মধ্যেই মর্যাদা দেখতে পায়, কিন্তু আহমাদ বুঝতে পেরেছিল, দুনিয়াকে পদদলিত করার মাঝেই মর্যাদা। তাই দুনিয়া তার চোখে এতই ছোট হয়ে গিয়েছিল যে, তার অন্তরে বিন্দুমাত্র প্রভাব বিশ্পুর করতে পারেনি। কারণ সেই হাদীছ শরীফ সে ভাল করেই জেনেছে, তুমি দুনিয়া বিমুখ হও আল্লাহ তোমাকে ভালবাসবেন। আর লোকদের কাছে যা আছে তা থেকে বিমুখ হলেই কেবল মানুষ তোমাকে ভালবাসবে।

এখানেই শেষ করছি, যদিও অন্তরে বলার মত জনেক কথাই আছে এবং হৃদয়েও আছে জনেক ব্যথা-বেদনা। তবে এতটুকু বলাই যথেষ্ট মনে করছি যে, আমার জন্তরের অন্তন্তন থেকে আমি কামনা করি, আমার প্রতিটি সম্ভানই যেন আল্লাহর রাস্প্রয় শাহাদাত লাভে ধন্য হয়। আল্লাহর কাছে আশা রাখি তিনি আমাদেরকে তারই পথে শাহাদাত দান করবেন।

তোমরা বড় সৌভাগ্যবান তোমাদের এই শহীদ পুত্রের জন্য, ইনশাআস্থাহ সে দুনিয়াতে তোমাদের জন্য মর্যাদা ও প্রশংসা বরে আনবে। জার আখেরাতে আনবে সুফারিশ ও উঁচু মরতবা।

অবশেষে আমি আমার পত্রটির সমান্তি টানতে চাই, শহীদ সম্পর্কেরাস্গুল্লাহ্ সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লামের এই হাদীছ বারা— শহীদের জন্য তার প্রতিপালকের নিকট রয়েছে ছয়টি কিংবা সাতটি মর্যাদা, তার রক্ত প্রবাহিত হওয়ার সাথে সাথে তাকে মাফ করে দেয়া হবে। মৃত্যুর সমর সে জান্লাতে তার বাসন্থন দেখতে পাবে। কেয়ামতের দিন সমম্প্র শহুন-ভীতি থেকে সে নিরাপদ থাকবে। আর তাকে পরানো হবে মর্যাদার মৃকুট, যাতে থটিত ইয়াকৃত সমগ্র দুনিয়া ও তাতে বিদ্যুমান সকল সম্পদ থেকে প্রেট। আর তাকে বাহান্তর জন আরভলোচনা হরের সাথে বিবাহ দেরা হবে, কিয়ামতের দিন তার পরিবারত্ব সন্তর্জনের বিষয়ে তার সুকারিশ কর্ল করা হবে। (সহীহ হাদীস)

ইনশাআল্লাহ আমরা এপথেরই পথিক থাকবো আর আল্লাহর কাছে আমরা স্কীবনের সুসমান্তি আশা করব।

ইভি

তোমাদের ভাই আব্দুদ্রাহ আয়যায বৰদবান, ২৬ শবান, ১৪০৭ হিন্দরী বোভাবেক ১২ এখিল, ১৯৮৭ ইলোকী

ৰারা জারাতী কুমারীদের ভাগোবাসে 🕮 ১৮২

হামদ ও ছালাতের পর-

আল্লাহর আমোঘ বিধান হিসাবে, প্রতিদিনই কোন না কোন মুজাহিন শাহাদাত লাতে ধন্য হচেছন। যাদের মৃত্যুর পরই তথু আমরা বৃথতে পারছি যে তারা ছিলেন সাধারণ বেশে অসাধারণ মানুষ।

আহ্মাদ নামে এক তায়েকী ব্বকের কথা জানি, যার জন্ম ও প্রতিপালন হয়েছে এমন একটি পরিবারে যার সদস্যকৃত হিলো নিবেদিতপ্রাণ কিছু বৃবক। আর বহু মুসলিম জনপদে বিশেষ করে তায়েকের প্রতিটি পরিবারে আফগান জিহাদের বিষয়টি হিলো তাদের নৈশআপোচনার একমাত্র বিষয়। আফগান ভূমিতে যে সকল লোমহর্ষক ঘটনা ঘটত সেশব জিহাদী আলোচনাই তাদের রাতদিনের ব্যব্যতায় পরিণত হয়েছিল। তারা জানতো, বর্তমান পরিস্থিতিতে জিহাদ ফরবে আইন। জানমাল বায় করে জিহাদ করা প্রত্যক মুসলিমের উপর অবশ্যকর্তব্য। আর যে কোন ফরবে আইন পালনের জন্য মা-বাবার অনুমতির প্রয়োজন নেই।

আহমাদের প্রতিটি ভাই ছিলো সামাজিকভাবে প্রতিষ্ঠিত এবং দেশের বিভিন্ন ওক্তুপূর্ণ বিভাগে কর্মরত। একবার তার বড় ভাই আফগানিশ্রুনে এসেছিলেন, উত্ত পরিস্থিতিতে তার করণীর কী, আর বাশ্তুবে তিনি কী ভূমিকা পালন করতে পারবেন, সে বিষয়ে ধারণা নেয়ার জন্য। সেই সুবাদে আমার তাঁবুতেও এসেছিলেন বড় ভাইয়ের সঙ্গে। আহমাদের সঙ্গে সেদিনই আমার প্রথম সাক্ষাত। মৃদ্হাস্যোজ্ঞল চেহারার উঠিত বয়নী টগবণে তরুণ। প্রথম দেখাতেই আমার মনে হলো, ভবিষাতে সে হবে আপ্রাহর পথের মহান মুজাহিদ। আফগান রণাঙ্গনের সিংহ।

তার বড় ভাই জানতে চাইল, আফগান জিহাদে লরীক হওয়ার শর্মী বিধান কী? আমি বললাম, ফর্মে আইন। যা পালনের জন্য মা-বাবার অনুমতিরও প্রয়োজন নেই। ব্যস্ আর কিছু জিজ্ঞাসা না করে তিনি রওয়ানা হলেন। মনে মনে সংকল্প করলেন দেশে ফিরে চাকুরী থেকে ইস্তেফা দিয়ে দিবেন। এরপর স্বটুকু সময় জিহাদের জন্য ব্যয় করবেন।

রমযান বিদায় নিলো। সময়ের কাঁটা বহুদুর অতিক্রম করন। দীর্ঘদিন পর জীবনে দ্বিতীয়বার যখন তার দেখা পেলাম, সেই 'দেখার কথা'গুলোই এখন আমি বলবো।

শাহাদাতের তামান্নায় বিভাব, হরে আয়নার প্রেমে পাগল এই যুবকটি বজন ও বদেশের মায়া ত্যাগ করে ছুটে এদেছে জিহাদের ময়দানে। তবে চেহারায় (সেই পরিচিত) মৃদু হাসি এবং বভাব রসিকতার ছাপ এখনো বিদ্যমান। আর তার মত সরল সোজা, উচ্চ হিম্মত ও মনোবলের অধিকারী যুবকের জন্য তা দোষের কিছু নয়। কারণ তার বভাব চরিত্র এবং ফদয়াত্যা এমনই বচ্ছ ছিল যে লৌকিকতা বাকচতুরতা কী জিনিস, সে যেন তা জানতই না। এহলো আহমাদের সংক্ষিত্ত পরিচয় এবং এটাই তার ব্যক্তিতৃ পঠনের মৃদ্য উপাদান। আমি তার প্রশংসার অভিরক্তন করিনি, তাকে আমি এভাবেই চিনি, প্রকৃত অবস্থা আল্লাহই অধিক অবগত।

তো জামি অঞ্চলের অধিবাসির জন্য শীতকাল কতটা কষ্টকর যারা সেখানে জীবনে একবার গিয়েছে তারা হাড়ে হাড়েই টের পেয়েছে। সেখানকার ভাপমাত্রা কমতে কমতে o.২ ডিগ্রিতে গিয়ে পৌছে। আমি দেখেছি সেখানে গরম পানি দিয়ে মুখ ধুলেও সংগে সংগে তা চেহারার জমাট বেঁধে যায় এবং দাড়িতলো বরফ হয়ে যায়। তবে কোন কোন মরদে মুজাহিদ এমন পরিস্থিতিতে থৈর্য সহকারে থাকতে পারেন। আমি ভাদের মাঝে প্রায় দশ দিন অবস্থান করেছিলাম। তাদের পাহাড়সম ধৈর্য ও অবিচলতা দেখে আমার ইর্বা হতো। আমি অবাক হয়ে দেখতাম, ভোরের সেই কনকনে শীত তারা কীভাবে সহ্য করছে। দ্বীপ্রহরের সূর্যতাপও হাত পা অবশ করে দিতে চায়। আরও মুধ্র হতাম তাদের কর্মোদ্যম দেখে। ফজর থেকে মাগরিব পর্যন্ত তাদের কোন অবসর নেই। এটাই তাদের প্রতিদিনের অভ্যাস। এই যুবকদলটি সবসময় মুজাহিদ শিবির থেকে প্রায় ৪১ কি.মি. দূরে পবর্ত-চূড়ায় অবস্থান করত। যা শত্রুদলের সবচেয়ে নিকটতম ঘাঁটি। মাত্র সারে তিন কি.মি'র ব্যবধানে কামিউনিস্টদের কেন্দ্রিয় ঘাঁটি। আমার পুবই আশংকা হত সমরশক্তিতে সমৃদ্ধ শত্রবাহিনী কখন জানি এই ক্ষুদ্র মূজাহিদ বাহিনীকে হোঁ মেরে নিয়ে যায়। ভয়ে আমার বুকটা তাদের জন্য সবসময় দৃরুদৃরু করতো। না জানি কখন শতুরা ভাদের উপর আকস্মাৎ

আক্রমণ করে তাদেরকে জীবন্ত ধরে নিয়ে যায়। আমি বার বার তাদেরকে অনুরোধ করতাম তারা যেন ফিরে গিয়ে মুসলিম শিবিরের আশে পাশে কোথাও ঘাঁটি নির্মাণ করে। কিন্তু তারা কোন মূল্যেই ঐ স্থান ছাড়তে রাজিনয়, এতে যত বড় কোরবানিই করতে হোক, তাতে তারা প্রস্তুত।

তাদের একজনকে জিজ্ঞাসা করদাম আছো শত্রু বাহিনী যদি ট্যাংক-কামান, চাদিবিমান এবং ক্ষেপণাত্র দিয়ে এক যোগে হামলা চালায় তখন ভোমরা কী করবে? এখান থেকে সরে পড়বে, নাকি বুকচিতিয়ে লড়াই করবে? সে মৃদু হেসে আমার দিকে তাকিরে বলন, ইনশাআল্লাহ, আমরাও পান্টা আক্রমণ করে তাদেরকে সিছু হঠতে বাধ্য করবো।

আমিও তাকে এক টুকরো হাসি উপহার দিশাম। আরেকজনকৈ জিজাসা করলাম, শত্রবাহিনী যদি একথোণে তোমাদের উপর চতুর্থী হামলা করে তখন তোমরা কী করবে? সে বলল, তাদের মোকাবেলায় প্রথমেতো আল্লাহ আছেন আসমানে। তারপর যমীনে আছে বাপের বেটা আব্দুল্লাহ। তাদের বিষয়ে আমার কোন পেরেশানি নেই, যদিও তারা রাতদিন একাকার করে প্রস্তুতি নিচ্ছে এবং নিজেদের এলাকার নিরাপত্তা সুসংহত করছে।

ত্তনুন, দেখতে যদিও আমরা অনভিজ্ঞ, বয়সে অপরিপক্ক, বিলাসপ্রিয় তরুণ দল, এখনও যাদের জীবনযুদ্ধে নামার সময় হয়নি, যুদ্ধের ঘণ্টার আওয়াজ কানে আসেনি। কিন্তু আমাদের হিম্মত ও মনোবল আকাশের উচ্চতায়।

কবি তো বলেছেন-

মন যদি হয় উচ্চাভিলাধী + লক্ষ্য পুরণে হাপিয়ে ওঠে সুঠামদেহী

ভাদের টার্গেট ছিলো, যে কোন মূল্যে কমিউনিস্টদের ঐ ঘাঁটিগুলা উড়িয়ে দেয়া এবং মূজাহিদদের মূল আল্ডানা কাবুলের পথের নিরাপতা নিচিত করা। ভাদের কর্মতহপরতা সদাক্রিয়াশীল, কারো অবদর যাপনের তেমন সুযোগ হয়ে ওঠে না। দেখলাম সাতজন বীর মূজাহিদ শত্রু শিবিরের ২শ' মিটার দ্রত্বে গিয়ে ভাবু স্থাপন করলো এবং শত্রুর গতিবিধি পর্যবেক্ষণ করতে লাগল। ভাদের সাহস ও অবিচলতা দেখে আমি হতবাক হয়ে গেলাম। অন্যরা ভাদের জন্য আল্লাহর কাছে রোনাজারি করতে থাকলো।

কবি কত চমৎকার বলেছেন--

এরা তো এমন যুবক মৃত্যুর ঘাটে
পাড়ি জযার বিসর্জন দিতে তুচ্ছ প্রাণ
গোলা-বারুদের ধোঁয়ায় যারা
খুঁজে পায় জান্নাতের সুঘাণ

এমনই ছিলো আহমাদের অবস্থা। সর্বদা সে মৃত্যুর প্রতিক্ষায় থাকতো, তার আশা ছিলো, যে কোন যুদ্ধে সে শহীদ হয়ে যাবে। তাই জায়ি অঞ্চল ছেড়ে অন্য জায়গা তালাশ করতে আগ্রহী হলো। সে মুখে যদিও বলতো এই হামলা তৎপরতা শেষে আমরা কানদাহার ফিরে যাবো, কিন্তু তার মন বলতো, আল্লাহ তো অন্য কিছু চান, তিনি চান আমাকে আপন সান্নিধ্যে নিয়ে যেতে, (ইনশাআল্লাহ) যেমনটা আমার সাধিরা আমার জন্য দোআ করে; আল্লাহ যেন আমাকে শাহাদাতের জন্য করুল করে নেন।

আহমাদ কোমল স্বরে কোরআন তেলাওয়াত করতো এবং আবেগভরা কঠে ইসলামী সঙ্গীত গাইতো। আহত সাধীদের কট্ট-ষদ্রণা লাম্ব করার জন্য সঙ্গীত গেয়ে তাদের প্রশান্তি দিতো। তায়েফের এক বিশিষ্ট দল তার পিছে নামাজ পড়তে খুবই আঘ্রহী ছিলো। শায়েশ্ব তামীম তার সুরের পাগল ছিলেন। তার পিছে নামাজ পড়তে অন্যরকম প্রশান্তি লাভ করতেন। আজানও দিতো বড় মধ্র সুরে, পরে জানতে পারলাম, তার নাকি ক্যাসেটও আছে, শহর বাজারে বিক্রি হয় আক্রমণের আগের দিন আমি মুজাহিদ বাহিনীর সঙ্গেই ছিলাম। তাদের সংগেই রাত যাপন করেছি, আহ্মাদের এক সঙ্গী বললো, জুমুজার রাতে পাহারার পুরো সময়টা আহ্মাদ তাহাজ্বদে কাটিয়েছে।

আবু ফায়সাল তার একটি ঘটনা ভনালো; এক মাস পূর্বে আহমাদের সংগে আমার দেখা হয়েছিলো। সে আমাকে একটি কোরআন শরীক দিয়ে বলল, এই যে। যখনই তেলাওয়াত করবে তখনই কিন্তু আমার জন্য দোআ করতে হবে, আল্লাহ যেন আমাকে শাহাদাত দান করেন।

আহমাদ এবং তার ভাই মুহামাদ গোটা তায়েকে দ্বীনের দাই হিসাবে পরিচিত ছিলো। জিহাদের ময়দানেও তারা তাদের দাওয়াতী মিশন চাল্ রেখেছিলো। ১৯ শে সাবান ছুমুআর দিন সকালে আহমাদ হাঁটছিলো। তখন সে কয়েকজন যুবককে গল্পগুজব, হাসি মশকরা করতে দেখল। ভাই দরদভরা কণ্ঠে তাদের বললো ভাই। বেশি বেশি আল্লাহর জিকির করো। আরেক দলকে বললো ভাই। আজ জুমুআর দিন, সুরা কাহ্ফ তেলাওয়াত করতে ভূলো না।

আহমাদ হয়তো বৃঝতে পারছিলো, আজই তার জীবনের শেষ দিন, তাই তার ভাই আবু হজায়ফাকে বিদায় জানিরে বললো, আকা আন্দাকে আনার সালাম বলো, খুব সম্ভব আজকেই আমি শাহাদাত বরণ করবো। যুদ্ধে যাওয়ার জন্য মুজাহিদ বাহিনী দলে দলে কাতার বেঁধে দাঁড়ালো। চোখে স্বার অপুঝরণা, প্রতিটি কোঁটার কী মর্মবেদনার প্রকাশ। হয়ত এটাই শেষ দেখা। বিদায়ের মুহুর্তগুলো কেন এমন তিক হয়' অপরদিকে কিছু তরুণ মুজাহিদ কেঁদে বুক ভাসায়; কমাধার তাদেরকে যুদ্ধে শরীক হওয়ার অনুমতি দেননি। কারণ এখনো তাদের প্রশিক্ষণ গ্রহণ সমাপ্ত হয়নি এবং যুদ্ধের কলাকৌশল আয়তে আসেনি। তারা একবার এর কাছে যায় আরেকবার ওর কাছে গিয়ে অনুরোধ করে বলে, ভাই আমাদের জন্য একট্ সুপারিশ করুন, কমাধার যেন যুদ্ধে যাওয়ার অনুমতি দেন।

পূর্ণ প্রস্তুত হয়ে বাহিনী অগ্রসর হলো জিহাদের ময়দানে। জুমআর দিন, সন্ধ্যা ছয়টায় দোআ কবুলের মৃহুর্তে মুজাহিদরা আক্রমণ করল। কলে শত্রু শিবিরে আগুন ধরে গোলো সবকিছু জ্বালিয়ে পুরিয়ে ছারখার করে দিছে। আমি সে দৃশ্য উপভোগ করতে লাগলাম। মুজাহিদরা গোলা বারুদ নিক্ষেপ করছে আর শত্রু ছাউনিতে আগুন ধরে যাচেছ এবং ভাদের ঘাঁটিগুলো একটা একটা করে পুড়ে ভন্ম হয়ে যাচেছ।

আহমাদ ছিলো সবার আগে। শতুদের নিকটতম ঘাঁটিতে। তারত্বাবধানে গোলা নিক্ষেপ করা হচ্ছে। সে তীক্ষ্ণ দৃষ্টিতে দেখছে কোখার কোখার গোলা পড়ছে। আবার মাঝে মাঝে বন্দুক তাক করে শত্রু কামানের উপর গোলা বর্ষণ করছে। (কিছুক্ষণ পর) সে আরো সামনে অগ্রসর হলো সচক্ষে আল্লাহর দুশমনদের গোড়া লাশ দেখে যাতে একটু আত্মপ্রশান্তি লাভ হয়।

সামনে গিয়েই সে আনন্দে চিৎকার করে বলে উঠলো সাবাশ সাবাশ । জুমআর দিন সূর্যান্তের সময় আহ্মাদের কোন সাড়াশন্দ নেই। (দূর থেকে) সবাই ভাকছে কিন্তু সে নীরব, ইয়াহইয়া নামে এক ভাই কাছে গিয়ে দেখে আহ্মাদ পড়ে আছে রক্তে রঞ্জিত দেহ, ধুশো মশিন চেহারা।

আমার চোধের সামনে উজ্জ্বরূপে ভাষর হয়ে উঠল নবীজীর এই চিরন্তন বাণী-

"চিরস্থের সৃসংবাদ ঐ বান্দার জন্য, আল্লাহর রাস্তার জিহাদের জন্য যে ঘোড়ার লাগাম হাতে সদা প্রস্তুত থাকে। চুল দাড়ি এলোমেলো, পা'দুটি ধূলোমলিন, (শক্র এলাকায় প্রবেশকালে) যদি সে বাহিনীর সামনে থাকে তাহলে নিরাপন্তা-বিধানে পূর্ণরূপে সচেষ্ট থাকে, (আর প্রত্যাবর্তনকালে) বাহিনীর পাতাতে থাকলে সামনে আসার চেষ্টা করে না (বরং পুরো বাহিনীর নিরাপন্তায় সজাগ থাকে)। আর সমাজে সে এতই সাদামাটা হয়ে থাকে বে, গুরুত্বীনতার কারণে কারো দরজায় অনুমতি চাইলে তাকে অনুমতি দেয়া হয় না এবং সৃফারিশ করলে তা গ্রহণ করা হয় না"

এভাবেই সিংহরাজ বিদায় নিলো, আমরা উপস্থিত মুজাহিদরা নিকটেই এক স্থান থেকে আইমাদের দেহ চোবে চোঝে রাথছিলায়। চতুর্দিকে ধবর ছড়িয়ে পড়লো; আইমাদ শাহাদাত বরণ করেছে। ভারেকী মুজাহিদগদ কান্রায় ভেকে পড়লো। কারণ শৈশব থেকে তার সংগে ভালের সম্পর্ক। এরপর সবাই আইমাদের শাহাদাত জানন্দ বিনিময় করলো। সবার একটাই ভামান্রা, আল্লাই যেন আমাকৈও শাহাদাত দান করেন এবং আইমাদ ও আমাদের সবার শাহাদাতকৈ মাকবৃল করেন। মুজাহিদ বাহিনী সমবেত হলো, রাতের অন্ধকারে তারা আইমাদের দেহ তুলে আনতে চাইলো, শতুরা ও এলাকায় বৃষ্টির মত গোলা বাক্লদ নিক্লেপ করে যাছে। কিম্ব তারা দাকন করার জন্য থে কোন মুল্যে ভার লাশ উদ্ধার করেই হাড়বে। আমরা উপস্থিতরা বললাম, এই মুহুর্তে কাজটা খুবই ঝুকিপ্র্ল, কারণ অন্ধকারে পথঘাট কিছুই দেখা যাছে না, তদুপরি যুদ্ধ ক্রমেই ভয়ংকর রূপ ধারন করছে, এছাড়াও সুন্নাত তো হলো শাহীদানকে আপন স্থানেই দাকন করা। যেমনটি যাদুল মা'আদ গ্রেছ এসেছে—

"শাহীদানকে আপনস্থানেই দাফন করা সুন্নাত, স্থানান্তর করা উচিৎ নয়, কারণ ছাহাবাদের এক জামাত শাহীদদের লাশ মদীনায় এনেছিলেন, তখন নবী (সা.) এর আদেশে ঘোষণা করা হলো, শহীদগণকে যেন যুদ্ধের ময়দানে আপনস্থানে ফিরিয়ে নেয়া হয়।"

রাতের অধানারে শত্রুর গোলা বারুদ উপেক্ষা করে কয়েকজন যুবক অতি গোপনে আহমাদের কাছে গিয়ে হাজির হলো। তারা দেখল, তার চেহারা চাঁদের মত উজ্জল। তার ভাই আবু হ্যায়ফা বললো, আমি তার দেহ থেকে সুঘাণ পেয়েছি। পাহারাদান কালে সে যে কৃঠিতে অবস্থান করতো সেখানে এবং আশে পাশে ভধু ঘাণ আর ঘাণ। (তার জন্য) কবর খনন করা হলো, আবু হ্যাইফা তাকে নিয়ে কবরের পাশে রাখলো এবং স্বাই মিলে তাকে দাফন করলো।

আহমাদ চিরদিনের জন্য আমাদের কে ছেড়ে রাকো কারীমের সান্নিধে চলে গোলো। সবার চোখে পানি, কিছু হৃদয় প্রশান্ত, আনন্দিত, কারণ তাদের ভাই শাহাদাত লাভে ধনা হয়েছে।

আহমাদ ছিলো হ্যরত মুহআব ইবনে উমাইর (রা.)এর জীবন্ত প্রতিচ্ছবি।
তার জীবনে সে কত ভোগবিলাসী ছিলো কত সৃথ সাচহন্দে আরাম আয়েশে
তার দিন তিন ফুরাতো। কিন্তু জিহাদী জীবনে এসে তার কত করপ
হালত। আবু হ্যায়ফা এবং যারা তার উত্তর জীবন দেখেছে হয়ত তাদের
স্মৃতিপটে ভেসে উঠেছিলো মুহুআব ইবনে উমাইয়ের হবি। তাই তারা
তাকে বিদায় জানিয়ে ছিলো তেমনই কিছু বাক্য বলে যেমন বলেছিলেন
নবী (সা.) মুহুআব ইবনে উমাইরকে উহদ প্রান্তরে—

"মঞ্চায় ভোমাকে দেখেছি, কত নরম কমল পোশাক পরতে। তোমার চুলগুলো ছিলো কড স্কর পরিপাটি। আর এখন তোমার কী অবস্থা। এলোমেলো চুল, মোটা চাদরে আবৃত ভোমার দেহ। ধন্য হে ভায়েফ ধন্য। তুমি হতে পেরেছো শহীদের জনাভূমি।

শোন- আহমাদের মা-বাবা, আত্মীয় বজন ধন্য তোমরা দোজাহানে, কেয়ামতের কঠিন মুহুর্তে সাক্ষ্য ও সুফারিশের স্নদ পেয়ে গেছো তোমরা।

আহ্মাদের শাহাদাতে পেয়েছো তোমরা দুনিয়ায় গৌরব মর্যাদা আর পরকালে পাবে চিরছায়ী দুখের ঠিকানা জাল্লাত (ইনশাজাল্লাহ)।

তনে রাখো আহ্মাদের সাত ভাই (তিলাল, ইয়াহইয়া, সাইদ, উমার, আঃ ওয়াহাব, মৃহাম্বাদ, বিনদার) আল্লাহর সিংহ আহ্মাদ তোমাদের সামনে শাহাদাদের পথ সুসম করে গিয়েছে। এখন তার অনুসরণ করা তোমাদের দায়িত।

শোন হে বন্ধুবাদ্ধবং তোমাদের আহ্মাদ জিহাদ করে শহীদ হলো, এখন তোমাদের ব্যাখ্যা-যুক্তির পথ বন্ধ, বসে থাকার কোন অবকাশ নেই। ওহে আহ্মাদের আত্মীয় বজনং কেন তোমরা পিছিয়ে থাকবে আল্লাহর রাজা থেকে, উভয় জাহানে এ পথের পথিকের যিম্মাদার তো আল্লাহ নিজে।

সব শেষে তোমার কাছে হে আল্লাহ একটাই প্রার্থনা ফিরদাউস জান্নাতে আমরা বেন আহমাদের দেখা পাই।

পরিবারের উদ্দেশ্যে আহ্মাদের একটি চিঠি

বিসমিল্লাহির রাহমানির রাহিম

শ্রেরে চাচা ও চাটি জান। প্রিয় স্থাই ও বোনেরা, আল্লাহ আপনাদেরকে
হবরে জামিল দান করুন এবং সবার কাফিল ও উত্তম রক্ষক হরে যান।
আপনাদের স্বাইকে আন্তরিক সালাম জানাই। এটাই পৃথিবীর নেবাম,
কেউ আমরা থাকতে আসিনি স্বাই চলে যাবো। তবে যারা আশ্লাহর
রাস্তায় জান কোরবান করবে, শহীদী মৃত্যুবরণ করবে, তাদের জন্য রয়েছে
বিশেষ প্রস্কার; দুনিয়া, আখিরাতে নিশ্চিত মর্যাদা ও সকলতা। শহীদী
মৃত্যু অল্লোহর কাছে অনেক দামি, যা তিনি তথু তার নির্বাচিত
বান্দাদেরকেই দিয়ে থাকেন। কোরআনের শ্রাষারেল

আর এভাবেই আমি মানুষের মাঝে তাদের (উথান শতনের দিনতলোকে পালাক্রমে অদল বদল করাতে থাকি....) এবং যাতে আল্লাহ প্রকৃত ইমানদারদেরকে জেনে লেন এবং তোমাদের মধ্য থেকে গ্রহণ করেন কিছু শহীদ।

পৃথিবীর বৃকে যে জাতিই অমর হয়েছে তার পিছনে রয়েছে এমন কিছু কালজয়ী মহান প্রশ্বের ত্যাগ ও কোরবানি যারা ন্বধর্মের অন্তিত্ব টিকিয়ে রাখার জন্য জীবন উৎসর্গ করেছেন এবং আপন জাতির মর্যাদা ও ইজ্জত আবক্র রক্ষার্থে জীবন বাজি রেখে লড়েছেন। পক্ষান্তরে যে ধর্মে জান মালের কোন নিরাপস্তা নেই, দুর্বল-অসহায়ের কোন ঠাই নেই, মা-বোনদের ইজ্জত আবক্র লৃষ্ঠিত হয়। না আছে মানবতা, না আছে কোন মূল্যবোধ সে জাতি বড় কপাল-পোড়া। কত জনপদ ইতিহাসের পাতায় অমর হয়েছে তথু মাত্র একজন বীরপুরুষেরের কারণে। পৃথিবীর মানুব আপনাদেরকে আহমাদ-পরিবার হিসেবে চিনবে। তার প্রশাংসা করতে গিয়ে আপনাদের আলোচনা করবে। মুসলিম উন্মাহ বছকাল গাফলতের গভীর ঘুমে নিমজ্জিত ছিলো, (কলে তারা এখন শক্রর চড়ুমুখী আ্লাসনের লিকার) এখন অন্ত্র তর্বারি ধারন ছাড়া কোন গতি নেই। জীবন বাজি রেখে লড়ে যেতে হবে তাদের বিক্রদ্ধে। এজন্য প্রয়োজন আহমাদের মত বীরসেনা যুবকদের যাদের কারণে মৃতপ্রায় উন্মাহ নতুন জীবন ফিরে গাবে।

ইসলাম নামের বৃক্ষটিকে পরিচর্যা না করলে, বুকের ভাজা খুনে সিঞ্চিত না করলে যে ওকিয়ে (মারা) যাবে। যুগেযুগে বহু সিংহপুরুষ বুকের ভাজা রক্ত চেলে এ বৃক্ষকে সজীব রেখেছে এবং নিজেরা সফলকাম হয়েছে। কারণ শহীদী মৃত্যু হলো জান্নাত লাভের সবচেয়ে সহজ উপায়। আর জান্নাতে রয়েছে একশটি বিশেষ মর্যাদা, যা আপ্রাহ মুজাহিদদের জন্য প্রস্তুত করে রেখেছেন। আলেম উলামা, ফাতীহ, মুহাদিস মুফাচিছর সবাই একমত বে বর্তমান পরিস্থিতিতে জানমাল ব্যয় করে জিহাদ করা ফর্যে আইন। সন্তানের জন্য মা-বাবার, ঝণহাস্তের জন্য পাওনাদারের, স্বামীর জন্য স্ত্রীর অনুমতির প্রয়োজন নেই এবং শ্রীর জন্য স্বামীর অনুমতির প্রয়োজন নেই। যদিও শ্রী এবং নাবালেগের জন্য মাহরাম ছাড়া বের হওয়ার সুযোগও নেই।

বাইতৃশ মাকদিন শক্রদের দখলে, প্রতিনিয়ত ভারা মুসলিমদের ধনসম্পদ ছিনতাই করছে, ইজ্জত আবরু লুগুন করছে, মুসলিম ভূখওওলোতে আধিপত্য বিস্তার করে যাছেছ। আরাকান, আফগান, চেচনিয়া, বসনিয়া, কাশ্যির, ফিলিন্তিন এখন আর্তনাদ করে বগছে, ওহে মুসলিম যুবক ওথে

বাঘ্রশাবক, কোখায় তোমার সেই ঈমানী শক্তি, জিহাদী চেতনা, কোথার তোমার সেই ঈমানী শক্তি জিহাদি চেতনা, কোখায় সেই বীরত্ব সাহসিকতা, গায়রত, আজুমর্যাদা, কবে আমার মুক্তি মিলবে শব্রুর কবল থেকে। অভিশপ্ত ইত্দী নাসারার দখল থেকে। ওহে মুসলিম যুবক এখনো তুমি ঘরে বসে, প্রশান্ত মনে, অর্থচ তোমারই মা-বোন হিংল্ল হায়েনাদের কবলে। ওহে মুসলিম, তুমি এখনো আরাম আয়েশে, ভোগ বিলাসে, অথম মুসলিম নারীরা নির্যাতিত শব্রুর কারাগারে।

প্রিয় আহমাদ-পরিবার। আপনাদের আহমাদ তো এমন ছেলে যখন তার সমবয়সীরা খেল-ভামাসায় মন্ত, মটর সাইকেল-রেসে উন্মন্ত, বেহুদা কাজের প্রতিযোগিতায় লিগু, তখন সে জিহাদের জন্য কামান রাইফেলের প্রশিক্ষণে ব্যস্ত। সমবয়সীরা খখন আনন্দ ক্রমনে ছুটে যায় দেশ বিদেশে, উন্নত রাজধানীতে ঘুরে বেরায় পার্কে বন্দরে, প্রবৃত্তির ভাড়নায় উন্মন্ত হয়ে নানা পাপ কাজে জড়িয়ে পড়ে, তখন আহমাদের রাজদিন কাটে সীমান্ত পাহারায় পর্বতের চূড়ায় বসে। দ্রদিগস্তের সুরতি হাওয়ায় হয়্মাজা উজ্ঞার করে আল্লাহর রাস্তার মুজাহিদদের পাহারা দেয়, আর শাহাদাতের আকাঞ্চায় বিভোর হয়ে মুড়্য়র প্রহর গোনে।

ভারা যেখানে ছবি দেখতে দেখতে গান ওনতে ওনতে আরামের নিদ্রায় ভোর করে, সেখানে আহমাদের রাভ কাটে তাসবীহ তাহলীল দোআ এস্তেগকার আর তাহাজ্জুদের বিছানায়।

মানুষ মর্যাদা চায়, সম্মান চায় তাই দুনিয়ার পিছে ছুটে বেড়ায়। ধনীদের সক্ষে উঠাবসা করে, নেতাদের পিছে পিছে থাকে, কিন্তু আহ্মাদ মর্যাদা চেয়েছে দুনিয়া থেকে বিমুখ হয়ে, দুনিয়াকে পদপিষ্ঠ করে, ভাই সে পেয়েছে প্রকৃত মর্যাদা। ডার চিস্তায় ছিলো হাদিছে নববীর এই শিক্ষা–

"দুনিয়া থেকে বিমুখ হও আল্লাহর ভালোবাসা পাবে, মানুষ থেকে
নির্ম্থাপেকী হও মানুষের ভালোবাসা পাবে। (আর এটাই প্রকৃত মর্যাদা)
আপনাদেরকে বলার মতো বুকে জমে আছে অনেক কথা অনেক ব্যথা
অনেক ব্যাকুলতা, অনেক অছিরতা, তবে এখন আর কথা দীর্ঘ করতে
চাইনা, একটি কথা বলেই আমি শেষ করবো–

আমি আমার নিজের সন্তানদের জন্যও শাহাদাত কামনা করি, আল্লাহ যেন তাদের স্বাইকে শহীদানের কাতারে শামিল করে নেন। আপনাদের ভাগ্য দেখে আমার ঈর্ষা হয়, এক সন্তানেই আপনারা কামিয়াব, দুনিয়াতেও পাচ্ছেন ইচ্জত মর্যাদা, মানুষের স্তুতিবন্দনা আবার আধিরাতেও পাবেন তার শাফায়াত এবং প্রকৃত মর্যাদা (ইনশাল্লাহ)।

শেষে আপনাদেরকে একটি হাদীস স্মরণ করিয়ে দিতে চাই (বা হতে পারে আপনাদের কতবিকত হৃদয়ের বেদনার উপশ্বম।)

রাস্পুলাহ (সা.) শহীদের বিষয়ে বলেছেন, শহীদের জন্য আপন প্রতিপালকের কাছে রয়েছে সাতি মর্যাদা। (১) রক্তের প্রথম ফোঁটা বের হওয়ার সলে সঙ্গেই তাকে মাফ করে দেয়া হয়। (২) এবং জারাতে সে তার সিংহাসন দেখতে পায়। (৩) কবরের আযাব থেকে রক্ষা করা হয় (৪) কেয়ামতের দিন মহাবিপদ থেকে নিরাপদ থাকবে। (৫) ইয়াকুত পাথরের তৈরী মহাসম্মানের তাজ পরবে, যার একটি হিরার মূল্য দ্নিয়া ও ডার সকল সম্পদের চেয়ে হাজারো তথ বেশী। (৬) বাহাস্তর্জন জায়াতী হরের সংলে তাকে বিবাহ দেয়া হবে। (৭) নিজ বংশের সত্রজনের জন্য ভার সুপারিশ কবুল করা হবে।

ইনশাআল্লাহ আমরা সবাই এ পথের যাত্রী হবো। আল্লাহ যেন আমাদের সবাইকে খাতেমা বিল খাইর দান করেন।

ইতি

আব্বুৱাহ আয়থাম

উত্তরপত্র

আহ্মাদের পিতার পক্ষ থেকে ড. আব্দুল্লাহ আযযাম এর কাছে বিসমিল্লাহির রাহ্মানির রহিম

আমার দ্বীনী ভাই মৃজাহিদ আব্দুল্লাহ আযথাম। আস্সালামু আলাইকুম ওয়ারাহ্মাতুল্লাহ ওয়াবারাকাতৃহ

আপনার চিঠি পেয়েছি, জানতে পারদাম আমার পুত্র আহমাদ শাহাদত বরণ করেছে (ইন্লালিল্লাহি ওয়া ইন্লা ইলাইহি রাজিয়ুন) আলহামদুলিল্লাহ (আল্লাহর ফায়দালায়) আমি সম্ভট।

আপ্লাহ আপনাকে আয়ার এবং সকল মুসলিমের পক্ষ থেকে উত্তম বিনিময় দান করুন। মুসলিম উন্দাহর পুনঃজাগরপ এবং পরাধিনতার নিম্মভূমি থেকে উত্তরণের জন্য আপনি যে জিহাদী তৎপরতা চালাচ্ছেন আল্লাহ যেন তা কামিয়াব করেন এবং মুবারক করেন।

আমার দ্বীনী ভাই। দীর্ঘ ৪৮ বছর বাবত আমি সামরিক বিভাগে কর্মরত, সেই সুবাদে বিভিন্ন যুদ্ধে শরীক হওয়ার সুযোগ আমার হয়েছে।

বহিঃ রাষ্টের সংগে কোন কোন যুদ্ধে যদিও আমাদের বীরত্বের ইতিহাস রয়েছে কিন্তু তা ছিলো একেব্যরেই দুর্লভ বিচ্ছিন্ন দু'একটি ঘটনা মাত্র।

আর আফগান জিহাদের পুরোটাই মুসলিম যুবকদের বীরত্বে গাঁথা ইতিহাস, এ মহা বরকতপূর্ণ জিহাদ আর এ সমস্ত যুদ্ধ বিমহ কখনো এক হতে পারে? না। নিখাদ স্বর্ণ মুদ্রা আর খাদযুক্ত ভেজাল মুদ্রা কী এক হতে পারে? কখনো না। কোন ব্যাখ্যা বিশেকষণ ছাড়াই জিহাদের গল্ডব্য সুস্পাষ্ট, সোজা জান্নাত। লক্ষ্য উদ্দেশ্যও পরিষ্কার, আল্লাহর কালিমা বুলন্দ করা। জীবনের কোন ফাঁকে হয়ত আপনিও কোন যুদ্ধবিগ্রহে স্বরীক হয়ে দেখেছেন। আল্লাহ যেন এই জিহাদকে সমস্ত কল্যাগের উৎস বানিয়ে দেন, এখন তো ইহুদী খৃষ্টানরা জিহাদের বিপক্ষে নানা অপব্যাখ্যা ও অপপ্রচার চালিয়ে যাচেছ। ফলে অসংখ্য ধর্মপ্রাণ মুসলমান তা সত্য মনে করে জিহাদ থেকে দ্রে থাকছে, অথচ তারা জিহাদকে বিশাস করে, কোরআনকে জীবনবিধান হিসাবে মানে। যারা আল্লাহর রাভায় জিহাদ করে তারাই তো

প্রকৃত সৌভাগ্যবান, জিহাদই সর্বোৎকৃষ্ট লাভজনক ব্যবসা, দুনিয়া আখিরাতের ইজ্জত মর্যাদা আত্মার প্রশান্তি, আস্থা ও বিশ্বাস বৃদ্ধিকারী এবং ইসলামের সর্বোচ্চ গৌরবের বিষয়।

আল্লাহ পাক বলেন-

যে ব্যক্তি ভাকওয়া অবলমন করবে এবং ধৈর্য ধারণ করবে (তার জন্য রয়েছে পূর্ণ প্রতিদান) কারণ আল্লাহ তায়ালা নেককারদের প্রতিদান নষ্ট করেন না। সবশেষে আপনাকে এবং নিজেকে তাকওয়ার ওছিয়ত করছি। আসসালামুআলাইকুম।

> ইতি আহ্মাদের পিতা আব্দুল্লাহ বিন ইয়াহইয়াহ আযযাহরানী

শহীদ পরিবারের উদ্দেশ্যে আমীরের পত্র

হে মা, কলিজার টুকরা সম্ভানকে হারিয়ে নিশ্চয়ই আপনি সীমাহীন বেদনাহত, শোকের সাগরে নিমজ্জিত। তবে আপনার এই সন্তান যেহেতু আল্লাহর রাস্তায় উৎসর্গ হয়েছেন তাই আপনার আফসোস করার কোন কারণ নেই। বরং নিজেকে আপনি গর্বিত ও সৌভাগ্যবান মা ভাবতে পারেন। কারণ এই সন্তান নিজেতো জান্নাতী হবেই ইনশাআল্লাহ, সঙ্গে আরো সন্তরজনকে জান্নাতে নিয়ে যাবে। আপনি শুধু দুআ করুন, যাতে আল্লাহ ভার শাহাদাতকে করুল ও মাকবুল করেন।

শহীদের ভাই ও বোনেরা, ভাইয়ের শোক ভূকে এখন তোমরা মাথা উচু করে দাঁড়াও। হা-হতাশের কান্না বন্ধ করে প্রাণ্ডি ও তৃত্তির আনন্দে, সুখ ও সৌভাগ্যের অনুভূতিতে আপ্রত হও।

শহীদের সম্মানিত পিতা- ধন্য আপনি, ধন্য আপনার পরিবারের প্রতিটি সদস্য। আপনারা তাকে আল্লাহ্র রাস্তার নির্তীক এক সিংহ-সৈনিক হিসাবে গড়ে তুলেছেন। আমরা তার মুখেই তনেছি আপনাদের কথা।

সূতরাং নিজের শোককে শক্তিতে পরিণত করুন, দুঃখ-হাতনাকে সাহস-উদীপনারূপে গ্রহণ করুন। আর মহান আল্লাহ যে পরম সৌভাগ্য আপনাকে

দান করেছেন তার শোকর হিসাবে অন্য সন্তানদেরকেও আল্লাহর রাস্তায় প্রেরণ করুন। কোন সন্দেহ নেই, আপনার শহীদ পুত্র আল্লাহর অতি প্রিয় পাত্র। এ জন্য আমাদের অনেক পরে আসা সত্ত্বেও আল্লাহ তাকে আমাদের আগেই নিজের কাছে ডেকে নিপেন।

হে আল্লাহ। আপনি আমাদেরকে সুখমর জীবন দান করুন শহীদী মৃত্যু নছীব করুন। আপনার হাবীবের এতীম উন্মতের দলভূক্ত করে পুনরুখিত করুন। আমীন।

আমরা ক্ষুদ্র একটি অভিযান শেষ করে আমাদের স্থায়ী ক্যাস্প জাজী পর্বতে ফিরে আসলাম। সেদিন ছিল ৩০ই রমযান। আজকের রাতটা হল চাঁদরাত। আর আগামীকাল হল ঈদের দিন। এদিকে শক্রপক্ষ মরণপশ লড়াই চালিয়ে। খাচেছ আমাদের কেন্দ্র দখল করার জন্য। আর দখল সম্ভব না হলে ওঁড়িয়ে দেয়ার জন্য : আর মুজাহিদ বাহিনী মাথায় কাফন কেঁধে ঝাঁপিয়ে পড়েছে, যে কোন মৃল্যে নিজেদের প্রধান ঘাঁটি রক্ষা করার জন্য। যখনই শত্রুপক্ষ এপিয়ে আসার চেষ্টা করছে সঙ্গে সঙ্গে মুজাহিদরা কায়ার করছে। তারা পিছু হটে পুনরায় ট্যাংক-কামান নিয়ে হামলা চালাচেছ। মুজাহিদ জোয়ানরাও রকেট লাঞ্চার ও ক্ষেপণাত্র দিয়ে তাদের ঘারেল করছে। এক পর্যায়ে শক্রবাহিনী রণাঙ্গন থেকে সটকে পড়লো। তখনও মুজাহিদরা সতর্কাবস্থান ত্যাগ করন না। এবার শক্ররা বিভিন্ন ইউনিটে ভাগ হয়ে গেল। একদল ট্যাংক, আরেকদল কামান, আরেক ইউনিট জঙ্গিবিমান, এভাবে চতুর্দিক খেকে একযোগে সর্বশক্তি নিযুক্ত করে আক্রমণ ওরু করল ভূমুল যুদ্ধ চলছে। কাফেরদের লাশের সারি পড়ে যাচ্ছে। আকাশে সামরিক হেলিকন্টার চক্কর দিচ্ছে তাদের লাশগুলো সরিয়ে নেয়ার জন্য। মুজাহিদরা দ্রবীশের সাহায্যে উপভোগ করছে তাদের এই করুণ দৃশ্য। নীল চোখের লাল লাল রাশিয়ান চেহারাগুলো মুখ থুবড়ে পড়ে আছে এখানে সেখানে। তাদের লাশ উদ্ধার করতে এসে পুটিয়ে পড়ছে আরো কিছু ফিন্দা জিসিম, মুরদা দিল কাফির :

যুদ্ধের এই পরিস্থিতিতে রাত যখন আঁধারের পর্দা বিস্তার করল তখন হাই কমাগুর নির্দেশ দিলেন, এখন সবাই বিশ্রামে চলে যান। আগামীকাল সকলে আমরা আবার তরু করব নতুন উদ্যুশ্মে। তখন বিমান বিধ্বংসী কামান-বাহিনির প্রধান সাইফুল্লাহ বলে উঠলো, আমরা এখান থেকে কিছুতেই সরবো না, যতক্ষণ না যুদ্ধ শেষ হবে, অথবা শাহাদাত হাছিল হবে। শক্রপক্ষ যদি

অগ্রসর হতে চায় আমাদের রক্ত সাগর পাড়ি দিয়ে তবেই তাদের আগে বাড়তে হবে। কমাপ্তার বললেন, আমার নির্দেশ অ্যান্য করার কারণে যদি অপ্রত্যাশিত কিছু ঘটে তাহলে মনে রেখ, কেয়ামতের দিন আমি সম্পূর্ণ দায়মুক্ত থাকব।

তখন শুধু নির্দেশ লংঘনের ভয়ে সে ময়দান থেকে চলে আসল ; তবে পরদিন সকালে ফরজ পড়েই বাহিনীসহ ময়দানে চলে গেল। ভাদের বাহিনীতে আলী এং হুসাইন নামের দুই বন্ধুও ছিল। তারা দু'জনই আল্লাহর ওয়ান্তে একে অপরকে মুহাক্ষত করত।

ফজরের পর আমি বিশ্রাম করছিলাম। তাঁবুতে আমার সঙ্গে শায়েখ তামীম আদনানীও ছিল . হঠাৎ জঙ্গি বিমানের বিকট শব্দ শুনতে পেলাম। সেই সাথে বিমান বিধ্বংসী কামানের গোলার আওয়াজও পোনা যাছে। পাহারায় নিযুক্ত সাথীরা চিংকার করে বলতে লাগল, আপনারা তাঁবু ছেড়ে দ্রুক্ত নিরাপদ স্থানে আশ্রয় নিন। বাইরে বের হয়ে দেখলাম, কালো ধোয়ায় আকাশ ছেয়ে গেছে। গদ্ধ ওঁকে মনে হছেে বিমান থেকে বোমার সঙ্গে বিষাক্ত গ্যাসও ছোঁড়া হয়েছে। পরিস্থিতি সামলে আমরা বসে পড়লাম রেডিওর সামনে, বেতারে তখন যুদ্ধের সংবাদ সরাসরি সম্প্রচার হছিল। ইতিমধ্যেই একটি অসমর্থিত সূত্র থেকে ঘোষণা করা হল, তিনজন আরব যোদ্ধা শহীদ হয়েছেন। কিছুক্ষণ পর আমাদের প্রতিনিধি সংবাদের সত্যতা নিশ্বিত করে পুনঃপ্রচার করল-আমাদের তিন আরব বন্ধু আলী, ছুসাইন এবং নুকুল হক কিছুক্ষণ পূর্বে শাহাদাত লাভ করে আল্লাহর দরবারে চলে গেছেন।

এই যুদ্ধে যে তিনজন শহীদ হলেন তাদের প্রত্যেকেই শাহাদাতের জন্য সদা ব্যাকুল হয়ে থাকতেন। এক মুহূর্তের জন্য রণাঙ্গনের বাইরে যেতেন না শহীদ আলীকে তো কতবার বলতে শুনেছি, আহ! এই অভিযানে আল্লাহ যদি আমাকে শাহাদাত নহীব করতেন।

আর হুসাইন- সে তো ছিল আলীর ঘনিষ্ঠ বৃদ্ধ: দুজন সবসময় একসলে থাকতো। ছায়ার মত একে অপরের সঙ্গী হয়ে থাকত।

স্থাইন বয়সে ছোট ছিল। সে তারুগ্য-উচ্চল টগবগে যুবক ছিল। তার কণ্ঠ ছিল অবিশ্বাস্য মধুর। তেলাওয়াত গুনলে মনে হত, এ যেন হযরত দাউদ আ,-এর কাছ থেকে পাওয়া কণ্ঠশর।

তার অন্যতম গুরুদায়িত্ব ছিল, মৃজাহিদদের অস্ত্রণন্ত্র মেদামত করা এবং তেল প্রয়োগের মাধ্যমে শাণিত রাখা। এ কারণেই তার কাপড়-চোপড়ে প্রায়ই তেল-মোবিলের দাগ লেগে থাকত। কী শীত, কী গধ্ম, রাতদিন চবিবশ ঘণ্টা ক্ষা-পিপাসা উপেক্ষা করে নিজের দায়িত্ব পালনে আত্যনিমগ্ন হয়ে থাকত। আলী এবং হুসাইন- যাদের জীবনের দীর্ঘ সময় কেটেছে একসঙ্গে- তাদের জীবনের প্রাপ্তিময় ও ভৃপ্তিময় সমাপ্তিও ঘটল একসঙ্গে। একইসঙ্গে দুজনের শাহাদাতের মাধ্যমে। এমনকি দুজনের স্থায়ী ঠিকানাও হল এক কবরে। তাদের এই অবস্থা আমাকে মনে করিয়ে দিল স্বয়ং নবী সাক্সাক্সান্থ ওলাইহি ওয়াসাক্সামের সেই বাণী-

ادفنوا المتحابين في قير واحد

হযরত জাবের রা.-এর বাবা আব্দুল্লাহ ইবনে হারাম এবং হযরত আমর ইবনুল জামুহ যখন উহদ যুদ্ধে একসঙ্গে শাহাদাত বরণ করলেন তখন তাদের দুজন সম্পর্কে নবীজী বললেন- "আল্লাহর ওয়ান্তে মুহাকতকারী দুই বন্ধুকে এক কবরেই দাফন করো।"

